পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ
৬৩, নেতাজী সুভাষ রোড, জেশপ বিল্ডিং,
কলকাতা - ৭০০ ০০১

সত্যমেব জয়তে

মন্ত্রী,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ,
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ,
ই.এস.আই. ও জৈব প্রযুক্তি বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার

ডা: সূর্য্যকান্ত মিশ্র

স্মারক নং : ৩৪০৩/পি.এন/ও/ ১/৪এ- ১/০৬

তারিখ : ২৯.৭.২০০৯

প্রেরক:
ডা: সূর্য্যকান্ত মিশ্র

প্রাপক:
প্রধান,

....**গ্রাম পঞ্চায়েত,**

ব্লক: ....

জেলা: ....

বিষয়: গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

মহাশয়/মহাশয়া,

মানুষের সবচেয়ে কাছের প্রতিষ্ঠান হিসাবে স্থানীয় এলাকার অর্থনৈতিক উন্নয়ন ও সামাজিক ন্যায়প্রতিষ্ঠার লক্ষ্যে বিপুল দায়িত্ব আপনার গ্রাম পঞ্চায়েতকে পালন করতে হয়। দীর্ঘদিন ধরে ধারাবাহিকভাবে এই দায়িত্ব পশ্চিমবঙ্গের সমস্ত গ্রাম পঞ্চায়েতের মতো আপনার গ্রাম পঞ্চায়েতও পালন করে এসেছে। এর ফলে সাধারণ মানুষ (বিশেষ করে দরিদ্রতম বা পিছিয়ে পড়া শ্রেণীর মানুষ) আস্তে আস্তে আরও বেশী করে তাঁদের চাহিদা ও প্রয়োজন পঞ্চায়েতের কাছে তুলে ধরার মধ্য দিয়ে পঞ্চায়েতমুখী হয়েছেন ও হচ্ছেন। এই চাহিদা ও প্রয়োজনগুলি দ্রুত মেটানোর মধ্য দিয়ে আপনার পঞ্চায়েতও অন্য সকলের মতো ক্রমশ: আরও বেশী করে জনমুখী পঞ্চায়েতে পরিণত হচ্ছে।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

গ্রাম পঞ্চায়েতের শক্তিশালী জনমুখী প্রতিষ্ঠান হয়ে ওঠার এই প্রক্রিয়ায় আমরা কতটা এগোতে পারলাম তা বোঝার একটি অন্যতম প্রধান উপায় হলো স্বমূল্যায়ন। তিন বছর আগে এটি প্রথম শুরু হয় এবং গত তিনবারে বিষয়টির তাৎপর্য উপলব্ধি করে গ্রাম পঞ্চায়েতগুলি প্রক্রিয়াটি সম্পূর্ণ করেছিলেন। তার জন্য গ্রাম পঞ্চায়েতগুলিকে অভিনন্দন জানাই। জেলা ও ব্লকস্তরের যে সমস্ত জনপ্রতিনিধি ও আধিকারিক এই প্রক্রিয়াটির তাৎপর্য গ্রাম পঞ্চায়েতগুলিকে বোঝাতে সাহায্য করেছেন অভিনন্দন জানাই তাঁদেরকেও। সকলের সম্মিলিত প্রচেষ্টায় রাজ্যের গ্রাম পঞ্চায়েতগুলি (দার্জিলিং পার্বত্য এলাকা ব্যতিরেকে) এই প্রক্রিয়াটির মধ্যে দিয়ে গিয়ে নিজেদের শক্তি-দুর্বলতা চিহ্নিত করেছিলেন ও সেই সংক্রান্ত নম্বরগুলি আমাদেরকে জানিয়েছিলেন।

গত তিন বছরের মতো এবছরও গ্রাম পঞ্চায়েতের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলিকে একত্র করে এই স্বমূল্যায়ন প্রতিবেদনের মধ্যে রাখার চেষ্টা করা হয়েছে। বিভিন্ন বিষয়ে যে প্রশ্নগুলি আছে বাস্তব তথ্যের ভিত্তিতে সেগুলির উত্তর লিখবেন। সেই উত্তর অনুযায়ী ঐ প্রশ্নে নিজেকে নম্বর দিতে হবে। কিভাবে নম্বর দেবেন তা বলা আছে প্রত্যেক প্রশ্নের 'নির্ধারিত নম্বরের ধরণ'-এ। এছাড়াও প্রতিটি প্রশ্নের উপর প্রয়োজনীয় ব্যাখ্যা প্রতিবেদনের ৮০-৯৫ পাতায় দেওয়া আছে। উত্তর দেওয়ার আগে সেগুলি দেখে নিতে অনুরোধ করছি। এইভাবে নম্বর দিয়ে মূল্যায়ন করলে আপনি ও আপনার সহকর্মীরা নিজেরাই বুঝতে পারবেন সবচেয়ে ভালো অবস্থায় (সর্বোচ্চ নম্বর) পৌঁছতে এখনো কী কী ঘাটতি আছে। এই ঘাটতিগুলির কারণ খুঁজে বের করার জন্য প্রত্যেকটি প্রশ্নের সাথে 'ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ' বলে একটি কলম যোগ করা আছে। ভাল নম্বর কোনটিকে ধরা হবে তা আমরা ঠিক করে দিচ্ছি না। গ্রাম পঞ্চায়েত নিজেই ঠিক করবেন কোনটি ভাল নম্বর (সর্বোচ্চ নম্বরটিকেই ভাল নম্বর হিসাবে ধরা যেতে পারে)। একেকটি প্রশ্নে এই ভাল নম্বর এক এক রকম হতেই পারে। কোনো প্রশ্নে গ্রাম পঞ্চায়েত যে নম্বরটিকে ভাল নম্বর হিসাবে চিহ্নিত করেছেন সেই নম্বরের থেকে কম নম্বর পেলে তখন ঐ ভাল নম্বর না পাওয়ার কারণ চিহ্নিত করতে হবে। এই কারণ একটিও হতে পারে বা একাধিকও হতে পারে। প্রত্যেকটি প্রশ্নের সাথে অনেকগুলি সম্ভাব্য কারণের তালিকা দেওয়া আছে। তার মধ্যে যেটি বা যেগুলি এই গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে প্রযোজ্য সেটির বা সেগুলির বাঁদিকের ক্রমিক সংখ্যাটিকে গোল করে চিহ্নিত করতে হবে। যে কারণগুলি উল্লেখ করা আছে তার বাইরের কোনো কারণ হলে সেটিকে অন্যান্য কারণের স্থানে লিখতে হবে। এই প্রক্রিয়াটির মধ্যে দিয়ে গেলে বিভিন্ন বিষয়ে দুর্বলতার কারণগুলি চোখের সামনে পরিষ্কারভাবে ফুটে উঠবে। দুর্বলতার নির্দিষ্ট কারণগুলি চোখের সামনে থাকলে তবেই আগামী দিনে পঞ্চায়েতের পক্ষে সেগুলিকে কাটিয়ে উঠে পঞ্চায়েত ব্যবস্থাকে আরও সক্রিয়, শক্তিশালী ও জনমুখী করে তোলা সম্ভব হবে। এছাড়া এই প্রতিবেদনে যে সমস্ত তথ্য আছে তা অন্য পারিপার্শ্বিক অবস্থার সাথে মিলিয়ে বিশ্লেষণ করা প্রয়োজন। সেইজন্য 'এক নজরে গ্রাম পঞ্চায়েত' শীর্ষক একটি ফর্ম রাখা হয়েছে ২-৩ নম্বর পাতায়। এটি পূরণ করার অনুরোধ রাখি।

এইভাবে সবকটি প্রশ্নের মূল্যায়ন করলে বেশ কিছু ভাল বা শক্তির দিক যেমন বেরিয়ে আসবে তেমন কারণ সহ দুর্বলতার দিকগুলিও চিহ্নিত হবে। এই শক্তির দিকগুলি থেকে উৎসাহিত হয়ে আপনারা ভবিষ্যতে দুর্বলতাগুলি কাটিয়ে ওঠার চেষ্টা করতে পারবেন। সেজন্যই এই মূল্যায়ন – যা একমাত্র আপনি তথা আপনার গ্রাম পঞ্চায়েতই করতে পারেন শক্তি-দুর্বলতা চিহ্নিত করে নিজেকে উন্নত করার এই প্রক্রিয়ায় সামিল হয়ে – তাই স্বমূল্যায়ন। এই মূল্যায়নের মাধ্যমে যে সামগ্রিক তথ্যভিত্তি তৈরী হবে তা আগামী দিনে আপনার গ্রাম পঞ্চায়েতকে সর্বাঙ্গসুন্দর করে গড়ে তোলার লক্ষ্যে ভবিষ্যৎ পরিকল্পনা করার হাতিয়ার হিসাবে কাজ করবে। এছাড়াও এই প্রতিবেদনটি থেকে আপনার গ্রাম পঞ্চায়েতের দুর্বলতার যে কারণগুলি বেরিয়ে আসবে, আমাদের তরফ থেকেও সেগুলি দূর করার জন্য উদ্যোগ নেওয়া যেতে পারে। বাস্তব অবস্থার সঠিক চিত্র পেলে তবেই ঘাটতিগুলি বোঝা যাবে তাই এই কাজটি সতর্কতা ও সততার সঙ্গে করা হবে বলে আশা করি। গত বছর অধিকাংশ গ্রাম পঞ্চায়েতই প্রকৃত অবস্থার পরিপ্রেক্ষিতে নিজেদের মূল্যায়ন করেছিলেন। আশা করি এই ধারাবাহিকতা এবারও বজায় থাকবে এবং খুব অল্প সংখ্যক গ্রাম পঞ্চায়েত যাঁরা গতবছর নিজেদেরকে একটু বেশী নম্বর দিয়েছিলেন তাঁরাও এবারে সুন্দরভাবে এই মূল্যায়নটি করবেন।

এই প্রতিবেদনটির বিভিন্ন বিষয় ২০০৮-০৯ আর্থিক বছরের কাজের ভিত্তিতে ৩১শে মার্চ, ২০০৯ তারিখে (কোনো প্রশ্নে অন্য কোনো তারিখের উল্লেখ না থাকলে) গ্রাম পঞ্চায়েতের অবস্থান ধরে পূরণ করতে হবে।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

এই স্বমূল্যায়ন প্রতিবেদনের প্রতিটি প্রশ্ন কোন উপ-সমিতির এক্তিয়ারভুক্ত তা উল্লেখ করা আছে প্রত্যেক পাতার শেষ লাইনে। এগুলিকে একত্রিত করে সমগ্র প্রতিবেদনে এক-একটি উপ-সমিতির এক্তিয়ারে মোট যে যে প্রশ্নগুলি আছে তা উল্লেখ করা আছে ৭৭ পাতায়। প্রতিটি উপ-সমিতি তার সভায় ঐ উপ-সমিতির এক্তিয়ারভুক্ত প্রশ্নগুলি নিয়ে আলোচনা করে স্বমূল্যায়ন প্রতিবেদনে উত্তর ও নম্বর দেবেন এবং ভাল নম্বর না পেলে তার কারণ উল্লেখ করবেন। তারপর পাঁচটি উপ-সমিতির দেওয়া উত্তর ও নম্বর এবং উল্লেখ করা কারণগুলিকে একত্রিত করে তার উপরে গ্রাম পঞ্চায়েতের বর্ধিত সাধারণ সভায় (সমস্ত গ্রাম পঞ্চায়েত সদস্য, কর্মচারী, গ্রাম উন্নয়ন সমিতির প্রতিনিধি, গ্রাম শিক্ষা কমিটির প্রতিনিধি, শিশু শিক্ষা কেন্দ্রের প্রতিনিধি, অঙ্গনওয়াড়ী কেন্দ্রের প্রতিনিধি, উপ-স্বাস্থ্য কেন্দ্রের প্রতিনিধি এবং গ্রাম পঞ্চায়েত স্তরের অন্যান্য বিভাগীয় দপ্তরের প্রতিনিধিদের উপস্থিতিতে) সকলে মিলে আলোচনা করে এবং প্রয়োজনে সংশোধন করে চূড়ান্ত স্বমূল্যায়ন প্রতিবেদন তৈরি করবেন। পাঁচটি উপ-সমিতির সভায় ও বর্ধিত সাধারণ সভায় আলোচনা করে স্বমূল্যায়ন প্রতিবেদন পূরণ করা হয়েছে এই মর্মে প্রতিটি উপ-সমিতির সঞ্চালককে ও প্রধানকে ৭৭ পাতার ফর্মে শংসাপত্র দিতে হবে সভার তারিখ সহ।

প্রতিবেদনটি দুটি কপিতে পূরণ করবেন এবং একটি নিজেদের কাছে রেখে অন্যটি **৩০শে অক্টোবরের মধ্যে** সমষ্টি উন্নয়ন আধিকারিকের কাছে জমা দেবেন।

প্রতিবেদনটি দুটি ভাগে রাখা হয়েছে – (ক) নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা এবং (খ) সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার। এই দুটি ভাগে আলাদা করে যে গ্রাম পঞ্চায়েত ব্লকের মধ্যে সবচেয়ে বেশী নম্বর পাবেন তাদেরকে একটি উৎসাহবর্ধক তহবিল দেওয়া হবে। অবশ্য এই তহবিল দেওয়ার ক্ষেত্রে নম্বরের যথার্থতা পরীক্ষিত হবে। কিছু প্রশ্ন বেছে নিয়ে তার নম্বর যাচাই করা হবে এবং একটি বিভাগে বাছাই করা প্রশ্নগুলির মোট নম্বর যাচাইয়ের পর যেভাবে পরিবর্তিত হবে ঐ বিভাগে গ্রাম পঞ্চায়েতের মোট প্রাপ্ত নম্বরও একই হারে পরিবর্তিত হয়ে যাবে। এই সংক্রান্ত বিস্তারিত নির্দেশিকা এই বিভাগ থেকে পরে পাঠানো হবে। ৩০শে অক্টোবরের মধ্যে পূরণ করা প্রতিবেদন ব্লকে জমা না পড়লে সেই গ্রাম পঞ্চায়েত এই তহবিলের জন্য বিবেচিত হবে না। ২০০৭-০৮ আর্থিক বছরের স্বমূল্যায়নের ভিত্তিতে যে সমস্ত গ্রাম পঞ্চায়েত উৎসাহবর্ধক তহবিল পেয়েছে তাদের নামের তালিকা ৯৬-১০৪ পাতায় দেওয়া আছে।

এবারের স্বমূল্যায়নে প্রাপ্ত নম্বরগুলির সাথে গত বারের স্বমূল্যায়নে প্রাপ্ত নম্বরগুলি মিলিয়ে দেখতে অনুরোধ করি। তাহলে আপনারা নিজেরাই বুঝতে পারবেন গত ১ বছরে কতটা অগ্রগতি হয়েছে গ্রাম পঞ্চায়েতের সামগ্রিক কাজকর্মে। উপ-সমিতিগুলিকে তার এক্তিয়ারভুক্ত প্রশ্নগুলির ক্ষেত্রে ২০০৯-১০ আর্থিক বছরে কী অগ্রগতি হল তা নিয়ে বিভিন্ন সভায় আলোচনা করতে অনুরোধ জানাই। এই আলোচনার ভিত্তিতেই বিভিন্ন কর্মসূচি নিতে হবে যাতে করে আগামী দিনে পঞ্চায়েতের কাজকর্ম আরও উন্নত হয়।

এই স্বমূল্যায়ন প্রতিবেদনটি সম্পূর্ণভাবেই আপনাদের জন্য। তাই আগামীদিনে এই প্রতিবেদনের চেহারা কি রকম হবে সে বিষয়ে আপনাদের মতামত থাকা বাঞ্ছনীয়। এই কারণে আগামী বছরের স্বমূল্যায়ন প্রতিবেদনে কী কী পরিবর্তন করা প্রয়োজন সে বিষয়ে আপনাদের মতামত চাওয়া হয়েছে ৭৮ পাতায়। এটিতে আপনাদের প্রস্তাবগুলি জানাতে অনুরোধ করি। গ্রাম পঞ্চায়েত ছাড়া অন্য যে কোনও স্তরের জনপ্রতিনিধি বা আধিকারিকরাও এই ৭৮ পাতার ফর্মে তাঁদের মতামত পাঠাতে পারেন। গত এক বছরে গ্রাম পঞ্চায়েতের প্রধান প্রধান সাফল্য ও ব্যর্থতাগুলি জানতে চাওয়া হয়েছে ৭৯ পাতায়। এই রকম সামগ্রিক তথ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই এটিও পূরণ করার অনুরোধ রাখি।

আশা রাখি বিষয়টিকে আপনারা যথেষ্ট গুরুত্ব দিয়ে দেখবেন এবং যে উদ্দেশ্যে এটি ভাবা হয়েছে তা সফল করবেন। সমগ্র প্রয়াসটি আপনাদের উপকারে লাগবে এই আশা রাখি।

আপনার বিশ্বস্ত,



(ডা: সূর্য্যকান্ত মিশ্র)

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

স্মারক নং : ৩৪০৩/ ১(১০)/পি.এন/ও/ ১/ ৪এ- ১/০৬ তারিখ : ২৯.৭.২০০৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য দেওয়া হল :

১. মহাধ্যক্ষ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ, পঞ্চায়েত ভবন, কলকাতা।

২. অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া।

৩. সভাধিপতি, ... জেলা পরিষদ / মহকুমা পরিষদ (সকল)।

৪. জেলা শাসক, ... জেলা (সকল)।

৫. অতিরিক্ত নির্বাহী আধিকারিক, ... জেলা পরিষদ / মহকুমা পরিষদ (সকল)।

৬. মহকুমা শাসক, ... মহকুমা (সকল)।

৭. জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, ... জেলা (সকল)।
অনুলিপি সকল মহকুমা শাসক, পঞ্চায়েত সমিতির সভাপতি, সমষ্টি উন্নয়ন আধিকারিক ও গ্রাম পঞ্চায়েতের প্রধানকে প্রেরণের অনুরোধ করা হল।

৮. সভাপতি, ... পঞ্চায়েত সমিতি (সকল)।

৯. সমষ্টি উন্নয়ন আধিকারিক ..... ব্লক (সকল)।

১০. এই বিভাগের সকল শাখা।

মানবেন্দ্র নাথ রায়
২৯.৭.০৯

(মানবেন্দ্র নাথ রায়)
প্রধান সচিব,
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

কেন এই মূল্যায়ন?

সাধারণ মানুষের সবচেয়ে কাছের প্রতিষ্ঠান হিসাবে এবং বিপুল দায়িত্বের কারণে স্থানীয় সরকার হিসাবে গ্রাম পঞ্চায়েতের গুরুত্ব এই মুহূর্তে অপরিসীম। স্থানীয় সরকার হিসাবে গ্রাম পঞ্চায়েত এলাকার সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন ও সামাজিক ন্যায়প্রতিষ্ঠার জন্য দায়বদ্ধ। অর্থাৎ, গ্রাম পঞ্চায়েতের কাজকর্মের ফলে এলাকার মানুষের জীবন-জীবিকার মানের যেমন উন্নতি ঘটবে তেমনই শিক্ষা, জনস্বাস্থ্য, নারী ও শিশু উন্নয়ন, পুষ্টি প্রভৃতি ক্ষেত্রগুলিতেও এলাকার অবস্থার উন্নতি হবে। প্রতিষ্ঠান হিসাবে শক্তিশালী একটি গ্রাম পঞ্চায়েতই পারে অর্থনৈতিক উন্নয়ন ও সামাজিক ন্যায়প্রতিষ্ঠার প্রয়াসকে সর্বাঙ্গসুন্দর রূপ দিয়ে এই দায়বদ্ধতা রক্ষা করতে। প্রতিষ্ঠান হিসাবে গ্রাম পঞ্চায়েত তখনই শক্তিশালী যখন সক্রিয় ও নির্ভরযোগ্য পরিচালন ব্যবস্থার মাধ্যমে স্থানীয় মানুষের (বিশেষ করে দুর্বলতম মানুষের) চাহিদা ও প্রয়োজনকে সম্মান দিয়ে গ্রাম পঞ্চায়েত নিজেকে জনমুখী করে তুলতে পারে। অর্থাৎ, গ্রাম পঞ্চায়েত এমন একটা পরিবেশ সৃষ্টি করতে পারবে যেখানে সাধারণ মানুষ (বিশেষ করে দুর্বল, অবহেলিত মানুষ) তাদের চাহিদা ও প্রয়োজন পঞ্চায়েতের কাছে তুলে ধরার মধ্য দিয়ে পঞ্চায়েতমুখী হবেন এবং এরই পরিপূরকভাবে পঞ্চায়েত এই চাহিদা ও প্রয়োজনগুলি দ্রুত মেটানোর মধ্য দিয়ে নিজেকে জনমুখী করে তুলবে। এই প্রক্রিয়াটি এমনভাবে হবে যাতে সবচেয়ে পিছিয়ে পড়া মানুষটির মনেও গ্রাম পঞ্চায়েত সম্পর্কে এই ধারণা তৈরী হয় যে এই পঞ্চায়েত তাঁর কথা ভাবে, বিপদে-আপদে তাঁর পাশে দাঁড়ায় এবং প্রকৃত অর্থেই এটি তাঁর পঞ্চায়েত।

গ্রাম পঞ্চায়েত এইরকম শক্তিশালী জনমুখী প্রতিষ্ঠান তখনই হয়ে উঠতে পারে যখন এলাকার সামগ্রিক অবস্থা সম্পর্কে এবং এই অবস্থার উন্নয়নের জন্য তার পরিচালন ব্যবস্থার খুঁটিনাটি সম্পর্কে সে সচেতন থাকে। অর্থাৎ যখন গ্রাম পঞ্চায়েত তার দৈনন্দিন পরিচালন ব্যবস্থা ও এই ব্যবস্থার হাত ধরে যে পরিষেবা এলাকার মানুষকে দেওয়া হয় তার বাস্তব অবস্থা সম্পর্কে সম্পূর্ণভাবে সচেতন থাকে। সচেতন থাকার জন্য সমস্ত প্রাসঙ্গিক বিষয়ের তথ্য গ্রাম পঞ্চায়েতের হাতে থাকা প্রয়োজন। এই তথ্য গ্রাম পঞ্চায়েতের শক্তির দিকগুলিকে যেমন উদ্ভাসিত করবে তেমন কারণ সহ দুর্বলতার দিকগুলিকেও চিহ্নিত করে তাকে সতর্ক করে দেবে – এইভাবে সামগ্রিক উন্নতির একটা দিশা পাওয়া যাবে। এইভাবে শক্তি ও দুর্বলতা চিহ্নিত হলে গ্রাম পঞ্চায়েত শক্তির দিকগুলি থেকে উৎসাহিত হয়ে নিজের দুর্বলতাগুলি কাটিয়ে ওঠার চেষ্টা করবে। নিজের বাস্তব অবস্থা জানার পাশাপাশি এই মূল্যায়ন গ্রাম পঞ্চায়েতকে অন্য গ্রাম পঞ্চায়েতের সাপেক্ষে তার অবস্থা বুঝিয়ে দেবে। সারা রাজ্যের মধ্যে, নিজের জেলার মধ্যে বা নিজের ব্লকের মধ্যে তার অবস্থান কোথায় তা বোঝা যাবে এই মূল্যায়নের মাধ্যমে। সেজন্যই এই মূল্যায়ন – যা একমাত্র গ্রাম পঞ্চায়েত নিজেই করতে পারে শক্তি-দুর্বলতা চিহ্নিত করে নিজেকে উন্নত করার এই প্রক্রিয়ায় সামিল হয়ে – তাই স্বমূল্যায়ন। মনে রাখতে হবে গ্রাম পঞ্চায়েতের কাছে এটি কোনো সাধারণ তথ্য ভর্তি করার ফর্ম নয় – নিজের অবস্থা নিজেই জেনে সেই অনুযায়ী ভবিষ্যৎ পরিকল্পনা নেওয়ার জন্য এটি একটি হাতিয়ার। এই মূল্যায়ন করার মাধ্যমে গ্রাম পঞ্চায়েতের বর্তমান অবস্থার একটি সামগ্রিক তথ্যভিত্তি তৈরী হবে এবং যার ভিত্তিতে গ্রাম পঞ্চায়েত শক্তিশালী জনমুখী প্রতিষ্ঠান হয়ে ওঠার দিশা ঠিক করতে পারবে।

এর পাশাপাশি সমস্ত গ্রাম পঞ্চায়েতের তথ্যগুলি সংকলিত হয়ে যখন একটি রাজ্যস্তরের তথ্যভিত্তি তৈরী হবে তখন তার থেকে রাজ্যের গ্রাম পঞ্চায়েতগুলির একটি সামগ্রিক চিত্র বেরিয়ে আসবে যা আগামী দিনে গ্রামীণ বিকেন্দ্রীকরণ প্রক্রিয়াকে শক্তিশালী করতে রাজ্য সরকারের নীতি নির্ধারণে সহায়তা করবে।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

[পূরণ করার আগে সংযোজিত 'সংক্ষিপ্ত ব্যাখ্যা ও কিছু প্রাসঙ্গিক আলোচনা' (পৃষ্ঠা ৮০-৯৫) অবশ্যই পড়ে নিন।]

এক নজরে গ্রাম পঞ্চায়েত

গ্রাম পঞ্চায়েত :

টেলিফোন নম্বর (STD কোড সহ) :

ব্লক :

জেলা :

(১) ডাক যোগাযোগের ঠিকানা (পিন কোড সহ) –

(২) জনসংখ্যা ও সাক্ষরতা বিষয়ক

সূচক	২০০১ (জনগণনা)			২০০৯ (বাস্তবভিত্তিক অনুমান)		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
(ক) জনসংখ্যা						
(খ) তপশিলী জাতির জনসংখ্যা						
(গ) তপশিলী উপজাতির জনসংখ্যা						
(ঘ) সংখ্যালঘু জনসংখ্যা						
(ঙ) সাক্ষরতার হার						

নীচের (৩) থেকে (৫) পর্যন্ত প্রশ্নগুলি ৩১.৩.২০০৯ তারিখের অবস্থা অনুযায়ী উত্তর দিতে হবে।

(৩) পরিবারের সংখ্যা : তপশিলী জাতি – তপশিলী উপজাতি – সংখ্যালঘু সম্প্রদায় – অন্যান্য – মোট –

(৪) পরিবারগুলির আয়ের মূল উৎস (কতগুলি পরিবার প্রধানত এই সব উৎসগুলি থেকে আয় করেন) : কৃষি (পশপাখী ও মাছচাষ সহ) – শিল্প (ক্ষুদ্র ও কুটির শিল্প সহ) – ব্যবসা – পরিষেবা (শিক্ষকতা, চাকরি ইত্যাদি) – অন্যান্য –

(৫) পরিবারগুলির বাসগৃহের প্রকৃতি (কতগুলি পরিবারের বাড়ী এই ধরণের) : পাকা বাড়ী – আংশিক পাকা বাড়ী – ভাল কাঁচা বাড়ী – দুর্বল কাঁচা বাড়ী – ঝুপড়ি ঘর (নিজের জমিতে) – ঝুপড়ি ঘর (দখলি/অনুমতি দখলি জমিতে) – বাড়ী নেই, অন্যের আশ্রয়ে থাকেন –

(৬) ভোটারের সংখ্যা (১.১.২০০৯ তারিখের নির্বাচক তালিকা অনুযায়ী) : পুরুষ – মহিলা – মোট –

নীচের (৭) থেকে (২৩) পর্যন্ত প্রশ্নগুলি ৩১.৩.২০০৯ তারিখের অবস্থা অনুযায়ী উত্তর দিতে হবে।

(৭) গ্রাম সংসদের সংখ্যা –

(৮) গ্রাম পঞ্চায়েতের সদস্যসংখ্যা : সাধারণ (পুরুষ) – , সাধারণ (মহিলা) – , তপশিলী জাতি (পুরুষ) – , তপশিলী জাতি (মহিলা) – , তপশিলী উপজাতি (পুরুষ) – , তপশিলী উপজাতি (মহিলা) – , মোট (পুরুষ) – , মোট (মহিলা) – , সর্বমোট –

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

(৯) প্রধানের নাম –

(১০) প্রধান কোন শ্রেণীভুক্ত * –

(১১) উপ-প্রধানের নাম –

(১২) উপ-প্রধান কোন শ্রেণীভুক্ত * –

(১৩) কৃষি ও প্রাণীসম্পদ বিকাশ উপ-সমিতির সঞ্চালকের নাম –

(১৪) কৃষি ও প্রাণীসম্পদ বিকাশ উপ-সমিতির সঞ্চালক কোন শ্রেণীভুক্ত * –

(১৫) শিক্ষা ও জনস্বাস্থ্য উপ-সমিতির সঞ্চালকের নাম –

(১৬) শিক্ষা ও জনস্বাস্থ্য উপ-সমিতির সঞ্চালক কোন শ্রেণীভুক্ত * –

(১৭) নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ উপ-সমিতির সঞ্চালকের নাম –

(১৮) নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ উপ-সমিতির সঞ্চালক কোন শ্রেণীভুক্ত * –

(১৯) শিল্প ও পরিকাঠামো উপ-সমিতির সঞ্চালকের নাম –

(২০) শিল্প ও পরিকাঠামো উপ-সমিতির সঞ্চালক কোন শ্রেণীভুক্ত * –

(২১) প্রধান কোন রাজনৈতিক দলের প্রতিনিধি ** –

(২২) উপ-প্রধান কোন রাজনৈতিক দলের প্রতিনিধি ** –

(২৩) গ্রাম পঞ্চায়েতে ক্ষমতাসীন রাজনৈতিক দল/জোটের সদস্যসংখ্যা –

নীচের (২৪) থেকে (৩৫) পর্যন্ত প্রশ্নগুলি ৩১.৩.২০০৯ তারিখের অবস্থা অনুযায়ী উত্তর দিতে হবে।

(২৪) গ্রাম পঞ্চায়েতে কোন কোন কর্মচারীর পদ খালি *** –

(২৫) প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা : মোট – কয়টির পাকা বাড়ী আছে – কয়টিতে পানীয় জলের ব্যবস্থা আছে – কয়টিতে শৌচাগার আছে –

(২৬) শিশু শিক্ষা কেন্দ্রের সংখ্যা : মোট – কয়টির পাকা বাড়ী আছে – কয়টিতে পানীয় জলের ব্যবস্থা আছে – কয়টিতে শৌচাগার আছে –

(২৭) উপ-স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা : মোট – কয়টির পাকা বাড়ী আছে – কয়টিতে পানীয় জলের ব্যবস্থা আছে – কয়টিতে শৌচাগার আছে –

(২৮) অঙ্গনওয়াড়ী কেন্দ্রের সংখ্যা : মোট – কয়টির পাকা বাড়ী আছে – কয়টিতে পানীয় জলের ব্যবস্থা আছে – কয়টিতে শৌচাগার আছে –

(২৯) গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে বিদ্যুৎ আছে কি (✓ দিন)? হ্যাঁ না না থাকলে জেনারেটর কেনা হয়েছে কি (✓ দিন)? হ্যাঁ না

(৩০) গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে টেলিফোন আছে কি (✓ দিন)? হ্যাঁ না

(৩১) গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে ফ্যাক্স আছে কি (✓ দিন)? হ্যাঁ না

(৩২) গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে কম্পিউটার আছে কি (✓ দিন)? হ্যাঁ না হ্যাঁ হলে ক'টি – তার মধ্যে ক'টি ব্যবহার হচ্ছে –
কোন কোন কাজে ব্যবহার হচ্ছে (✓ দিন)? (১) এন.আর.ই.জি.এস. (২) জি.পি.এম.এস. (৩) অফিসের বিভিন্ন তথ্য রাখা ও চিঠিপত্র করা (৪) অন্যান্য।
ব্যবহারে কি অসুবিধা হচ্ছে (যদি হয়)?

(৩৩) গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে ইন্টারনেট ব্যবস্থা আছে কি (✓ দিন)? হ্যাঁ না

(৩৪) কতগুলি গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হয়েছে?

(৩৫) কতগুলি গ্রাম উন্নয়ন সমিতির সচিব নির্বাচিত হয়েছেন?

---

* ১ – সাধারণ (পুরুষ), ২ – সাধারণ (মহিলা), ৩ – তপশিলী জাতি (পুরুষ), ৪ – তপশিলী জাতি (মহিলা), ৫ – তপশিলী উপজাতি (পুরুষ), ৬ – তপশিলী উপজাতি (মহিলা), ৭ – সংখ্যালঘু (পুরুষ), ৮ – সংখ্যালঘু (মহিলা) [ব্যাখ্যা : সংখ্যালঘু – হিন্দু ছাড়া অন্য যে কোনো সম্প্রদায়]।

** ১ – সি.পি.আই.(এম.), ২ – সি.পি.আই, ৩ – ফরওয়ার্ড ব্লক, ৪ – আর.এস.পি., ৫ – কংগ্রেস, ৬ – তৃণমূল কংগ্রেস, ৭ – বি.জে.পি., ৮ – এস.ইউ.সি.আই., ৯ – নির্দল, ১০ – অন্যান্য।

*** ১ – নির্বাহী সহায়ক, ২ – সচিব, ৩ – নির্মাণ সহায়ক, ৪ – সহায়ক, ৫ – সহায়ক (অতিরিক্ত)।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

(ক) নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা

১. গ্রাম পঞ্চায়েতের কাজে সাধারণ মানুষের অংশগ্রহণ

(ক) গত গ্রাম সংসদ সভা (নভেম্বর/ডিসেম্বর ২০০৮)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(১) কত শতাংশ গ্রাম সংসদে গত বারের সংসদ সভা হয়েছে		১০০% সংসদে হলে **২**, ৯০-৯৯% সংসদে হলে **১** এবং ৯০%-এর কম সংসদে হলে **০**	২		১. একাধিক সভায় কোরাম হয় নি। ২. প্রথম সভায় কোরাম হয় নি এবং তার পরে অন্য কাজের চাপে আর সভা ডাকা যায় নি। ৩. সভায় গ্রাম পঞ্চায়েতের তরফ থেকে কেউ উপস্থিত থাকতে পারেন নি বলে সভা হতে পারে নি। ৪. সভার শুরুতে উপস্থিত সদস্যদের মধ্যে বাদানুবাদ হওয়ার ফলে সভা বন্ধ হয়ে যায়। ৫. কোনো কারণে সভা ডাকা যায়নি (কারণ উল্লেখ করুন) - ৬. অন্যান্য (উল্লেখ করুন) -
(২) গত গ্রাম সংসদ সভায় উপস্থিতির হার		৪০% বা তার বেশি হলে **৯**, ৩০-৩৯% হলে **৮**, ২৫-২৯% হলে **৭**, ২০-২৪% হলে **৬**, ১৮-১৯% হলে **৫**, ১৬-১৭% হলে **৪**, ১৪-১৫% হলে **৩**, ১২-১৩% হলে **২**, ১১% হলে **১**, ১০% হলে **০**, ৮-৯% হলে **-১** এবং ৮%-এর কম হলে **-২**	৯		১. সভার প্রচার ঠিকমতো হয় না, অর্থাৎ সবাই ঠিকমতো জানতে পারেন না। ২. ভিন্ন মতাদর্শী মানুষ সংসদ সভায় আসতে উৎসাহিত বোধ করেন না। ৩. সভা করার জন্য যে সময় ঠিক করা হয়েছিল, সেই সময়ে সকলে কাজে ব্যস্ত থাকেন বলে সভায় লোক হয়নি। ৪. গ্রাম সংসদের আলোচ্য বিষয় বেশী মানুষকে প্রভাবিত করে না। ৫. সংসদ সভায় যে বিষয়গুলি আলোচিত হয় তা সাধারণ মানুষ খুব ভালো বুঝতে পারেন না। ৬. সাধারণ মানুষ সংসদ সভায় আলোচনার সুযোগ তেমনভাবে পান না। ৭. সংসদ সভায় শুধু আলোচনাই হয় কোনো সিদ্ধান্ত নেওয়া হয় না। ৮. সংশ্লিষ্ট সরকারী কর্মচারী উপস্থিত হন না বলে স্পষ্ট সিদ্ধান্ত নেওয়া যায় না। ৯. সংসদ সভায় সিদ্ধান্ত নেওয়া হলেও সেই সিদ্ধান্তে এলাকার মানুষের প্রকৃত প্রয়োজন প্রতিফলিত হয় না। ১০. সংসদ সভায় কিছু তালিকা তৈরী হয়, কোনো অগ্রাধিকার নিরূপণ হয় না। ১১. সংসদ সভায় সিদ্ধান্ত নিয়ে অগ্রাধিকার নিরূপণ হলেও পরে সেই সিদ্ধান্ত বাস্তবায়িত হয় না। ১২. অন্যান্য (উল্লেখ করুন) -
(৩) গত গ্রাম সংসদ সভায় মোট উপস্থিতের মধ্যে মহিলাদের উপস্থিতির হার		৫০% বা তার বেশি হলে **৯**, ৪০-৪৯% হলে **৮**, ৩০-৩৯% হলে **৬**, ২০-২৯% হলে **৪**, ১০-১৯% হলে **২** এবং ১০ শতাংশের কম হলে **০**	৯		১. সভার প্রচার ঠিকমতো হয় না, অর্থাৎ সমস্ত মহিলারা ঠিকমতো জানতে পারেন না। ২. ভিন্ন মতাদর্শী মহিলারা সংসদ সভায় আসতে উৎসাহিত বোধ করেন না। ৩. মহিলারা প্রকাশ্য সভায় আসতে পছন্দ করেন না। ৪. এলাকার পরিবারগুলি থেকে মহিলাদেরকে সভায় আসতে নিরুৎসাহিত করা হয়। ৫. সভায় আলোচনার বিষয় মহিলাদের প্রভাবিত করে না। ৬. মহিলারা সভায় আলোচনার সুযোগ ঠিকভাবে পান না বা আলোচনা করেন না। ৭. মহিলারা আলোচনার সুযোগ পেলেও গৃহীত সিদ্ধান্তে তাঁদের আলোচিত বিষয় স্থান পায় না। ৮. এলাকায় স্বনির্ভর দল যথেষ্ট সংখ্যায় তৈরী হয় নি। ৯. অন্যান্য (উল্লেখ করুন) -

প্রশ্ন (১) - (৩) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

পরের পাতায়.....

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

(ক) গত গ্রাম সংসদ সভা (নভেম্বর/ডিসেম্বর ২০০৮) (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(৪) গত গ্রাম সংসদ সভায় কোন কোন বিষয়গুলিতে মানুষ আলোচনায় অংশ নিয়েছেন? (ক্রমিক সংখ্যাটিকে গোল করে চিহ্নিত করুন)	১. এন.আর.ই.জি.এস./এস.জি.আর.ওয়াই. প্রকল্পে অগ্রাধিকার তালিকা তৈরী ২. ইন্দিরা আবাস যোজনার স্থায়ী অপেক্ষমান তালিকা তৈরী ৩. দ্বাদশ অর্থ কমিশনের তহবিলের কাজের অগ্রাধিকার তালিকা তৈরী ৪. রাজ্য অর্থ কমিশনের তহবিলের কাজের অগ্রাধিকার তালিকা তৈরী ৫. ইন্দিরা গান্ধী জাতীয় বার্ধক্যভাতা প্রকল্পের (IGNOAPS) উপভোক্তার তালিকা তৈরী ৬. ২০০৯-১০ আর্থিক বছরের গ্রাম পঞ্চায়েতের সামগ্রিক পরিকল্পনা তৈরী ৭. ২০০৯-১০ আর্থিক বছরের গ্রাম পঞ্চায়েতের বাজেট তৈরী ৮. গ্রাম সংসদ এলাকার করের নির্ধার তালিকা তৈরী ও কর আদায় ৯. গ্রাম পঞ্চায়েতের (আলাদা ভাবে গ্রাম সংসদের অংশটি সহ) ষান্মাসিক আয়-ব্যয়ের প্রতিবেদন ১০. গ্রাম পঞ্চায়েতের অডিট (বিধিবদ্ধ বা অভ্যন্তরীণ অডিট) প্রতিবেদন	প্রত্যেকটি বিষয় পিছু ১ নম্বর এবং কোনো বিষয় নিয়েই আলোচনা না হলে **-৫**	১০		১. এগুলির মধ্যে সবকটি বিষয় আলোচ্যসূচীতে ছিল না। ২. কোন বিষয়ে আলোচনা এলাকার সামগ্রিক উন্নয়নে সাহায্য করবে সেই সম্বন্ধে অনেকেরই স্বচ্ছ ধারণা নেই। ৩. গ্রাম সংসদ সদস্যরা ব্যক্তিগত সুবিধা ছাড়া অন্য কোনও আলোচনায় উৎসাহ দেখান না। ৪. কোন প্রকল্প বা কি ধরণের পরিকল্পনা বা বাজেট এলাকার উন্নয়নের জন্য প্রয়োজন সেই বিষয়ে গ্রাম সংসদ সদস্যদের স্বচ্ছ ধারণা নেই। ৫. আলোচনায় অংশ নিলে ক্ষমতাশালী সদস্যরা অসন্তুষ্ট হতে পারেন এই ভেবে অনেকে আলোচনায় অংশ নেন না। ৬. যে ভাষায় আলোচনা হয় তা অনেকে বুঝতে পারেন না বলে আলোচনায় অংশ নিতে পারেন না। ৭. অনেকেই শুধু সমর্থন জানাতে আসেন কোনো আলোচনায় যান না। ৮. দুর্বলতর শ্রেণীর মানুষরা মুখ খুলতে ভয় পান। ৯. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			৩০		
প্রকৃত প্রাপ্ত নম্বর (= মোট প্রাপ্ত নম্বর ÷ ৩)			১০		

প্রশ্ন (৪) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

(খ) গ্রাম উন্নয়ন সমিতির কার্যকারিতা ও তাদেরকে অর্থ প্রদান

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(১) ৩১শে মার্চ ২০০৯ তারিখ পর্যন্ত কত শতাংশ গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা হয়েছে?		১০০% গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা হলে **৫**, ৯০-৯৯% গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা হলে **৪**, ৮০-৮৯% গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা হলে **৩**, ৭০-৭৯% গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা হলে **২**, ৬০-৬৯% গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা হলে **১** এবং ৬০%-এর কম গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা হলে **০**	৫		১. কোনো গ্রাম সংসদেই গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হয় নি। ২. অনেক গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হয় নি। ৩. কয়েকটি গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হয় নি। ৪. কিছু গ্রাম উন্নয়ন সমিতির সচিব নির্বাচন হন হয় নি। ৫. কিছু ক্ষেত্রে গ্রাম উন্নয়ন সমিতির সদস্যদেরকে অ্যাকাউন্ট খোলার প্রয়োজনীয়তা বোঝানো যায় নি। ৬. কিছু ক্ষেত্রে গ্রাম উন্নয়ন সমিতির সদস্যরা অ্যাকাউন্ট খোলার বিষয়ে আগ্রহ দেখান নি। ৭. সভাপতি ও সচিবের মধ্যে মতের অমিল থাকায় অ্যাকাউন্ট খোলা হয়নি। ৮. কিছু ক্ষেত্রে অ্যাকাউন্ট খোলার জন্য প্রয়োজনীয় অর্থ যোগাড় করা যায় নি। ৯. গ্রাম পঞ্চায়েতের তরফে গ্রাম উন্নয়ন সমিতিগুলির অ্যাকাউন্ট খোলানোর কোনো উদ্যোগ ছিল না। ১০. অন্যান্য (উল্লেখ করুন) -
(২) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম উন্নয়ন সমিতিগুলি গড়ে কতগুলি সভা করেছে?		১২টি বা তার বেশী হলে **৫**, ১১টি হলে **৪**, ১০টি হলে **৩**, ৯টি হলে **২**, ৮টি হলে **১**, ৮টির কম হলে **০** এবং কোনো গ্রাম সংসদেই গ্রাম উন্নয়ন সমিতি গঠিত না হলে **-১**	৫		১. কোনো গ্রাম সংসদেই গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হয় নি। ২. নির্দিষ্ট সময়ের ব্যবধানে সভা ডাকার রেওয়াজ তৈরী হয় নি। ৩. নিয়মিত সভা ডাকার প্রয়োজনীয়তা বোঝানো যায়নি। ৪. সমস্ত মাসেই কমপক্ষে একটি সভা ডাকার উদ্যোগ সমস্ত গ্রাম উন্নয়ন সমিতির তরফ থেকে নেওয়া হয় নি। ৫. সভা ডাকার জন্য কোনো নির্দিষ্ট বিষয় সমস্ত মাসে পাওয়া যায় নি। ৬. সভাপতি ও সচিব সব সিদ্ধান্ত নিয়ে নেওয়ার ফলে সভা ডাকার দরকার হয়নি। ৭. সভা ডাকা হলেও কোরামের অভাবে সভা হতে পারে নি। ৮. অন্যান্য (উল্লেখ করন) -
(৩) ২০০৮-০৯ আর্থিক বছরে দ্বাদশ অর্থ কমিশনের নিঃশর্ত তহবিলের কত শতাংশ গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে অগ্রিম দেওয়া হয়েছে?		৫০% বা তার বেশী হলে **৫**, ৪০-৪৯% হলে **৪**, ৩০-৩৯% হলে **৩**, ২০-২৯% হলে **২**, ৫-১৯% হলে **১**, ১-৪% হলে **০** এবং কিছু না দেওয়া হলে **-২**	৫		১. প্রাপ্ত অর্থ থেকে গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে অগ্রিম দেওয়া যেতে পারে তা জানা ছিল না। ২. অনেক গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হয় নি। ৩. সব গ্রাম উন্নয়ন সমিতির সচিব নির্বাচন হয়নি। ৪. সমস্ত গ্রাম উন্নয়ন সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্ট ছিল না। ৫. গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে অগ্রিম দিলে তার অ্যাডজাস্টমেন্ট করে সদ্ব্যবহার শংসাপত্র পাঠাতে দেরী হতে পারে এই আশঙ্কা থেকে দেওয়া হয় নি। ৬. গ্রাম উন্নয়ন সমিতিগুলির সক্ষমতা সম্পর্কে সন্দেহ ছিল (কারণ উল্লেখ করুন) - ৭. অন্যান্য (উল্লেখ করুন) -

প্রশ্ন (১) - (৩) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

পরের পাতায়.....

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

(খ) গ্রাম উন্নয়ন সমিতির কার্যকারিতা ও তাদেরকে অর্থ প্রদান (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(৪) ২০০৮-০৯ আর্থিক বছরে রাজ্য অর্থ কমিশনের নিঃশর্ত তহবিলের কত শতাংশ গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে অগ্রিম দেওয়া হয়েছে?		৫০% বা তার বেশী হলে **৫**, ৪০-৪৯% হলে **৪**, ৩০-৩৯% হলে **৩**, ২০-২৯% হলে **২**, ৫-১৯% হলে **১**, ১-৪% হলে **০** এবং কিছু না দেওয়া হলে **-২**	৫		১. প্রাপ্ত অর্থ থেকে গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে অগ্রিম দেওয়া যেতে পারে তা জানা ছিল না। ২. অনেক গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হয় নি। ৩. সব গ্রাম উন্নয়ন সমিতির সচিব নির্বাচন হয়নি। ৪. সমস্ত গ্রাম উন্নয়ন সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্ট ছিল না। ৫. গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে অগ্রিম দিলে তার অ্যাডজাস্টমেন্ট করে সদ্ব্যবহার শংসাপত্র পাঠাতে দেরী হতে পারে এই আশঙ্কা থেকে দেওয়া হয় নি। ৬. গ্রাম উন্নয়ন সমিতিগুলির সক্ষমতা সম্পর্কে সন্দেহ ছিল (কারণ উল্লেখ করুন) - ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
(৫) ২০০৮-০৯ আর্থিক বছরে মোট প্রদত্ত অর্থের কত শতাংশ গ্রাম উন্নয়ন সমিতিগুলি খরচ করতে পেরেছে? (অগ্রিম দেওয়া অর্থের হিসাব না মেটানো হলে খরচ ধরা হবে না)		৯০-১০০% হলে ৫, ৮০-৮৯% হলে ৪, ৭০-৭৯% হলে ৩, ৬০-৬৯% হলে ২, ৫০-৫৯% হলে ১, ৫০%-এর কম হলে ০ এবং কোনো অগ্রিম না দেওয়া হলে বা কোনো হিসাব না থাকলে -১	৫		১. গ্রাম উন্নয়ন সমিতি বাস্তবক্ষেত্রে তাদের পরিকল্পনা অনুযায়ী কাজ করতে পারছে না। ২. গ্রাম সংসদের পরের সভায় পরিকল্পনা নিয়ে নানান আপত্তি তোলা হয়েছে। ৩. গ্রাম উন্নয়ন সমিতির সভায় পরিকল্পনার বাইরের কাজের উপর জোর দেওয়া হচ্ছে। ৪. গ্রাম উন্নয়ন সমিতির পরিকল্পনায় অগ্রাধিকার করা হয়নি এবং এখন অগ্রাধিকারের ক্রমতালিকা করতে বিতর্ক হচ্ছে। ৫. হিসাব কিভাবে রাখতে হবে তা নিয়ে সন্দেহ থাকায় খরচ করা যাচ্ছে না। ৬. সচিব তাঁর জীবিকার্জনের কাজে ব্যস্ত থাকায় গ্রাম উন্নয়ন সমিতির কাজ করতে পারছেন না। ৭. শিক্ষাগত যোগ্যতার অভাবে সচিব হিসাবপত্র রাখতে পারবেন না বলে কাজ হচ্ছে না। ৮. সভাপতি ও সচিবের মতের অমিল থাকায় কাজ হচ্ছে না। ৯. গ্রাম উন্নয়ন সমিতিকে কাজের জন্য অগ্রিম দেওয়া যেতে পারে তা জানা ছিল না। ১০. গ্রাম উন্নয়ন সমিতিকে টাকা দেওয়ার উপযুক্ত পরিবেশ ছিল না। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			২৫		
প্রকৃত প্রাপ্ত নম্বর (= মোট প্রাপ্ত নম্বর × ২ ÷ ৫)			১০		

প্রশ্ন (৪), (৫) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২. গ্রাম পঞ্চায়েতের কাজে সদস্যদের অংশগ্রহণ

(ক) কোন কোন উপ-সমিতি ২০০৯-১০ আর্থিক বছরের জন্য তাদের বাজেট তৈরী করে জমা দিয়েছে?

কোন কোন উপ-সমিতি বাজেট তৈরী করে জমা দিয়েছে (ক্রমিক সংখ্যাটিকে গোল করে চিহ্নিত করুন)	বাজেট তৈরী করে জমা দেওয়া উপ-সমিতির সংখ্যা	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
১. অর্থ ও পরিকল্পনা ২. কৃষি ও প্রাণী সম্পদ বিকাশ ৩. শিক্ষা ও জনস্বাস্থ্য ৪. নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ ৫. শিল্প ও পরিকাঠামো		উক্ত সংখ্যা × ১	৫		১. উপ-সমিতি ভিত্তিক বাজেট তৈরী করার প্রয়োজন ঠিকমতো বোঝা যায় নি। ২. উপ-সমিতি ভিত্তিক বাজেট তৈরীর পদ্ধতিটি বুঝতে অসুবিধা হয়েছে। ৩. উপ-সমিতি ভিত্তিক বাজেট তৈরীর পদ্ধতিটি বুঝলেও হাতে কলমে বাজেট করতে অসুবিধা হয়েছে। ৪. বিভিন্ন কর্মসূচির বাজেটকে উপ-সমিতির ভিত্তিতে ভাঙ্গা অসুবিধাজনক। ৫. উপ-সমিতিগুলি বাজেট তৈরী করতে পারবে না ধরে নিয়ে তাদেরকে বলা হয় নি। ৬. উপ-সমিতিগুলিকে বাজেট তৈরী করতে বললেও তাদের কাছ থেকে সাড়া পাওয়া যায় নি। ৭. উপ-সমিতিগুলির বাজেট তৈরী করার মতো সক্ষমতা নেই। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			৫		

(খ) কোন কোন উপ-সমিতি ২০০৯-১০ আর্থিক বছরের বাজেট ১৫ই সেপ্টেম্বর, ২০০৮-এর মধ্যে তৈরী করে জমা দিয়েছে?

কোন কোন উপ-সমিতি ১৫ই সেপ্টেম্বর, ২০০৮ -এর মধ্যে বাজেট তৈরী করে জমা দিয়েছে (ক্রমিক সংখ্যাটিকে গোল করে চিহ্নিত করুন)	ঐ সময়সীমার মধ্যে বাজেট জমা দেওয়া উপ-সমিতি সংখ্যা	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
১. অর্থ ও পরিকল্পনা ২. কৃষি ও প্রাণী সম্পদ বিকাশ ৩. শিক্ষা ও জনস্বাস্থ্য ৪. নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ ৫. শিল্প ও পরিকাঠামো		উক্ত সংখ্যা × ১	৫		১. স্থায়ী সমিতি ভিত্তিক বাজেট তৈরী হয়নি। ২. নির্ধারিত সময়সীমা সম্পর্কে ধারণা ছিল না। ৩. বাজেট তৈরীর বর্তমান পদ্ধতিতে নির্ধারিত সময়সীমার মধ্যে বাজেট করা যায় না। ৪. পঞ্চায়েত সমিতি তার সাধারণ সভায় বা অর্থ, সংস্থা, উন্নয়ন ও পরিকল্পনা স্থায়ী সমিতির সভায় স্থায়ী সমিতিগুলিকে বাজেট তৈরী করে জমা দেওয়ার কোনো সময়সীমা নির্দিষ্ট করে দেয়নি। ৫. অন্য কাজের চাপে নির্ধারিত সময়সীমার মধ্যে কাজটি সম্পূর্ণ করা যায় নি। ৬. এই বাজেট করার জন্য সংশ্লিষ্ট কর্মী/আধিকারিকদের কাছ থেকে যথেষ্ট সহায়তা পাওয়া যায়নি। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			৫		

প্রশ্ন (ক), (খ) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

(গ) গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভার ও উপ-সমিতিগুলির ২০০৮-০৯ আর্থিক বছরে কটি করে সভা হয়েছে?

ক্ষেত্র	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(১) গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভা		সভার সংখ্যা ১৫ বা তার বেশি হলে **৫**, ১৩-১৪ হলে **৪**, ১২ হলে **৩**, ১০-১১ হলে **২**, ৮-৯ হলে **১** এবং ৮-এর কম হলে **০**	৫		১. নির্দিষ্ট সময়ের ব্যবধানে সভা ডাকার রেওয়াজ নেই। ২. নিয়মিত সভা ডাকার প্রয়োজনীয়তা বোঝা যায়নি। ৩. সমস্ত মাসেই কমপক্ষে একটি সভা ডাকার উদ্যোগ গ্রাম পঞ্চায়েতের তরফ থেকে নেওয়া হয় নি। ৪. সভা ডাকার জন্য কোনো নির্দিষ্ট বিষয় সমস্ত মাসে পাওয়া যায় নি। ৫. প্রধান এবং/বা উপ-প্রধান সব সিদ্ধান্ত নিয়ে নেওয়ার ফলে সভা ডাকার দরকার হয়নি। ৬. সভা ডাকা হলেও কোরামের অভাবে সভা হতে পারে নি। ৭. সমস্ত সিদ্ধান্ত অর্থ ও পরিকল্পনা উপ-সমিতিতে হয়ে যায়, সেইজন্য সাধারণ সভার মিটিং নিয়মিত হয় না। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
(২) অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভা		সভার সংখ্যা ১২ বা তার বেশি হলে **৩**, ১০-১১ হলে **২**, ৮-৯ হলে **১** এবং ৮-এর কম হলে **০**	৩		১. নির্দিষ্ট সময়ের ব্যবধানে সভা ডাকার রেওয়াজ নেই। ২. নিয়মিত সভা ডাকার প্রয়োজনীয়তা বোঝা যায়নি। ৩. উপ-সমিতির বিষয়ে সঞ্চালক (প্রধান) যথেষ্ট অগ্রণী ভূমিকা নিচ্ছেন না। ৪. সঞ্চালক (প্রধান) নিজেই সব সিদ্ধান্ত নিয়ে নেন বলে সভা ডাকার প্রয়োজন হয়নি। ৫. সমস্ত মাসেই কমপক্ষে একটি সভা ডাকার উদ্যোগ প্রধানের তরফ থেকে নেওয়া হয় নি। ৬. সভা ডাকার জন্য কোনো নির্দিষ্ট বিষয় সবসময় পাওয়া যায় নি। ৭. সভায় উপ-সমিতির সদস্যদের কাছ থেকে কোনো মতামত পাওয়া যাবে কি না সে বিষয়ে সন্দেহ থাকায় সভা ডাকা হয় নি। ৮. সভা ডাকা হলেও কোরামের অভাবে সভা হতে পারে নি। ৯. সমস্ত সিদ্ধান্ত সাধারণ সভায় নেওয়া হয়, সেইজন্য এই উপ-সমিতির সভা নিয়মিত হয় না। ১০. অন্যান্য (উল্লেখ করুন) -
(৩) কৃষি ও প্রাণীসম্পদ বিকাশ উপ-সমিতির সভা		সভার সংখ্যা ১২ বা তার বেশি হলে **৩**, ১০-১১ হলে **২**, ৮-৯ হলে **১** এবং ৮-এর কম হলে **০**	৩		১. নির্দিষ্ট সময়ের ব্যবধানে সভা ডাকার রেওয়াজ নেই। ২. নিয়মিত সভা ডাকার প্রয়োজনীয়তা বোঝা যায়নি। ৩. উপ-সমিতির বিষয়ে সঞ্চালক যথেষ্ট অগ্রণী ভূমিকা নিচ্ছেন না। ৪. সঞ্চালক নিজেই সব সিদ্ধান্ত নিয়ে নেন বলে সভা ডাকার প্রয়োজন হয়নি। ৫. সমস্ত মাসেই কমপক্ষে একটি সভা ডাকার উদ্যোগ সঞ্চালকের তরফ থেকে নেওয়া হয় নি। ৬. সভা ডাকার জন্য কোনো নির্দিষ্ট বিষয় সবসময় পাওয়া যায় নি। ৭. সভায় উপ-সমিতির সদস্যদের কাছ থেকে কোনো মতামত পাওয়া যাবে কি না সে বিষয়ে সন্দেহ থাকায় সভা ডাকা হয় নি। ৮. সভা ডাকা হলেও কোরামের অভাবে সভা হতে পারে নি। ৯. সমস্ত সিদ্ধান্ত সাধারণ সভায় নেওয়া হয়, সেইজন্য এই উপ-সমিতির সভা নিয়মিত হয় না। ১০. সমস্ত সিদ্ধান্ত অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভায় নেওয়া হয়, সেইজন্য এই উপ-সমিতির সভা নিয়মিত হয় না। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -

প্রশ্ন (১), (২) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত। প্রশ্ন (৩) : কৃষি ও প্রাণীসম্পদ বিকাশ উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

পরের পাতায়.....

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

(গ) গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভার ও উপ-সমিতিগুলির ২০০৮-০৯ আর্থিক বছরে কটি করে সভা হয়েছে? (চলছে)

ক্ষেত্র	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(৪) শিক্ষা ও জনস্বাস্থ্য উপ-সমিতির সভা		সভার সংখ্যা ১২ বা তার বেশি হলে **৩**, ১০-১১ হলে **২**, ৮-৯ হলে **১** এবং ৮-এর কম হলে **০**	৩		১. নির্দিষ্ট সময়ের ব্যবধানে সভা ডাকার রেওয়াজ নেই। ২. নিয়মিত সভা ডাকার প্রয়োজনীয়তা বোঝা যায়নি। ৩. উপ-সমিতির বিষয়ে সঞ্চালক যথেষ্ট অগ্রণী ভূমিকা নিচ্ছেন না। ৪. সঞ্চালক নিজেই সব সিদ্ধান্ত নিয়ে নেন বলে সভা ডাকার প্রয়োজন হয়নি। ৫. সমস্ত মাসেই কমপক্ষে একটি সভা ডাকার উদ্যোগ সঞ্চালকের তরফ থেকে নেওয়া হয় নি। ৬. সভা ডাকার জন্য কোনো নির্দিষ্ট বিষয় সবসময় পাওয়া যায় নি। ৭. সভায় উপ-সমিতির সদস্যদের কাছ থেকে কোনো মতামত পাওয়া যাবে কি না সে বিষয়ে সন্দেহ থাকায় সভা ডাকা হয় নি। ৮. সভা ডাকা হলেও কোরামের অভাবে সভা হতে পারে নি। ৯. সমস্ত সিদ্ধান্ত সাধারণ সভায় নেওয়া হয়, সেইজন্য এই উপ-সমিতির সভা নিয়মিত হয় না। ১০. সমস্ত সিদ্ধান্ত অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভায় নেওয়া হয়, সেইজন্য এই উপ-সমিতির সভা নিয়মিত হয় না। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -
(৫) নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ উপ-সমিতির সভা		সভার সংখ্যা ১২ বা তার বেশি হলে **৩**, ১০-১১ হলে **২**, ৮-৯ হলে **১** এবং ৮-এর কম হলে **০**	৩		১. নির্দিষ্ট সময়ের ব্যবধানে সভা ডাকার রেওয়াজ নেই। ২. নিয়মিত সভা ডাকার প্রয়োজনীয়তা বোঝা যায়নি। ৩. উপ-সমিতির বিষয়ে সঞ্চালক যথেষ্ট অগ্রণী ভূমিকা নিচ্ছেন না। ৪. সঞ্চালক নিজেই সব সিদ্ধান্ত নিয়ে নেন বলে সভা ডাকার প্রয়োজন হয়নি। ৫. সমস্ত মাসেই কমপক্ষে একটি সভা ডাকার উদ্যোগ সঞ্চালকের তরফ থেকে নেওয়া হয় নি। ৬. সভা ডাকার জন্য কোনো নির্দিষ্ট বিষয় সবসময় পাওয়া যায় নি। ৭. সভায় উপ-সমিতির সদস্যদের কাছ থেকে কোনো মতামত পাওয়া যাবে কি না সে বিষয়ে সন্দেহ থাকায় সভা ডাকা হয় নি। ৮. সভা ডাকা হলেও কোরামের অভাবে সভা হতে পারে নি। ৯. সমস্ত সিদ্ধান্ত সাধারণ সভায় নেওয়া হয়, সেইজন্য এই উপ-সমিতির সভা নিয়মিত হয় না। ১০. সমস্ত সিদ্ধান্ত অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভায় নেওয়া হয়, সেইজন্য এই উপ-সমিতির সভা নিয়মিত হয় না। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -
(৬) শিল্প ও পরিকাঠামো উপ-সমিতির সভা		সভার সংখ্যা ১২ বা তার বেশি হলে **৩**, ১০-১১ হলে **২**, ৮-৯ হলে **১** এবং ৮-এর কম হলে **০**	৩		১. নির্দিষ্ট সময়ের ব্যবধানে সভা ডাকার রেওয়াজ নেই। ২. নিয়মিত সভা ডাকার প্রয়োজনীয়তা বোঝা যায়নি। ৩. উপ-সমিতির বিষয়ে সঞ্চালক যথেষ্ট অগ্রণী ভূমিকা নিচ্ছেন না। ৪. সঞ্চালক নিজেই সব সিদ্ধান্ত নিয়ে নেন বলে সভা ডাকার প্রয়োজন হয়নি। ৫. সমস্ত মাসেই কমপক্ষে একটি সভা ডাকার উদ্যোগ সঞ্চালকের তরফ থেকে নেওয়া হয় নি। ৬. সভা ডাকার জন্য কোনো নির্দিষ্ট বিষয় সবসময় পাওয়া যায় নি। ৭. সভায় উপ-সমিতির সদস্যদের কাছ থেকে কোনো মতামত পাওয়া যাবে কি না সে বিষয়ে সন্দেহ থাকায় সভা ডাকা হয় নি। ৮. সভা ডাকা হলেও কোরামের অভাবে সভা হতে পারে নি। ৯. সমস্ত সিদ্ধান্ত সাধারণ সভায় নেওয়া হয়, সেইজন্য এই উপ-সমিতির সভা নিয়মিত হয় না। ১০. সমস্ত সিদ্ধান্ত অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভায় নেওয়া হয়, সেইজন্য এই উপ-সমিতির সভা নিয়মিত হয় না। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			২০		
প্রকৃত প্রাপ্ত নম্বর (= মোট প্রাপ্ত নম্বর ÷ ২)			১০		

প্রশ্ন (৪) : শিক্ষা ও জনস্বাস্থ্য উপ-সমিতির এক্তিয়ারভুক্ত। প্রশ্ন (৫) : নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ উপ-সমিতির এক্তিয়ারভুক্ত। প্রশ্ন (৬) : শিল্প ও পরিকাঠামো উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

(ঘ) গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভা বিষয়ক

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(১) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভার কটি মিটিং মুলতবী হয়েছে?		একটিও না হলে **২**, ১-৩টি হলে **১** এবং ৩-এর বেশি হলে **০**	২		১. সভার নোটিশ ঠিকমতো বিলি হয় না, অর্থাৎ সমস্ত সদস্য ঠিকমতো জানতে পারেন না। ২. সভায় আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার বদলে আগে থেকে নেওয়া সিদ্ধান্ত পাশ করানো হয় বলে অনেক সদস্য আসতে উৎসাহিত হন না। ৩. সমস্ত সদস্যগণকে ঠিকমতো বলতে দেওয়া হয় না বলে সবাই আসতে উৎসাহিত হন না। ৪. সংরক্ষিত আসনের সদস্যগণকে ঠিকমতো বলতে দেওয়া হয় না বলে তাঁরা আসতে উৎসাহিত হন না। ৫. সবার বক্তব্য (সংক্ষেপে) কার্যবিবরণীতে লেখা হয় না বলে অনেকে সভায় আসতে উৎসাহিত হন না। ৬. যুক্তিসঙ্গত বক্তব্যও সিদ্ধান্তগ্রহণের প্রক্রিয়াকে প্রভাবিত করতে পারে না বলে অনেকে আসতে উৎসাহিত হন না। ৭. প্রাকৃতিক বিপর্যয়ের কারণে সভা মুলতবী হয়েছে। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
(২) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের কতগুলি সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তের বিরোধী মত/প্রস্তাব কার্যবিবরণীতে লেখা হয়েছে?		৬র বেশি সভায় হলে **৩**, ৫-৬ টি সভায় হলে **২**, ৩-৪ টি সভায় হলে **১** এবং ৩ টির কম সভায় হলে **০**	৩		১. বিরোধী মত বা প্রস্তাব যে কার্যবিবরণীতে লেখা উচিৎ এটা জানা ছিল না। ২. বিরোধী মত বা প্রস্তাব কার্যবিবরণীতে লেখার রেওয়াজ নেই, শুধু সিদ্ধান্তই লেখা হয়। ৩. বিরোধী মত বা প্রস্তাব সভায় তেমনভাবে উঠে আসে না। ৪. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			৫		

(ঙ) গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভা ও উপ-সমিতিগুলির ২০০৮-০৯ আর্থিক বছরে সবকটি সভা মিলিয়ে গড় উপস্থিতি কত ছিল?

ধরণ	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(১) গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভা		উপস্থিতি ৮০% বা তার বেশি হলে **৫**, ৬০-৭৯% হলে **৪**, ৫০-৫৯% হলে **৩**, ৪০-৪৯% হলে **২**, ৩৩-৩৯% হলে **১** এবং ৩৩%-এর কম হলে (যখন অধিকাংশ সভাই মুলতবী সভা) **০**	৫		১. সভার নোটিশ ঠিকমতো বিলি হয় না, অর্থাৎ সমস্ত সদস্য ঠিকমতো জানতে পারেন না। ২. সভায় আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার বদলে আগে থেকে নেওয়া সিদ্ধান্ত পাশ করানো হয় বলে অনেক সদস্য আসতে উৎসাহিত হন না। ৩. সমস্ত সদস্যগণকে ঠিকমতো বলতে দেওয়া হয় না বলে সবাই আসতে উৎসাহিত হন না। ৪. সংরক্ষিত আসনের সদস্যগণকে ঠিকমতো বলতে দেওয়া হয় না বলে তাঁরা আসতে উৎসাহিত হন না। ৫. সবার বক্তব্য (সংক্ষেপে) কার্যবিবরণীতে লেখা হয় না বলে অনেকে সভায় আসতে উৎসাহিত হন না। ৬. যুক্তিসঙ্গত বক্তব্যও সিদ্ধান্তগ্রহণের প্রক্রিয়াকে প্রভাবিত করতে পারে না বলে অনেকে আসতে উৎসাহিত হন না। ৭. তাঁর নির্বাচনক্ষেত্র এলাকার কোনো বিষয় আলোচ্যসূচীতে নেই বলে অনেকে আসতে উৎসাহ পান না। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -

প্রশ্ন (ঘ) - (১), (২) ও (ঙ) - (১) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

পরের পাতায়.....

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

(ঙ) গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভা ও উপ-সমিতিগুলির ২০০৮-০৯ আর্থিক বছরে সবকটি সভা মিলিয়ে গড় উপস্থিতি কত ছিল? (চলছে)

ধরণ	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(২) অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভা		উপস্থিতি ৮০%-এর বেশি হলে **৩**, ৬০-৭৯% হলে **২**, ৩৩-৫৯% হলে **১** এবং ৩৩%-এর কম হলে **০**	৩		১. সভার নোটিশ ঠিকমতো বিলি হয় না, অর্থাৎ সমস্ত সদস্য ঠিকমতো জানতে পারেন না। ২. সদস্যদেরকে উপ-সমিতির সভার গুরুত্ব ঠিক মতো বোঝানো যায় নি। ৩. সভায় নির্দিষ্ট বিষয়ভিত্তিক আলোচনা হয় না বলে অনেকে সভায় আসতে চান না। ৪. সভায় কী আলোচনা করতে হবে সেবিষয়ে সমস্ত সদস্য সম্যক ওয়াকিবহাল নন। ৫. সভায় আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার বদলে আগে থেকে নেওয়া সিদ্ধান্ত পাশ করানো হয় বলে অনেক সদস্য আসতে উৎসাহিত হন না। ৬. সমস্ত সদস্যগণকে ঠিকমতো বলতে দেওয়া হয় না বলে সবাই আসতে উৎসাহিত হন না। ৭. সবার বক্তব্য (সংক্ষেপে) কার্যবিবরণীতে লেখা হয় না বলে অনেকে সভায় আসতে উৎসাহিত হন না। ৮. যুক্তিসঙ্গত বক্তব্যও সিদ্ধান্তগ্রহণের প্রক্রিয়াকে প্রভাবিত করতে পারে না বলে অনেকে আসতে উৎসাহিত হন না। ৯. সাধারণ সভাতেই সমস্ত সিদ্ধান্ত নেওয়া হয় বলে এই সভায় সবাই আসতে উৎসাহিত হন না। ১০. তাঁর নির্বাচনক্ষেত্র এলাকার কোনো বিষয় আলোচ্যসূচীতে নেই বলে অনেকে আসতে উৎসাহ পান না। ১১. অন্যান্য (উল্লেখ করুন) -
(৩) কৃষি ও প্রাণীসম্পদ বিকাশ উপ-সমিতির সভা		উপস্থিতি ৮০%-এর বেশি হলে **৩**, ৬০-৭৯% হলে **২**, ৩৩-৫৯% হলে **১** এবং ৩৩%-এর কম হলে **০**	৩		১. সভার নোটিশ ঠিকমতো বিলি হয় না, অর্থাৎ সমস্ত সদস্য ঠিকমতো জানতে পারেন না। ২. সদস্যদেরকে উপ-সমিতির সভার গুরুত্ব ঠিক মতো বোঝানো যায় নি। ৩. সভায় নির্দিষ্ট বিষয়ভিত্তিক আলোচনা হয় না বলে অনেকে সভায় আসতে চান না। ৪. সভায় কী আলোচনা করতে হবে সেবিষয়ে সমস্ত সদস্য সম্যক ওয়াকিবহাল নন। ৫. সভায় আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার বদলে আগে থেকে নেওয়া সিদ্ধান্ত পাশ করানো হয় বলে অনেক সদস্য আসতে উৎসাহিত হন না। ৬. সমস্ত সদস্যগণকে ঠিকমতো বলতে দেওয়া হয় না বলে সবাই আসতে উৎসাহিত হন না। ৭. সবার বক্তব্য (সংক্ষেপে) কার্যবিবরণীতে লেখা হয় না বলে অনেকে সভায় আসতে উৎসাহিত হন না। ৮. যুক্তিসঙ্গত বক্তব্যও সিদ্ধান্তগ্রহণের প্রক্রিয়াকে প্রভাবিত করতে পারে না বলে অনেকে আসতে উৎসাহিত হন না। ৯. সাধারণ সভাতেই সমস্ত সিদ্ধান্ত নেওয়া হয় বলে এই সভায় সবাই আসতে উৎসাহিত হন না। ১০. অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভাতেই সমস্ত সিদ্ধান্ত নেওয়া হয় বলে এই সভায় সবাই আসতে উৎসাহিত হন না। ১১. তাঁর নির্বাচনক্ষেত্র এলাকার কোনো বিষয় আলোচ্যসূচীতে নেই বলে অনেকে আসতে উৎসাহ পান না। ১২. অন্যান্য (উল্লেখ করুন) -

প্রশ্ন (২) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত। প্রশ্ন (৩) : কৃষি ও প্রাণীসম্পদ বিকাশ উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

পরের পাতায়.....

(ঙ) গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভা ও উপ-সমিতিগুলির ২০০৮-০৯ আর্থিক বছরে সবকটি সভা মিলিয়ে গড় উপস্থিতি কত ছিল? (চলছে)

ধরণ	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(৪) শিক্ষা ও জনস্বাস্থ্য উপ-সমিতির সভা		উপস্থিতি ৮০%-এর বেশি হলে **৩**, ৬০-৭৯% হলে **২**, ৩৩-৫৯% হলে **১** এবং ৩৩%-এর কম হলে **০**	৩		১. সভার নোটিশ ঠিকমতো বিলি হয় না, অর্থাৎ সমস্ত সদস্য ঠিকমতো জানতে পারেন না। ২. সদস্যদেরকে উপ-সমিতির সভার গুরুত্ব ঠিক মতো বোঝানো যায় নি। ৩. সভায় নির্দিষ্ট বিষয়ভিত্তিক আলোচনা হয় না বলে অনেকে সভায় আসতে চান না। ৪. সভায় কী আলোচনা করতে হবে সেবিষয়ে সমস্ত সদস্য সম্যক ওয়াকিবহাল নন। ৫. সভায় আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার বদলে আগে থেকে নেওয়া সিদ্ধান্ত পাশ করানো হয় বলে অনেক সদস্য আসতে উৎসাহিত হন না। ৬. সমস্ত সদস্যগণকে ঠিকমতো বলতে দেওয়া হয় না বলে সবাই আসতে উৎসাহিত হন না। ৭. সবার বক্তব্য (সংক্ষেপে) কার্যবিবরণীতে লেখা হয় না বলে অনেকে সভায় আসতে উৎসাহিত হন না। ৮. যুক্তিসঙ্গত বক্তব্যও সিদ্ধান্তগ্রহণের প্রক্রিয়াকে প্রভাবিত করতে পারে না বলে অনেকে আসতে উৎসাহিত হন না। ৯. সাধারণ সভাতেই সমস্ত সিদ্ধান্ত নেওয়া হয় বলে এই সভায় সবাই আসতে উৎসাহিত হন না। ১০. অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভাতেই সমস্ত সিদ্ধান্ত নেওয়া হয় বলে এই সভায় সবাই আসতে উৎসাহিত হন না। ১১. তাঁর নির্বাচনক্ষেত্র এলাকার কোনো বিষয় আলোচ্যসূচীতে নেই বলে অনেকে আসতে উৎসাহ পান না। ১২. অন্যান্য (উল্লেখ করুন) -
(৫) নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ উপ-সমিতির সভা		উপস্থিতি ৮০%-এর বেশি হলে **৩**, ৬০-৭৯% হলে **২**, ৩৩-৫৯% হলে **১** এবং ৩৩%-এর কম হলে **০**	৩		১. সভার নোটিশ ঠিকমতো বিলি হয় না, অর্থাৎ সমস্ত সদস্য ঠিকমতো জানতে পারেন না। ২. সদস্যদেরকে উপ-সমিতির সভার গুরুত্ব ঠিক মতো বোঝানো যায় নি। ৩. সভায় নির্দিষ্ট বিষয়ভিত্তিক আলোচনা হয় না বলে অনেকে সভায় আসতে চান না। ৪. সভায় কী আলোচনা করতে হবে সেবিষয়ে সমস্ত সদস্য সম্যক ওয়াকিবহাল নন। ৫. সভায় আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার বদলে আগে থেকে নেওয়া সিদ্ধান্ত পাশ করানো হয় বলে অনেক সদস্য আসতে উৎসাহিত হন না। ৬. সমস্ত সদস্যগণকে ঠিকমতো বলতে দেওয়া হয় না বলে সবাই আসতে উৎসাহিত হন না। ৭. সবার বক্তব্য (সংক্ষেপে) কার্যবিবরণীতে লেখা হয় না বলে অনেকে সভায় আসতে উৎসাহিত হন না। ৮. যুক্তিসঙ্গত বক্তব্যও সিদ্ধান্তগ্রহণের প্রক্রিয়াকে প্রভাবিত করতে পারে না বলে অনেকে আসতে উৎসাহিত হন না। ৯. সাধারণ সভাতেই সমস্ত সিদ্ধান্ত নেওয়া হয় বলে এই সভায় সবাই আসতে উৎসাহিত হন না। ১০. অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভাতেই সমস্ত সিদ্ধান্ত নেওয়া হয় বলে এই সভায় সবাই আসতে উৎসাহিত হন না। ১১. তাঁর নির্বাচনক্ষেত্র এলাকার কোনো বিষয় আলোচ্যসূচীতে নেই বলে অনেকে আসতে উৎসাহ পান না। ১২. অন্যান্য (উল্লেখ করুন) -

প্রশ্ন (৪) : শিক্ষা ও জনস্বাস্থ্য উপ-সমিতির এক্তিয়ারভুক্ত। প্রশ্ন (৫) : নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

পরের পাতায়.....

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

(ঙ) গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভা ও উপ-সমিতিগুলির ২০০৮-০৯ আর্থিক বছরে সবকটি সভা মিলিয়ে গড় উপস্থিতি কত ছিল? (চলছে)

ধরণ	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ঙ) শিল্প ও পরিকাঠামো উপ-সমিতির সভা		উপস্থিতি ৮০%-এর বেশি হলে **৩**, ৬০-৭৯% হলে **২**, ৩৩-৫৯% হলে **১** এবং ৩৩%-এর কম হলে **০**	৩		১. সভার নোটিশ ঠিকমতো বিলি হয় না, অর্থাৎ সমস্ত সদস্য ঠিকমতো জানতে পারেন না। ২. সদস্যদেরকে উপ-সমিতির সভার গুরুত্ব ঠিক মতো বোঝানো যায় নি। ৩. সভায় নির্দিষ্ট বিষয়ভিত্তিক আলোচনা হয় না বলে অনেকে সভায় আসতে চান না। ৪. সভায় কী আলোচনা করতে হবে সেবিষয়ে সমস্ত সদস্য সম্যক ওয়াকিবহাল নন। ৫. সভায় আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার বদলে আগে থেকে নেওয়া সিদ্ধান্ত পাশ করানো হয় বলে অনেক সদস্য আসতে উৎসাহিত হন না। ৬. সমস্ত সদস্যগণকে ঠিকমতো বলতে দেওয়া হয় না বলে সবাই আসতে উৎসাহিত হন না। ৭. সবার বক্তব্য (সংক্ষেপে) কার্যবিবরণীতে লেখা হয় না বলে অনেকে সভায় আসতে উৎসাহিত হন না। ৮. যুক্তিসঙ্গত বক্তব্যও সিদ্ধান্তগ্রহণের প্রক্রিয়াকে প্রভাবিত করতে পারে না বলে অনেকে আসতে উৎসাহিত হন না। ৯. সাধারণ সভাতেই সমস্ত সিদ্ধান্ত নেওয়া হয় বলে এই সভায় সবাই আসতে উৎসাহিত হন না। ১০. অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভাতেই সমস্ত সিদ্ধান্ত নেওয়া হয় বলে এই সভায় সবাই আসতে উৎসাহিত হন না। ১১. তাঁর নির্বাচনক্ষেত্র এলাকার কোনো বিষয় আলোচ্যসূচীতে নেই বলে অনেকে আসতে উৎসাহ পান না। ১২. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			২০		
প্রকৃত প্রাপ্ত নম্বর (= মোট প্রাপ্ত নম্বর ÷ ৪)			৫		

৩. গ্রাম পঞ্চায়েতের দেয় পরিষেবা

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ক) গ্রাম পঞ্চায়েতের দায়িত্বে যত রাস্তা আছে তার সম্পূর্ণ তালিকা (রোড রেজিস্টার – রাস্তার নাম, দৈর্ঘ্য, প্রস্থ, প্রকৃতি ও গুণমান লেখা) আছে কি?		হ্যাঁ হলে **১**, না হলে **০**	১		১. রোড রেজিষ্টার রাখতে হবে এটা জানা ছিল না। ২. রোড রেজিস্টার কী ফরমায় রাখতে হবে তা জানা ছিল না। ৩. রোড রেজিষ্টার রাখার কোনো প্রয়োজন অনুভূত হয়নি। ৪. এরকম একটি রেজিষ্টার তৈরী হয়েছিল কিন্তু হালনাগাদ করা হয়নি। ৫. তালিকাটি আংশিক সম্পূর্ণ হয়ে আছে। ৬. রোড রেজিষ্টার আছে কিন্তু এটির দায়িত্ব কার জানা নেই বলে রেজিষ্টারটি কেউ দেখে না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -

প্রশ্ন (ঙ) - (৬) : শিল্প ও পরিকাঠামো উপ-সমিতির এক্তিয়ারভুক্ত। প্রশ্ন ৩. - (ক) : শিল্প ও পরিকাঠামো উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

পরের পাতায়.....

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

৩. গ্রাম পঞ্চায়েতের দেয় পরিষেবা (চলছে)

ধরণ	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(খ) গ্রাম পঞ্চায়েত এলাকায় কত শতাংশ পাড়ায় সংযোগকারী রাস্তা আছে?		রোড রেজিস্টার থাকলে বা অন্যভাবে পাওয়া তথ্যের ভিত্তিতে, ৭৫-১০০% পাড়ায় সংযোগকারী রাস্তা থাকলে **২** ৫০-৭৪% পাড়ায় সংযোগকারী রাস্তা থাকলে **১** ৫০%-এর কম পাড়ায় সংযোগকারী রাস্তা থাকলে **০** এবং কোনো তথ্য না থাকলে **-১**	২		১. সংযোগকারী রাস্তা যে ভাবে ব্যাখ্যা করা হয়েছে সে রকম রাস্তা নেই। ২. সংযোগকারী রাস্তা যে ভাবে ব্যাখ্যা করা হয়েছে সে রকম রাস্তা বেশী নেই। ৩. পাড়াগুলি যে ভাবে বিভক্ত তাতে এরকম রাস্তা কত আছে বোঝা যায় না। ৪. এরকম রাস্তা আছে কিন্তু হিসাব করা হয়নি তাই হিসাব নেই। ৫. রোড রেজিষ্টারে এরকম কোনো তথ্য নেই। ৬. রোড রেজিষ্টার নেই। ৭. অন্য কোথাও এরকম তথ্য পাওয়া যাচ্ছে না। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
(গ) গ্রাম পঞ্চায়েত এলাকার কত শতাংশ রাস্তা সব ঋতুতে চলাচলের উপযুক্ত?		রোড রেজিস্টার থাকলে বা অন্যভাবে পাওয়া তথ্যের ভিত্তিতে, ৮০-১০০% রাস্তা সব ঋতুতে চলাচলের উপযুক্ত হলে **২** ৬০-৭৯% রাস্তা সব ঋতুতে চলাচলের উপযুক্ত হলে **১** ৬০%-এর কম রাস্তা সব ঋতুতে চলাচলের উপযুক্ত হলে **০** এবং কোনো তথ্য না থাকলে **-১**	২		১. সব ঋতুতে চলাচলের উপযুক্ত রাস্তা যে ভাবে ব্যাখ্যা করা হয়েছে সে রকম রাস্তা নেই। ২. সব ঋতুতে চলাচলের উপযুক্ত রাস্তা যে ভাবে ব্যাখ্যা করা হয়েছে সে রকম রাস্তা বেশী নেই। ৩. এ রকম রাস্তা আছে কিন্তু কখনো হিসাব করা মাপা হয়নি তাই কত শতাংশ জানা যাচ্ছে না। ৪. রোড রেজিষ্টারে এরকম কোনো তথ্য নেই। ৫. রোড রেজিষ্টার নেই। ৬. অন্য কোথাও এরকম তথ্য পাওয়া যাচ্ছে না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
(ঙ) ২০০৮-০৯ আর্থিক বছরে রাজ্য অর্থ কমিশনের প্রাপ্ত অর্থের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ ব্যয় হয়েছে?	মোট প্রাপ্ত অর্থ: মোট ব্যয়: প্রাপ্ত অর্থের কত শতাংশ ব্যয়:	৯৫-১০০% হলে **১০**, ৯০-৯৪% হলে **৯**, ৮৫-৮৯% হলে **৮**, ৮০-৮৪% হলে **৭**, ৭৫-৭৯% হলে **৬**, ৭০-৭৪% হলে **৫**, ৬৫-৬৯% হলে **৪**, ৬০-৬৪% হলে **৩**, ৫৫-৫৯% হলে **২**, ৫০-৫৪% হলে **১**, ৪০-৪৯% হলে **০** এবং ৪০%-এর কম হলে **-২**	১০		১. আগে থেকে কাজের পরিকল্পনা করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ২. আগে থেকে কাজের প্ল্যান/এস্টিমেট তৈরী করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৩. টাকা আসার পর কোন কাজটি করা হবে সেই সিদ্ধান্ত নিতে দেরী হয়েছে বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৪. বেশ কিছু টাকা ফেব্রুয়ারী/মার্চ মাসে পাওয়া গেছে বলে সেই অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৫. প্রধান/উপপ্রধানের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা সম্ভব হয়নি, তাই খুব বেশী অর্থও ব্যয় হয় নি। ৬. গ্রাম পঞ্চায়েত কর্মচারীর উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা সম্ভব হয়নি, তাই খুব বেশী অর্থও ব্যয় হয় নি। ৭. কয়েকটি উপ-সমিতির সঞ্চালকের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা সম্ভব হয়নি, তাই খুব বেশী অর্থও ব্যয় হয় নি। ৮. কিছু গ্রাম পঞ্চায়েত সদস্যের উদ্যোগের অভাবে বিশেষ কাজ করা সম্ভব হয়নি, তাই খুব বেশী অর্থও ব্যয় হয় নি। ৯. বিরোধী দলের বাধায় বিশেষ কাজ করা সম্ভব হয়নি, তাই খুব বেশী অর্থও ব্যয় হয় নি। ১০. অন্যান্য (উল্লেখ করুন) -
(চ) ২০০৮-০৯ আর্থিক বছরে জাতীয় বার্ধক্যভাতা প্রকল্পে (IGNOAPS/ NOAPS) প্রাপ্ত অর্থের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ ব্যয় হয়েছে?	মোট প্রাপ্ত অর্থ: মোট ব্যয়: প্রাপ্ত অর্থের কত শতাংশ ব্যয়:	৯৫-১০০% হলে **১০**, ৯০-৯৪% হলে **৮**, ৮৫-৮৯% হলে **৬**, ৮০-৮৪% হলে **৪**, ৭৫-৭৯% হলে **২**, ৬০-৭৪% হলে **০** এবং ৬০%-এর কম হলে **-২**	১০		১. বেশ কিছু টাকা ফেব্রুয়ারী/মার্চ মাসে পাওয়া গেছে বলে সেই অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ২. প্রধান/উপপ্রধানের উদ্যোগের অভাবে বার্ধক্যভাতার টাকা দিতে দেরী হয়েছে। ৩. গ্রাম পঞ্চায়েত কর্মচারীর উদ্যোগের অভাবে বার্ধক্যভাতার টাকা দিতে দেরী হয়েছে। ৪. গ্রাম পঞ্চায়েতে কর্মচারী কম থাকার জন্য বার্ধক্যভাতার টাকা দিতে দেরী হয়েছে। ৫. যাঁরা টাকা নিতে পঞ্চায়েতে আসতে পারেন না তাঁদের টাকা পৌঁছে দিতে দেরী হয়েছে। ৬. সূচক অনুযায়ী উপভোক্তা বাছাই করা হবে এটি জানার পর অর্থ ব্যয় করার উৎসাহ ছিল না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -

পরের পাতায়.....

প্রশ্ন (ঙ) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত। প্রশ্ন (চ): নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

১৯. অর্থের সদ্ব্যবহার (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ছ) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ ব্যয় হয়েছে?	মোট নিজস্ব তহবিল: থেকে মোট ব্যয়: নিজস্ব তহবিলের কত শতাংশ ব্যয়:	৭৫-১০০% হলে **১০**, ৭০-৭৪% হলে **৯**, ৬৫-৬৯% হলে **৮**, ৬০-৬৪% হলে **৭**, ৫৫-৫৯% হলে **৬**, ৫০-৫৪% হলে **৫**, ৪৫-৪৯% হলে **৪**, ৪০-৪৪% হলে **৩**, ৩৫-৩৯% হলে **২**, ৩০-৩৪% হলে **১**, ২৫-২৯% হলে **০** এবং ২৫%-এর কম হলে **-২**	১০		১. আগে থেকে কাজের পরিকল্পনা করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ২. আগে থেকে কাজের প্ল্যান/এস্টিমেট তৈরী করা ছিল না বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৩. কোন কাজটি করা হবে সেই সিদ্ধান্ত নিতে দেরী হয়েছে বলে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৪. নিজস্ব তহবিলের বেশীর ভাগ টাকাই বছরের শেষ দিকে সংগৃহীত হয়েছে তাই বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৫. নিজস্ব তহবিল সম্ভাব্য খরচের জন্য ধরে রাখা থাকে তাই বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৬. নিজস্ব তহবিলের টাকা দীর্ঘমেয়াদী আমানত করে রাখলে লাভ হবে বলে ব্যবহার করা হয়নি। ৭. নিজস্ব তহবিলের টাকায় কী করা হবে সে সম্পর্কে সুনির্দিষ্ট ভাবনা নেই। ৮. জনপ্রতিনিধিদের উদ্যোগের অভাবে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ৯. গ্রাম পঞ্চায়েত কর্মচারীদের উদ্যোগের অভাবে বেশী অর্থের সদ্ব্যবহার করা যায়নি। ১০. অন্যান্য (উল্লেখ করুন) -
(জ) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ অফিস পরিচালনার জন্য ব্যয় হয়েছে?	অফিস পরিচালনার জন্য ব্যয়: কত শতাংশ ব্যয়:	১০%-এর কম হলে **৫**, ১০-১৪% হলে **৪**, ১৫-১৯% হলে **৩**, ২০-২৪% হলে **২**, ২৫-২৯% হলে **১**, ৩০-৪৯% হলে **০** এবং ৫০% বা তার বেশী হলে **-২**	৫		১. অফিস পরিচালনায় প্রচুর ব্যয় হয় এবং তার জন্য নিজস্ব তহবিল ছাড়া অন্য কোনো উৎস নেই। ২. গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের পরিমাণ কম, তাই শতাংশের হিসাবে অফিস পরিচালনায় ব্যয় বেশী। ৩. সদস্যদের দাবীতে বিভিন্ন সভায় প্রচুর অর্থ ব্যয় হয়। ৪. কর্মচারীদের দাবীতে যাতায়াত ভাতায় প্রচুর অর্থ ব্যয় হয়। ৫. অফিস পরিচালনা ছাড়া অন্য কী করা যেতে পারে সে সম্পর্কে সুনির্দিষ্ট ভাবনা নেই। ৬. অন্যান্য (উল্লেখ করুন) -
(ঝ) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের জন্য ব্যয় হয়েছে?	অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের জন্য ব্যয়: কত শতাংশ ব্যয়:	৫০% বা তার বেশী হলে **৫**, ৪৫-৪৯% হলে **৪**, ৪০-৪৪% হলে **৩**, ৩০-৩৯% হলে **২**, ২০-২৯% হলে **১** এবং ২০%-এর কম হলে **০**	৫		১. নিজস্ব তহবিলের পরিমাণ এত কম যে সেখান থেকে উন্নয়নের কাজ করা যায়নি। ২. অফিস পরিচালনায় প্রচুর ব্যয় হয়েছে এবং সেইজন্য অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের কর্মসূচিতে বেশী ব্যয় করা যায়নি। ৩. কী ধরণের কর্মসূচিতে ব্যয় করা যেতে পারে সে সম্পর্কে ধারণা নেই। ৪. অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের কর্মসূচিতে ব্যয় করার কথা ভাবা হয়নি। ৫. নিজস্ব তহবিল খরচ না করে ধরে রাখা হয় বলে উন্নয়নের কাজে বেশী অর্থ ব্যয় হয়নি। ৬. অন্যান্য (উল্লেখ করুন) -

প্রশ্ন (ছ) - (ঝ) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

পরের পাতায়.....

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

১৯. অর্থের সদ্ব্যবহার (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ঞ) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ শিক্ষাখাতে ব্যয় হয়েছে?	শিক্ষাখাতে ব্যয়: কত শতাংশ ব্যয়:	১৫%-এর বেশী হলে **৫**, ১৩-১৫% হলে **৪**, ৯-১২% হলে **৩**, ৬-৮% হলে **২**, ৩-৫% হলে **১** এবং ৩%-এর কম হলে **০**	৫		১. নিজস্ব তহবিলের পরিমাণ এত কম যে সেখান থেকে উন্নয়নের কাজ করা যায়নি। ২. অফিস পরিচালনায় প্রচুর ব্যয় হয়েছে এবং সেইজন্য শিক্ষাখাতে বেশী ব্যয় করা যায়নি। ৩. শিক্ষাখাতে কোন কাজে ব্যয় করা হবে সে সম্বন্ধে স্পষ্ট ধারণা করা যায়নি। ৪. শিক্ষার বিষয়ে সংশ্লিষ্ট সরকারী দপ্তরই কাজ করবে ভেবে এখানে কোনো খরচ করা হয়নি। ৫. শিক্ষাখাতে ব্যয় করার কথা ভাবা হয়নি। ৬. মানুষের দাবীতে পরিকাঠামোর কাজ করতে হয়েছে, শিক্ষাখাতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৭. অন্যান্য সামাজিক কর্মসূচিতে ব্যয় করা হয়েছে, শিক্ষাখাতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
(ট) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ স্বাস্থ্যখাতে ব্যয় হয়েছে?	স্বাস্থ্যখাতে ব্যয়: কত শতাংশ ব্যয়:	১৫%-এর বেশী হলে **৫**, ১৩-১৫% হলে **৪**, ৯-১২% হলে **৩**, ৬-৮% হলে **২**, ৩-৫% হলে **১** এবং ৩%-এর কম হলে **০**	৫		১. নিজস্ব তহবিলের পরিমাণ এত কম যে সেখান থেকে উন্নয়নের কাজ করা যায়নি। ২. অফিস পরিচালনায় প্রচুর ব্যয় হয়েছে এবং সেইজন্য স্বাস্থ্যখাতে বেশী ব্যয় করা যায়নি। ৩. স্বাস্থ্যখাতে কোন কাজে ব্যয় করা হবে সে সম্বন্ধে স্পষ্ট ধারণা করা যায়নি। ৪. স্বাস্থ্যের বিষয়ে সংশ্লিষ্ট সরকারী দপ্তরই কাজ করবে ভেবে এখানে কোনো খরচ করা হয়নি। ৫. স্বাস্থ্যখাতে ব্যয় করার কথা ভাবা হয়নি। ৬. মানুষের দাবীতে পরিকাঠামোর কাজ করতে হয়েছে, স্বাস্থ্যখাতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৭. অন্যান্য সামাজিক কর্মসূচিতে ব্যয় করা হয়েছে, স্বাস্থ্যখাতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
(ঠ) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয় হয়েছে?	নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয়: কত শতাংশ ব্যয়:	১৫%-এর বেশী হলে **৫**, ১৩-১৫% হলে **৪**, ৯-১২% হলে **৩**, ৬-৮% হলে **২**, ৩-৫% হলে **১** এবং ৩%-এর কম হলে **০**	৫		১. নিজস্ব তহবিলের পরিমাণ এত কম যে সেখান থেকে উন্নয়নের কাজ করা যায়নি। ২. অফিস পরিচালনায় প্রচুর ব্যয় হয়েছে এবং সেইজন্য নারী ও শিশু উন্নয়ন খাতে বেশী ব্যয় করা যায়নি। ৩. নারী ও শিশু উন্নয়ন খাতে কোন কাজে ব্যয় করা হবে সে সম্বন্ধে স্পষ্ট ধারণা করা যায়নি। ৪. নারী ও শিশু উন্নয়ন বিষয়ে সংশ্লিষ্ট সরকারী দপ্তরই কাজ করবে ভেবে এখানে কোনো খরচ করা হয়নি। ৫. নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয় করার কথা ভাবা হয়নি। ৬. মানুষের দাবীতে পরিকাঠামোর কাজ করতে হয়েছে, নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৭. অন্যান্য সামাজিক কর্মসূচিতে ব্যয় করা হয়েছে, নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -

প্রশ্ন (ঞ) - (ঠ) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

পরের পাতায়.....

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

১৯. অর্থের সদ্ব্যবহার (চলছে)

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ড) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিল থেকে কত শতাংশ অর্থ গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে (অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে ব্যয় করা, পিছিয়ে পড়া গ্রামের উন্নয়ন ঘটানো, গ্রাম উন্নয়ন সমিতির প্রশাসন ব্যবস্থাকে শক্তিশালী করা বা গ্রাম উন্নয়ন সমিতিগুলির হিসাব সংক্রান্ত বই, রেজিস্টার ও লেখ-সামগ্রী কেনা) দেওয়া হয়েছে?		৫০% বা তার বেশী হলে **৮**, ৪৫-৪৯% হলে **৭**, ৪০-৪৪% হলে **৬**, ৩৫-৩৯% হলে **৫**, ৩০-৩৪% হলে **৪**, ২৫-২৯% হলে **৩**, ২০-২৪% হলে **২**, ১৫-১৯% হলে **১**, ১-১৪% হলে **০** এবং কিছু না দেওয়া হলে **-২**	৮		১. নিজস্ব তহবিল থেকে গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে অর্থ বরাদ্দ করতে হবে তা জানা ছিল না। ২. অনেক গ্রাম সংসদে গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হয় নি। ৩. সব গ্রাম উন্নয়ন সমিতির সচিব নির্বাচন হয়নি। ৪. সমস্ত গ্রাম উন্নয়ন সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্ট ছিল না। ৫. গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে অর্থ বরাদ্দ করলে তার সদ্ব্যবহারে দেরী হতে পারে এই আশঙ্কা থেকে দেওয়া হয় নি। ৬. গ্রাম উন্নয়ন সমিতিগুলির সক্ষমতা সম্পর্কে সন্দেহ ছিল (কারণ উল্লেখ করুন) ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
(ঢ) ২০০৮-০৯ আর্থিক বছরে নিজস্ব তহবিল থেকে উল্লিখিত কোনো দৃষ্টান্তমূলক কাজ করা হয়েছে কি? (যেটি বা যেগুলি করা হয়েছে সেটিকে বা সেগুলির ক্রমিক সংখ্যাকে গোল করে চিহ্নিত করুন)	১. দুঃস্থ অসহায় ব্যক্তিদের ভাতা বা খাবার দেওয়া ২. অপুষ্ট শিশু / গর্ভবতী মহিলাদের পুষ্টিকর খাবার দেওয়া ৩. দরিদ্র ব্যক্তিদের ওষুধ/শীতবস্ত্র কিনে দেওয়া ৪. মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি দেওয়া ৫. গ্রামীণ শিল্পীদের সহায়তা দেওয়া ৬. বিদ্যালয় / শিশু শিক্ষা কেন্দ্র / মাধ্যমিক শিক্ষা কেন্দ্র / অঙ্গনওয়াড়ী কেন্দ্র / উপস্বাস্থ্য কেন্দ্রের গৃহনির্মাণ বা উন্নীতকরণ ৭. অন্যান্য (উল্লেখ করুন) -	যে ক'ধরণের কাজ করা হয়েছে × ১	৭		১. নিজস্ব তহবিলের পরিমাণ এতই কম যে সেখান থেকে উন্নয়নের কাজ করা যায়নি। ২. অফিস পরিচালনায় প্রচুর ব্যয় হয়েছে এবং সেইজন্য এই সব কাজ করা যায়নি। ৩. এই সব কাজ করার কথা ভাবা হয়নি। ৪. এই সব কাজ কিভাবে করা হবে তার পরিষ্কার ধারণা নেই। ৫. মানুষের দাবীতে পরিকাঠামোর কাজ করতে হয়েছে, এই সব কাজে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৬. অন্যান্য সামাজিক কর্মসূচিতে ব্যয় করা হয়েছে, এই সব কাজে ব্যয় করার মত টাকা অবশিষ্ট ছিল না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			১২০		
প্রকৃত প্রাপ্ত নম্বর (= মোট প্রাপ্ত নম্বর ÷ ৮)			১৫		

প্রশ্ন (ড) - (ঢ) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২০. সদ্ব্যবহার শংসাপত্র (Utilisation Certificate) ও সময়মতো প্রতিবেদন জমা দেওয়ার ব্যবস্থা

(ক) সদ্ব্যবহার শংসাপত্র

বিষয়	ধরণ	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
সদ্ব্যবহার শংসাপত্র কখন পাঠানো হয়েছে?	(১) বিভিন্ন প্রকল্পের ক্ষেত্রে (NREGS, IAY, IGNOAPS, TFC ও SFC – এই পাঁচটি খাতে ২০০৮-০৯ আর্থিক বছরে প্রথম যে বরাদ্দ পাওয়া গেছে ও তার সদ্ব্যবহার শংসাপত্র পাঠানোর মধ্যের সময়ের গড়)		পাঁচটি প্রকল্পের গড় সময়ের ব্যবধান ৩ মাস বা তার কম হলে **৭**, ৩ মাসের বেশি কিন্তু ৪ মাস বা তার কম হলে **৩**, ৪ মাসের বেশি কিন্তু ৬ মাস বা তার কম হলে **১** এবং ৬ মাসের বেশি হলে **০**	৭		১. কাজ শুরু হতে দেরী হয়েছে তাই কাজ শেষ করে শংসাপত্র পাঠাতেও দেরী হয়েছে। ২. কাজ ঠিক সময়ে শুরু হলেও শেষ হতে দেরী হয়েছে, তাই শংসাপত্র পাঠাতে দেরী হয়েছে। ৩. কাজ শেষ করার পর ব্যয়ের ক্ষেত্রে নানান অসঙ্গতি ধরা পড়েছিল, তাই শংসাপত্র পাঠাতে দেরী হয়েছে। ৪. শংসাপত্র ঠিক কোন সময়ের মধ্যে পাঠাতে হয় তা জানা ছিল না তাই দেরী হয়েছে। ৫. অন্যান্য কাজের চাপে ঠিক সময়ে শংসাপত্র পাঠানো হয়ে ওঠে নি। ৬. শংসাপত্র ঠিক সময়ে পাঠানোর গুরুত্ব বোঝা যায়নি। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
	(২) প্রশাসনিক ব্যয়ের ক্ষেত্রে (২০০৮-০৯ আর্থিক বছরে প্রথম যে কয়েক মাসের জন্য টাকা পাঠানো হয়েছিল তার কত দিন পরে)		২০০৮-০৯ আর্থিক বছরে প্রথম যে কয়েক মাসের জন্য টাকা পাঠানো হয়েছিল তার মধ্যেই পাঠানো হলে **৩**, তা শেষ হওয়ার পরে ১৫ দিনের মধ্যে পাঠানো হলে **২**, তা শেষ হওয়ার পরে ১ মাসের মধ্যে পাঠানো হলে **১**, তা শেষ হওয়ার পরে ১ মাসের বেশী দেরী হলে **০** এবং কখনই না পাঠানো হলে **-২**	৩		১. প্রশাসনিক ব্যয়ের শংসাপত্র পাঠাতে হয় জানা ছিল না। ২. শংসাপত্র ঠিক কোন সময়ের মধ্যে পাঠাতে হয় তা জানা ছিল না তাই দেরী হয়েছে। ৩. অন্যান্য কাজের চাপে ঠিক সময়ে শংসাপত্র পাঠানো হয়ে ওঠে নি। ৪. দপ্তর সংক্রান্ত ব্যয়ের কিছু টাকা ধরে রাখা ছিল বলে শংসাপত্র পাঠাতে দেরী হয়েছে। ৫. শংসাপত্র ঠিক সময়ে পাঠানোর গুরুত্ব বোঝা যায়নি। ৬. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট				১০		

(খ) প্রতিবেদন জমা দেওয়ার ব্যবস্থা

বিষয়	ধরণ	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
গ্রাম পঞ্চায়েত উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে এই তথ্য ও প্রতিবেদনগুলি কখন পাঠিয়েছেন?	(১) ২০০৮-০৯ আর্থিক বছরের বার্ষিক কাজের প্রতিবেদন		৩১শে মে ২০০৯ তারিখের মধ্যে পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিকের কাছে জমা দেওয়া হলে **২**, না হলে **০**	২		১. এই রকম প্রতিবেদন পাঠানোর কোনো রেওয়াজ এখানে নেই। ২. বিভিন্ন কাজের চাপে এই প্রতিবেদন ঠিক সময়ে পাঠানো হয় না। ৩. এই প্রতিবেদন পাঠানো তেমন গুরুত্বপূর্ণ মনে হয়নি। ৪. এই ধরণের প্রতিবেদন ব্লক থেকে কখনো চাওয়া হয় নি, তাই তৈরিও করা হয়নি। ৫. শুধুমাত্র উপর থেকে চাপ আসলে তবেই পাঠানো হয়, নির্দিষ্ট সময়মতো হয় না। ৬. ৩১শে মে তারিখের মধ্যে পাঠাতে হবে জানা ছিল না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -

প্রশ্ন (ক) - (১), (২) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত। প্রশ্ন (খ) - (১) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

পরের পাতায়.....

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

(খ) প্রতিবেদন জমা দেওয়ার ব্যবস্থা (চলছে)

বিষয়	ধরণ	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
গ্রাম পঞ্চায়েত উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে এই তথ্য ও প্রতিবেদনগুলি কখন পাঠিয়েছেন?	(২) ২০০৮-০৯ আর্থিক বছরের জমা খরচের অর্ধবার্ষিক বিবরণী (২৭ নং ফর্ম)		২৫শে অক্টোবর ২০০৮ তারিখের মধ্যে পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিকের কাছে জমা দেওয়া হলে **১**, না হলে **০**	১		১. এই রকম প্রতিবেদন পাঠানোর কোনো রেওয়াজ এখানে নেই। ২. বিভিন্ন কাজের চাপে এই প্রতিবেদন ঠিক সময়ে পাঠানো হয় না। ৩. এই প্রতিবেদন পাঠানো তেমন গুরুত্বপূর্ণ মনে হয়নি। ৪. এই ধরণের প্রতিবেদন ব্লক থেকে কখনো চাওয়া হয় নি, তাই তৈরিও করা হয়নি। ৫. শুধুমাত্র উপর থেকে চাপ আসলে তবেই পাঠানো হয়, নির্দিষ্ট সময়মতো হয় না। ৬. ২৫শে অক্টোবর তারিখের মধ্যে পাঠাতে হবে জানা ছিল না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
	(৩) ২০০৮-০৯ আর্থিক বছরের জমা খরচের বার্ষিক বিবরণী (২৭ নং ফর্ম)		৭ই মে ২০০৯ তারিখের মধ্যে পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিকের কাছে জমা দেওয়া হলে **২**, না হলে **০**	২		১. এই রকম প্রতিবেদন পাঠানোর কোনো রেওয়াজ এখানে নেই। ২. বিভিন্ন কাজের চাপে এই প্রতিবেদন ঠিক সময়ে পাঠানো হয় না। ৩. এই প্রতিবেদন পাঠানো তেমন গুরুত্বপূর্ণ মনে হয়নি। ৪. এই ধরণের প্রতিবেদন ব্লক থেকে কখনো চাওয়া হয় নি, তাই তৈরিও করা হয়নি। ৫. শুধুমাত্র উপর থেকে চাপ আসলে তবেই পাঠানো হয়, নির্দিষ্ট সময়মতো হয় না। ৬. ৭ই মে তারিখের মধ্যে পাঠাতে হবে জানা ছিল না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
	(৪) NREGS, IAY, TFC ও SFC প্রকল্পের ২০০৯ সালের মার্চ মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন		চারটি প্রকল্পের মধ্যে যে কটির মার্চ মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন ৭ই এপ্রিল ২০০৯ তারিখের মধ্যে ব্লকে পাঠানো হয়েছে সেই সংখ্যা ÷ ২	২		১. এই রকম প্রতিবেদন পাঠানোর কোনো রেওয়াজ এখানে নেই। ২. বিভিন্ন কাজের চাপে এই প্রতিবেদন ঠিক সময়ে পাঠানো হয় না। ৩. এই প্রতিবেদন পাঠানো তেমন গুরুত্বপূর্ণ মনে হয়নি। ৪. এই ধরণের প্রতিবেদন ব্লক থেকে কখনো চাওয়া হয় নি, তাই তৈরিও করা হয়নি। ৫. শুধুমাত্র উপর থেকে চাপ আসলে তবেই পাঠানো হয়, নির্দিষ্ট সময়মতো হয় না। ৬. ৭ই এপ্রিল তারিখের মধ্যে পাঠাতে হবে জানা ছিল না। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
	(৫) এগুলি ছাড়া রাজ্য সরকার, জেলা, মহকুমা বা ব্লক গ্রাম পঞ্চায়েতের কাছে বিভিন্ন সময়ে চেয়ে পাঠান এমন তথ্য বা প্রতিবেদন		নির্ধারিত সময়ের মধ্যে হলে **৩**, নির্ধারিত সময়ের পরে ৭ দিনের মধ্যে হলে **২**, নির্ধারিত সময়ের পরে ১৫ দিনের মধ্যে হলে **১** এবং নির্ধারিত সময়ের ১৫ দিনেরও বেশি পরে হলে **০**	৩		১. বিভিন্ন কাজের চাপে এই ধরণের প্রতিবেদনের সবগুলি ঠিক সময়ে পাঠানো হয় নি। ২. এই ধরণের প্রতিবেদন এত চাওয়া হয় যে সবগুলি সময়ে পাঠানো সম্ভব হয় নি। ৩. প্রয়োজনীয় তথ্যগুলি সবসময় তৈরী থাকে না, সেগুলি জোগাড় করতে সময় লাগে। ৪. এই ধরণের প্রতিবেদনের সবগুলি পাঠানো তেমন গুরুত্বপূর্ণ মনে হয়নি। ৫. যে প্রতিবেদনগুলির জন্য উপর থেকে বারবার চাপ এসেছে সেগুলিই পাঠানো হয়েছে, অন্যগুলি পাঠানো হয়নি। ৬. কর্মচারীর অভাবের জন্য এই ধরণের প্রতিবেদনগুলি ঠিক সময়ে পাঠানো যায়নি। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট				১০		

প্রশ্ন (২) - (৫) : অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২১. প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার

বিষয়	উত্তর	নির্ধারিত নম্বরের ধরণ	সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর	ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ [এক বা একাধিক কারণ চিহ্নিত করুন (ক্রমিক সংখ্যাটিকে গোল করে)]
(ক) বনসৃজন সম্ভব এমন জায়গার কত শতাংশ এলাকায় বনসৃজন করা হয়েছে (৩১শে মার্চ ২০০৯ তারিখ পর্যন্ত)?		তথ্য থাকলে ও সেই তথ্য অনুযায়ী ৯০-১০০% হলে **১০**, ৮০-৮৯% হলে **৮**, ৭০-৭৯% হলে **৬**, ৬০-৬৯% হলে **৪**, ৫০-৫৯% হলে **২**, ৫০%-এর কম হলে **০** এবং গ্রাম পঞ্চায়েতের কাছে তথ্য না থাকলে **-২**	১০		১. বনসৃজনে যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়নি। ২. বিভিন্ন দপ্তর থেকে বনসৃজন করা হয়েছে, তার সামগ্রিক হিসাব গ্রাম পঞ্চায়েতে নেই। ৩. বনসৃজন করা হয়েছে, কিন্তু রক্ষণাবেক্ষণের অভাবে অনেক গাছ মারা গেছে। ৪. বনসৃজন করা হয়েছে, কিন্তু রক্ষণাবেক্ষণের অভাবে অনেক গাছ গরু-ছাগলে খেয়ে নিয়েছে। ৫. বনসৃজন করা হয়েছে, কিন্তু রক্ষণাবেক্ষণের অভাবে অনেক গাছ চুরি হয়ে গেছে। ৬. এলাকায় পর্যাপ্ত নার্শারি নেই বলে বনসৃজন বেশী হয়নি। ৭. পঞ্চায়েত সমিতি থেকে যে সময়ে চারাগাছ পাওয়া যায় সেই সময়ে লাগালে গাছ বাঁচে না। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
(খ) কত শতাংশ নলকূপ/কুঁয়া/পুকুর গ্রীষ্মকালে শুকিয়ে যায়?		১-১০% হলে **৫**, ১১-২০% হলে **৪**, ২১-৩০% হলে **৩**, ৩১-৪০% হলে **২**, ৪১-৫০% হলে **১** এবং ৫০%-এর বেশী হলে **০**	৫		১. এই এলাকা সাধারণত খরাপ্রবণ, তাই স্বাভাবিক ভাবেই শুকিয়ে যায়। ২. এই এলাকার জলাশয়গুলির সংস্কার প্রয়োজন, যা অনেকদিন করা হয়নি। ৩. এই এলাকায় অনেক নলকূপের সংস্কার প্রয়োজন, যা অনেকদিন করা হয়নি। ৪. বনসৃজন কম হয়েছে বলে জলের উৎসগুলি শুকিয়ে যায়। ৫. চাষের কাজে গুচ্ছ ও গভীর নলকূপগুলি থেকে জল তোলার জন্য গ্রীষ্মকালে জলস্তর নেমে যায়। ৬. এই সব ব্যাপারে কিছু করা হয়নি, কারণ গ্রাম পঞ্চায়েতের কিছু করার নেই। ৭. অন্যান্য (উল্লেখ করুন) -
(গ) কত শতাংশ এলাকায় ভূমিক্ষয় রোধ করা যায়নি?		১-১০% হলে **৫**, ১১-২০% হলে **৪**, ২১-৩০% হলে **৩**, ৩১-৪০% হলে **২**, ৪১-৫০% হলে **১** এবং ৫০%-এর বেশী হলে **০**	৫		১. ভূমিক্ষয় রোধ করার বিষয়ে কোনো উদ্যোগ নেওয়া হয়নি। ২. কিভাবে ভূমিক্ষয় রোধ করা যাবে জানা নেই। ৩. এ ব্যাপারে কোথায় সাহায্য পাওয়া যাবে জানা নেই। ৪. যে হারে ভূমিক্ষয় হচ্ছে, তার প্রতিকার গ্রাম পঞ্চায়েতের সীমিত ক্ষমতার বাইরে। ৫. বনসৃজন কম হয়েছে বলে ভূমিক্ষয় রোধ করা যায়নি। ৬. এলাকায় বহু ছাগল চাষ করার ফলে ভূমিক্ষয় বেড়ে যাচ্ছে, প্রতিকার কিছু জানা নেই। ৭. ভূমিক্ষয় রোধ করার ব্যাপারে কিছু করা হয়নি, কারণ গ্রাম পঞ্চায়েতের কিছু করার নেই। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
(ঘ) এলাকার মোট পতিত জমির কত শতাংশ শস্য/সব্জী চাষ, ফল/ফুলের চাষ বা বনখামার তৈরীর কাজে লাগানো গেছে (৩১শে মার্চ ২০০৯ পর্যন্ত)?		৬০-১০০% হলে **৫**, ৪০-৫৯% হলে **৪**, ৩০-৩৯% হলে **৩**, ২০-২৯% হলে **২**, ১০-১৯% হলে **১** এবং ১০%-এর কম হলে ০	৫		১. এবিষয়ে কোনো চিন্তা করা হয়নি। ২. এবিষয়ে কোনো বিশেষ উদ্যোগ নেওয়া হয়নি। ৩. এবিষয়ে কিছু কাজ হয়েছে কিন্তু হিসাব করা হয়নি বলে নির্দিষ্ট উত্তর দেওয়া সম্ভব নয়। ৪. অপেক্ষাকৃত স্বচ্ছল পরিবারগুলিকে তাদের জমির ব্যাপারে আগ্রহী করা যায়নি। ৫. দরিদ্র পরিবারগুলি তাদের জমির ব্যাপারে আগ্রহী হলেও অর্থের অভাবে কিছু করতে পারেননি। ৬. গ্রাম পঞ্চায়েত এ ব্যাপারে কোন খাত থেকে খরচ করতে পারে জানা নেই। ৭. এবিষয়ে উদ্যোগ সবে শুরু হয়েছে, এখনও তেমন সাড়া পাওয়া যায় নি। ৮. অন্যান্য (উল্লেখ করুন) -
মোট			২৫		
প্রকৃত প্রাপ্ত নম্বর (= মোট প্রাপ্ত নম্বর × ২ ÷ ৫)			১০		

প্রশ্ন (ক) - (ঘ) : কৃষি ও প্রাণীসম্পদ বিকাশ উপ-সমিতির এক্তিয়ারভুক্ত।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

সামগ্রিক

বিষয়		সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর
(ক) নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা			
১. গ্রাম পঞ্চায়েতের কাজে সাধারণ মানুষের অংশগ্রহণ	(ক) গত গ্রাম সংসদ সভা (নভেম্বর/ডিসেম্বর ২০০৮)	১০	
	(খ) গ্রাম উন্নয়ন সমিতির কার্যকারিতা ও তাদেরকে অর্থ প্রদান	১০	
২. গ্রাম পঞ্চায়েতের কাজে সদস্যদের অংশগ্রহণ	(ক) কোন কোন উপ-সমিতি ২০০৯-১০ আর্থিক বছরের জন্য তাদের বাজেট তৈরী করে জমা দিয়েছে?	৫	
	(খ) কোন কোন উপ-সমিতি ২০০৯-১০ আর্থিক বছরের বাজেট ১৫ই সেপ্টেম্বর, ২০০৮-এর মধ্যে তৈরী করে জমা দিয়েছে?	৫	
	(গ) গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভার ও উপ-সমিতি গুলির ২০০৮-০৯ আর্থিক বছরে কটি করে সভা হয়েছে?	১০	
	(ঘ) গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভা বিষয়ক	৫	
	(ঙ) গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভা ও উপ-সমিতিগুলির ২০০৮-০৯ আর্থিক বছরে সবকটি সভা মিলিয়ে গড় উপস্থিতি কত ছিল?	৫	
৩. গ্রাম পঞ্চায়েতের দেয় পরিষেবা		২০	
৪. গ্রাম পঞ্চায়েত ভবন ও কার্যালয় ব্যবস্থাপনা		৮	
৫. গ্রাম পঞ্চায়েত তথ্যসংরক্ষণ ও তা জানার ব্যবস্থা	(ক) রেজিস্টার সংক্রান্ত	১০	
	(খ) সাধারণ মানুষ গ্রাম পঞ্চায়েতে এসে নীচের তালিকাগুলি দেখতে পারেন কি?	৫	
	(গ) তথ্য পাওয়ার অধিকার সংক্রান্ত	২	
৬. গ্রাম পঞ্চায়েতের কাজের স্বচ্ছতা		১০	
৭. শিক্ষা		১৫	
৮. জনস্বাস্থ্য	(ক) স্বাস্থ্য পরিষেবা	১৫	
	(খ) পানীয় জল ও স্বাস্থ্যবিধান ব্যবস্থা	১০	
	(গ) নারী ও শিশু উন্নয়ন	১০	
৯. দরিদ্রদের স্বপক্ষে গৃহীত কার্যাবলী		১০	
১০. অর্থনৈতিক ও সামাজিক পরিকাঠামো উন্নয়ন		১০	
১১. আবাসন		১০	
১২. বিপর্যয় মোকাবিলা		৫	
১৩. সামাজিক নিরাপত্তা		১০	
মোট (নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা)		**২০০**	

পরের পাতায়.....

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

সামগ্রিক (চলছে)

বিষয়		সর্বোচ্চ নম্বর	প্রাপ্ত নম্বর
(খ) সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার			
১৪. গ্রাম পঞ্চায়েতের উপবিধি		৫	
১৫. গ্রাম পঞ্চায়েতের পরিকল্পনা প্রণয়ন ও বাজেট		১০	
১৬. নিজস্ব সম্পদ সংগ্রহ		২০	
১৭. আর্থিক ব্যবস্থাপনা		১০	
১৮. নিরীক্ষা		১০	
১৯. অর্থের সদ্ব্যবহার		১৫	
২০. সদ্ব্যবহার শংসাপত্র (Utilisation Certificate) ও সময়মতো প্রতিবেদন জমা দেওয়ার ব্যবস্থা	(ক) সদ্ব্যবহার শংসাপত্র	১০	
	(খ) প্রতিবেদন জমা দেওয়ার ব্যবস্থা	১০	
২১. প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার		১০	
মোট (সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার)		**১০০**	
সর্বমোট		**৩০০**	
প্রকৃত সর্বমোট প্রাপ্ত নম্বর (= সর্বমোট প্রাপ্ত নম্বর ÷ ৩)		**১০০**	

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

উপ-সমিতির সঞ্চালকদের ও প্রধানের মতামত

উপ-সমিতি	যে প্রশ্নগুলি ঐ উপ-সমিতির এক্তিয়ারভুক্ত	উপ-সমিতির সভার তারিখ ও সঞ্চালকের স্বাক্ষর
অর্থ ও পরিকল্পনা	১.(ক): (১) - (৪), ১.(খ): (১) - (৫), ২.(ক), ২.(খ), ২.(গ): (১) - (২), ২.(ঘ): (১) - (২), ২.(ঙ): (১) - (২), ৩.(ঝ) - ৩.(ট), ৩.(ণ), ৪.(ক) - ৪.(ঙ), ৪.(ঞ) - ৪.(ঢ), ৫.(ক): (১) - (১০), ৫.(খ): (১) - (৯), ৫.(গ), ৬.(ক) - (ঘ), ৬.(ছ), ৬.(জ), ৯.(ক), ৯.(খ), ৯.(ঙ) - ৯.(ঝ), ১২.(ক), ১৩.(ক), ১৩.(খ), ১৪.(ক), ১৪.(খ), ১৫.(ক) - ১৫.(ঝ), ১৬.(ক): (১) - (৩), ১৬.(খ): (১) - (৩), ১৭.(ক) - ১৭.(ঙ), ১৮.(ক) - ১৮.(ঙ), ১৯.(ক), ১৯.(খ), ১৯.(ঘ), ১৯.(ঙ), ১৯.(ছ) - ১৯.(ঢ), ২০.(ক): (১) - (২), ২০.(খ): (১) - (৫)	..... তারিখে উপ-সমিতির সভায় পাশের প্রশ্নগুলি নিয়ে আলোচনা করে স্বমূল্যায়ন প্রতিবেদন পূরণ করা হয়েছে। ..... সঞ্চালকের স্বাক্ষর
কৃষি ও প্রাণীসম্পদ বিকাশ	২.(গ): (৩), ২.(ঙ): (৩), ১০.(ক), ১৩.(চ), ২১.(ক) - ২১.(ঘ)	..... তারিখে উপ-সমিতির সভায় পাশের প্রশ্নগুলি নিয়ে আলোচনা করে স্বমূল্যায়ন প্রতিবেদন পূরণ করা হয়েছে। ..... সঞ্চালকের স্বাক্ষর
শিক্ষা ও জনস্বাস্থ্য	২.(গ): (৪), ২.(ঙ): (৪), ৩.(ঙ), ৩.(চ), ৩.(ড), ৩.(ত), ৩.(থ), ৪.(চ) - ৪.(ঝ), ৭.(ক) - ৭.(ছ), ৮.(ক): (১) - (১২), ৮.(খ): (১) - (৬), ১০.(ঘ) - ১০.(চ)	..... তারিখে উপ-সমিতির সভায় পাশের প্রশ্নগুলি নিয়ে আলোচনা করে স্বমূল্যায়ন প্রতিবেদন পূরণ করা হয়েছে। ..... সঞ্চালকের স্বাক্ষর
নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ	২.(গ): (৫), ২.(ঙ): (৫), ৬.(চ), ৮.(গ): (১) - (৭), ৯.(গ), ৯.(ঘ), ১০.(ছ), ১৩.(গ) - ১৩.(ঙ), ১৯.(চ)	..... তারিখে উপ-সমিতির সভায় পাশের প্রশ্নগুলি নিয়ে আলোচনা করে স্বমূল্যায়ন প্রতিবেদন পূরণ করা হয়েছে। ..... সঞ্চালকের স্বাক্ষর
শিল্প ও পরিকাঠামো	২.(গ): (৬), ২.(ঙ): (৬), ৩.(ক) - ৩.(ঘ), ৩.(ছ), ৩.(জ), ৩.(ঠ), ৩.(ঢ), ৩.(দ), ৩.(ধ), ৬.(ঙ), ১০.(খ), ১০.(গ), ১১.(ক) - ১১.(গ), ১৯.(গ)	..... তারিখে উপ-সমিতির সভায় পাশের প্রশ্নগুলি নিয়ে আলোচনা করে স্বমূল্যায়ন প্রতিবেদন পূরণ করা হয়েছে। ..... সঞ্চালকের স্বাক্ষর

স্বমূল্যায়ন প্রতিবেদনে পাঁচটি উপ-সমিতির দেওয়া উত্তর ও নম্বরগুলির উপরে ..... তারিখে গ্রাম পঞ্চায়েতের বর্ধিত সাধারণ সভায় সকলে মিলে আলোচনা করে ও প্রয়োজনীয় সংশোধন করে চূড়ান্ত স্বমূল্যায়ন প্রতিবেদন তৈরি করা হয়েছে।

.....

প্রধানের স্বাক্ষর ও সীল

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

এই স্বমূল্যায়ন প্রতিবেদন আপনাদের জন্য। এটিকে আপনাদের পছন্দমত করে তৈরী করতে মতামত দিন।

(১) ২০০৯-১০ আর্থিক বছরের স্বমূল্যায়ন প্রতিবেদনে নতুন যে যে প্রশ্নগুলি ঢোকানো প্রয়োজন	
(২) ২০০৯-১০ আর্থিক বছরের স্বমূল্যায়ন প্রতিবেদনে যে যে প্রশ্নগুলি বাদ দেওয়া প্রয়োজন	
(৩) ২০০৯-১০ আর্থিক বছরের স্বমূল্যায়ন প্রতিবেদনে যে যে প্রশ্নে পরিবর্তন করা প্রয়োজন (কি পরিবর্তন করা প্রয়োজন উল্লেখ করুন)	

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের প্রধান সাফল্য ও ব্যর্থতা

(১) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের প্রধান সাফল্য :	সাফল্যের কারণ :
(২) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের প্রধান ব্যর্থতা :	ব্যর্থতার কারণ :

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

সংক্ষিপ্ত ব্যাখ্যা ও কিছু প্রাসঙ্গিক আলোচনা

এই প্রতিবেদনটির বিভিন্ন বিষয় ২০০৮-০৯ আর্থিক বছরের কাজের ভিত্তিতে ৩১শে মার্চ, ২০০৯-এ সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের অবস্থান ধরে পূরণ করতে হবে (কোনো প্রশ্নে অন্য কোনো তারিখের উল্লেখ না থাকলে)। প্রতিটি বিষয়ে যে প্রশ্নটি বা প্রশ্নগুলি রাখা হয়েছে সেটির বা সেগুলির উত্তর লিখবেন। ধরা যাক প্রশ্নটি হল কত শতাংশ গ্রাম সংসদে গত বারের গ্রাম সংসদ সভা হয়েছে? এখন এই গ্রাম পঞ্চায়েতে হয়তো ১৫টি সংসদের মধ্যে ১৩টিতে হয়েছে। তখন উত্তরের ঘরে লিখতে হবে ৮৭ (কারণ ১৩ × ১০০ ÷ ১৫ = ৮৬.৬৭)। সেই উত্তর অনুসারে নির্ধারিত নম্বরের ধরণ অনুযায়ী প্রাপ্ত নম্বর দিতে হবে। অর্থাৎ ৯০%-এর কম সংসদে হলে যেহেতু এই প্রশ্নে ০ নম্বর আছে তাই এক্ষেত্রে প্রাপ্ত নম্বর হবে ০। এইভাবে প্রত্যেকটি প্রশ্নে বাস্তব অবস্থার প্রেক্ষিতে নিজেরাই নিজেদের মূল্যায়ন করে উত্তর ও সেই অনুযায়ী নির্ধারিত নিয়মে নম্বর দিয়ে এই প্রতিবেদনটি পূরণ করবেন। প্রত্যেকটি প্রশ্নে সর্বোচ্চ নম্বর দেওয়া আছে। এই সর্বোচ্চ নম্বর থেকে সর্বনিম্ন নম্বরের (০ বা ঋণাত্মক) মধ্যে গ্রাম পঞ্চায়েতের প্রাপ্ত নম্বর কিভাবে ঠিক হবে তা নির্দিষ্ট করে দেওয়া আছে 'নির্ধারিত নম্বরের ধরণ'-এ। এখানে তিন ধরণের প্রশ্ন আছে – (ক) যেখানে নম্বর শতাংশের ভিত্তিতে ঠিক হবে, (খ) যেখানে নম্বর সংখ্যা/দিনের ভিত্তিতে ঠিক হবে এবং (গ) যেখানে নম্বর হ্যাঁ/না অনুযায়ী ঠিক হবে। কিছু প্রশ্নে ঋণাত্মক নম্বর (negative marks) পাওয়ার ব্যবস্থা আছে। যদি নির্ধারিত নিয়মে গ্রাম পঞ্চায়েত কোথাও ঋণাত্মক নম্বর পান তবে তা লিখতে হবে এবং যোগ করতে হবে। অর্থাৎ সামগ্রিকভাবে অন্য প্রশ্নে পাওয়া (ধনাত্মক) নম্বরকে কমিয়ে দেবে ঐ ঋণাত্মক নম্বর।

এছাড়া প্রত্যেকটি প্রশ্নের সাথে 'ভাল নম্বর না পাওয়ার সম্ভাব্য কারণ' বলে একটি কলম যোগ করা আছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার গ্রাম পঞ্চায়েতগুলির মধ্যে এবং একটি জেলারও বিভিন্ন এলাকায় গ্রাম পঞ্চায়েতগুলির মধ্যে অবস্থানের তফাৎ এত বেশী যে সারা রাজ্যের জন্য একটি নির্দিষ্ট নম্বরকে ভাল নম্বর হিসাবে ঠিক করে দেওয়া সম্ভব নয় বা উচিৎও নয়। তাই ভাল নম্বর কোনটিকে ধরা হবে তা আমরা ঠিক করে দিচ্ছি না। স্থানীয় অবস্থা বা পরিস্থিতি অনুযায়ী গ্রাম পঞ্চায়েত নিজেই ঠিক করবেন কোনটি ভাল নম্বর। একেকটি প্রশ্নে এই ভাল নম্বর এক এক রকম হতেই পারে। কোনো প্রশ্নে গ্রাম পঞ্চায়েত যে নম্বরটিকে ভাল নম্বর হিসাবে চিহ্নিত করেছেন সেই নম্বরের থেকে কম নম্বর পেলে তখন ঐ ভাল নম্বর না পাওয়ার কারণ চিহ্নিত করতে হবে। এই কারণ একটিও হতে পারে বা একাধিকও হতে পারে। প্রত্যেকটি প্রশ্নের সাথে অনেকগুলি সম্ভাব্য কারণের তালিকা দেওয়া আছে। তার মধ্যে যেটি বা যেগুলি এই গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে প্রযোজ্য সেটির বা সেগুলির বাঁদিকের ক্রমিক সংখ্যাটিকে গোল করে চিহ্নিত করতে হবে। যে কারণগুলি উল্লেখ করা আছে তার বাইরের কোনো কারণ হলে সেটিকে অন্যান্য কারণের স্থানে লিখতে হবে। এই প্রক্রিয়াটির মধ্যে দিয়ে গেলে বিভিন্ন বিষয়ে দুর্বলতার কারণগুলি চোখের সামনে পরিষ্কারভাবে ফুটে উঠবে। দুর্বলতার নির্দিষ্ট কারণগুলি চোখের সামনে থাকলে তবেই আগামী দিনে পঞ্চায়েতের পক্ষে সেগুলিকে কাটিয়ে উঠে পঞ্চায়েত ব্যবস্থাকে আরও সক্রিয়, শক্তিশালী ও জনমুখী করে তোলা সম্ভব হবে।

প্রথমে গ্রাম পঞ্চায়েতের অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু তথ্য ধরতে চাওয়া হয়েছে 'এক নজরে গ্রাম পঞ্চায়েত'-এর প্রশ্নগুলিতে। এছাড়া সমগ্র প্রতিবেদনটিকে দুটি বৃহত্তর ভাগে ভাগ করা হয়েছে – (ক) নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা ও (খ) সম্পদ সৃষ্টি ও সদ্ব্যবহার। ১ থেকে ১৩ নং প্রশ্ন নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা সংক্রান্ত এবং ১৪ থেকে ২১ নং প্রশ্ন সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার সংক্রান্ত।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

এক নজরে গ্রাম পঞ্চায়েত

টেলিফোন নম্বর : যদি গ্রাম পঞ্চায়েতে টেলিফোন না থাকে তবে প্রধান, নির্বাহী সহায়ক বা অন্য কারোর মোবাইল নম্বর লিখুন।

(১) : ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

(২) : ২০০১-এর ক্ষেত্রে জনগণনা অনুসারে প্রকৃত তথ্য লিখতে হবে। ২০০১ থেকে ২০০৯ এই ৮ বছরে জনসংখ্যার যা বৃদ্ধি হয়েছে বা সাক্ষরতার হারের যে পরিবর্তন হয়েছে তার একটি বাস্তবভিত্তিক অনুমান করতে হবে এবং ২০০১-এর তথ্যের সাথে তা যোগ করে ২০০৯-এর তথ্য হিসাবে লিখতে হবে। (ঘ) প্রশ্নে সংখ্যালঘু বলতে বোঝানো হয়েছে হিন্দু ছাড়া অন্য যে কোনো সম্প্রদায়। (ঙ) প্রশ্নে সাক্ষরতার হার = সাক্ষর জনসংখ্যা ÷ (মোট জনসংখ্যা – ০ থেকে ৬ বছর বয়সী জনসংখ্যা)

(৩) – (৮) : ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

(৯) – (২০) : প্রধান, উপ-প্রধান ও চারটি উপ-সমিতির সঞ্চালকের নাম লিখতে হবে এবং তাঁরা যে শ্রেণীতে পড়েন সেই শ্রেণীর কোড নম্বরটি লিখতে হবে।

(২১), (২২) : রাজনৈতিক দলের কোডটি লিখতে হবে।

(২৩) : কত জন সদস্য প্রধান নির্বাচনে বর্তমান প্রধানের পক্ষে ভোট দিয়েছিলেন সেই সংখ্যাটি লিখতে হবে।

(২৪) : যে পদটি/পদগুলি খালি তার/সেগুলির কোড লিখতে হবে।

(২৫) – (২৮) : ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

(২৯) – (৩৫) : বর্তমান অবস্থার ভিত্তিতে উত্তর লিখতে হবে। পূর্ণাঙ্গ চিত্র পাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।

(ক) নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা

১. (ক) (১) গ্রাম সংসদের সভা যদি নির্দিষ্ট সময়ের কিছুটা আগে বা পরে হয় তাহলেও তা হিসাবে ধরা যাবে।

(২) সংশ্লিষ্ট বছরে সংসদ সভা করার সময় কার্যকর যে ভোটার তালিকা তাতে গ্রাম সংসদের জন্য যে নির্দিষ্ট এলাকা তাতে যতজন ভোটার থাকবেন (সংযোজন বা বিয়োজন হিসাবে আনার পর) সেই সংখ্যার ভিত্তিতে শতাংশের হার ঠিক হবে। সবকটি গ্রাম সংসদের গড় করে গ্রাম পঞ্চায়েতের মোট হিসাব বের করতে হবে।

(৩) গ্রাম সংসদে মোট যতজন উপস্থিত আছেন তাদের মধ্যে কতজন মহিলা এই হিসাবে মহিলাদের উপস্থিতির হার বের করতে হবে। সবকটি গ্রাম সংসদের গড় করে গ্রাম পঞ্চায়েতের মোট হিসাব বের করতে হবে।

(৪) যে বিষয়গুলি নিয়ে অর্ধেক বা তার বেশী গ্রাম সংসদে আলোচনা হয়েছে সেগুলিকেই চিহ্নিত করতে হবে এবং সেই অনুযায়ী নম্বর দিতে হবে। মোট প্রাপ্ত নম্বরকে ৩ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

(খ) (১) মোট গ্রাম সংসদ সংখ্যার ভিত্তিতে হিসাব করতে হবে।

(২) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম উন্নয়ন সমিতিগুলি গড়ে কতগুলি সভা করেছে = সবকটি গ্রাম উন্নয়ন সমিতি ২০০৮-০৯ আর্থিক বছরে যতগুলি করে সভা করেছে তার যোগফল ÷ গ্রাম উন্নয়ন সমিতির সংখ্যা।

(৩) ২০০৮-০৯ আর্থিক বছরে দ্বাদশ অর্থ কমিশনের নিঃশর্ত তহবিলের কত শতাংশ গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে অগ্রিম দেওয়া হয়েছে = সবকটি গ্রাম উন্নয়ন সমিতিকে দ্বাদশ অর্থ কমিশনের মোট যত টাকা অগ্রিম দেওয়া হয়েছে × ১০০ ÷ দ্বাদশ অর্থ কমিশনের বরাদ্দ বাবদ মোট যত টাকা পাওয়া গেছে।

(৪) ২০০৮-০৯ আর্থিক বছরে রাজ্য অর্থ কমিশনের নিঃশর্ত তহবিলের কত শতাংশ গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে অগ্রিম দেওয়া হয়েছে = সবকটি গ্রাম উন্নয়ন সমিতিকে রাজ্য অর্থ কমিশনের মোট যত টাকা অগ্রিম দেওয়া হয়েছে × ১০০ ÷ রাজ্য অর্থ কমিশনের বরাদ্দ বাবদ মোট যত টাকা পাওয়া গেছে।

(৫) ২০০৮-০৯ আর্থিক বছরে মোট প্রদত্ত অর্থের কত শতাংশ গ্রাম উন্নয়ন সমিতিগুলি খরচ করতে পেরেছে = সবকটি গ্রাম উন্নয়ন সমিতি মোট যত টাকা খরচ করে অ্যাডজাস্টমেন্ট দিয়েছে × ১০০ ÷ সবকটি গ্রাম উন্নয়ন সমিতিকে মোট যত টাকা অগ্রিম দেওয়া হয়েছে।

মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে গুণ করে গুণফলকে ৫ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

২. (ক) এখানে যে কয়টি উপ-সমিতির বাজেট তৈরী হয়ে জমা পড়েছে সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে।

(খ) এখানে ১৫ই সেপ্টেম্বরের মধ্যে যে কয়টি উপ-সমিতির বাজেট তৈরী হয়ে জমা পড়েছে সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে।

(গ) এক্ষেত্রে মুলতবী সভা যা এক সপ্তাহ পরে অনুষ্ঠিত হয়েছে সেগুলিকে একটি সভা হিসাবে গুণতে হবে। তবে কোনো রকম তলবী সভাকে এই হিসাবে আনা যাবে না। সভার সংখ্যা গুণে নম্বর দিতে হবে। মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

(ঘ) (১) কোনো মুলতবী সভার পরের সপ্তাহে যদি কোরাম হয়ে বা এমনকি পূর্ণ সংখ্যার সদস্য উপস্থিত হয়ে সভা করেন, তাহলেও প্রথম যে সভা মুলতবী হয়েছে তাকে এখানে হিসাবে আনতে হবে।

(২) সম্পূর্ণ সহমতের ভিত্তিতে গ্রাম পঞ্চায়েতে কাজ করা সম্ভব হলে তা বাঞ্ছনীয়। কিন্তু সাধারণত যে কোনো প্রস্তাবে নানান ধরণের মত উঠে আসে এবং তা নিয়ে আলোচনা প্রয়োজন হয়। অনেক সময়েই আলোচনার পরেও কেউ বিরোধী কোনো মতে স্থির হয়ে থাকেন। গণতান্ত্রিক পদ্ধতিতে বিভিন্ন মতের আদানপ্রদান অবশ্যই ভালো লক্ষণ। কোনো বিরোধী প্রস্তাব যদি গৃহীত না হয় তাহলেও তা লিপিবদ্ধ থাকা উচিৎ। এখানে বিরোধী মত বা প্রস্তাব অর্থে বিরোধী কোনো সদস্যের মত/প্রস্তাব নয়। শেষ পর্যন্ত যে সিদ্ধান্ত অধিকাংশ সদস্যের সমর্থনে গৃহীত হল, দলমত নির্বিশেষে যে কোনো সদস্য যদি তার বিপরীত কোনো মত বা প্রস্তাব দিয়ে থাকেন এবং আলোচনাসূত্রে সেগুলি কার্যবিবরণীতে লিপিবদ্ধ হয়ে থাকে (যা হওয়াই উচিৎ), সেগুলিকেই হিসাবে ধরতে হবে। কার্যবিবরণী দেখে কটি সভায় বিরোধী মত/প্রস্তাব লিপিবদ্ধ হয়েছে সেই সংখ্যাটি গুণে সেই অনুযায়ী নম্বর দিতে হবে।

(ঙ) এখানে সদস্যদের হিসাবের মধ্যে রাজ্য সরকার নিযুক্ত সদস্যদেরও ধরতে হবে। তবে আমন্ত্রিত ব্যক্তিদের ধরা হবে না। আবার মৃত্যু, পদত্যাগ, অপসারণ ইত্যাদি কারণে কোনো পদ যদি শূন্য থাকে বা কোনো সদস্য সাময়িকভাবে অপসারিত (সাসপেনশান) হওয়ার জন্য সভায় যোগ দিতে না পারেন, তাহলে মোট সদস্যসংখ্যা থেকে সেই অনুযায়ী বাদ দিতে হবে। সবগুলি সভায় উপস্থিতির মোট সংখ্যাকে সভার সংখ্যা দিয়ে ভাগ করে গড় উপস্থিতি বের করতে হবে। মোট প্রাপ্ত নম্বরকে ৪ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

৩. (ক) রাজ্য পঞ্চায়তে আইনের ২৫ ও ৪২ ধারার ক্ষমতায় একটি গ্রাম পঞ্চায়েত এলাকার মধ্যের সব ধরণের জনপথ বা সর্বসাধারণের ব্যবহার্য রাস্তা (যেগুলি কেন্দ্রীয় বা রাজ্য সরকারের অথবা অন্য কোনো স্থানীয় সংস্থার নিয়ন্ত্রণাধীন সেগুলি বাদ দিয়ে) গ্রাম পঞ্চায়েতের অধীনে ও নিয়ন্ত্রণে আনা হয়েছে। স্বাভাবিকভাবেই এই রাস্তাগুলি সম্বন্ধে গ্রাম পঞ্চায়েতের দায়িত্ব এসেছে। এদের নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ করে ব্যবহারযোগ্য অবস্থায় রাখতে হবে।

প্রয়োজন অনুযায়ী অনেক রাস্তাকে লম্বায় বা প্রসারে বাড়াতে হতে পারে। কোথাও রাস্তার গুণগত মান উন্নত করতে হতে পারে। এই কাজ সুষ্ঠুভাবে করতে হলে সব রাস্তার একটি তালিকা (রোড রেজিস্টার) রাখা অবশ্য প্রয়োজন। এই রেজিস্টার সময়োপযোগী করে রাখতে হবে যাতে যে কোনো সময়েই একটি পরিষ্কার চিত্র পাওয়া যায়। এই কারণে রোড রেজিস্টারের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। এখানে রোড রেজিস্টার রাখা অর্থে একটি সম্পূর্ণ রেজিস্টার যা ১ এপ্রিল ২০০৮-এর অবস্থানকে বুঝিয়ে দিচ্ছে এরকম ভাবতে হবে। প্রসঙ্গত পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের 27-04-2005 এর স্মারক নং 401/PA/RD/O/14S-8/03 এর মাধ্যমে রোড রেজিস্টার রাখার নির্দেশ দেওয়া হয়েছে। তারজন্য একটি ফর্মাটও প্রচার করা হয়েছে। সেই ফর্মাট অনুযায়ী রোড রেজিস্টার রাখা না হয়ে থাকলে অবিলম্বে রাখার ব্যবস্থা করা উচিৎ। যেখানে বর্তমানে রোড রেজিস্টার নেই সেখানে ০ পাওয়া যাবে।

(খ) যেখানে রোড রেজিস্টার নেই সেখানে সম্পদ রেজিস্টার বা গ্রাম পঞ্চায়েতের অন্য কোনো তথ্যভান্ডারের উপর নির্ভর করে উত্তর তৈরী করা যেতে পারে। কোনো আল-রাস্তাকে পাড়ার সংযোগকারী রাস্তা ধরা যাবে না। অন্তত ১.৮ মিটার (৬ ফুট) চওড়া (রিক্সা চলাচল করতে পারে) রাস্তাকেই সংযোগকারী রাস্তা ভাবতে হবে।

(গ) শুধু মাটির রাস্তাকে সব ঋতুতে চলার উপযুক্ত ভাবা চলবে না। উপরে পিচ দেওয়া না হলেও যদি মোরাম বিছানো অথবা ইঁট বা বোল্ডার বা পাথরকুচি বসানো হয় অর্থাৎ সব ঋতুতে, বিশেষ করে বর্ষাকালে, সহজে চলাচলের মতো হয় সেসব রাস্তাকেই এই শ্রেণীতে আনা যাবে। শতাংশের হিসাব গ্রামের মোট রাস্তার (কিলোমিটার) দৈর্ঘ্যের তুলনায় করতে হবে। উল্লেখ করা যায় যে, লালমাটির এলাকাগুলিতে রাস্তার পাশের মাটি বেশীরভাগই মোরাম মিশ্রিত হয়ে থাকে। এবং সেই মাটি ব্যবহার করলে রাস্তার উপরে জল জমে না বা কাদা হয় না। সেই কারণে সে সব জায়গায় মাটির রাস্তা ও মোরাম রাস্তায় তফাৎ নেই। এই রাস্তাগুলিকে মোরাম রাস্তা বলেই ভাবতে হবে।

(ঘ) গ্রাম পঞ্চায়েত এলাকায় সবকটি গ্রাম সংসদ মিলিয়ে এই ধরণের রাস্তা মোট যত কিলোমিটার আছে তার মধ্যে কত কিলোমিটার সারাই ও রক্ষণাবেক্ষণ প্রয়োজন তা শতাংশের হিসাবে জানতে চাওয়া হয়েছে। এই প্রয়োজন বিচার করতে হবে রাস্তাটি যে মান অনুযায়ী ও যে প্রয়োজন মেটানোর জন্য তৈরী হয়েছিল সেই প্রয়োজন অক্লেশে মেটাচ্ছে কিনা তাই বুঝে। অর্থাৎ গরুর গাড়ী যাওয়ার মাটির রাস্তায় মাটি সব জায়গায় সমানভাবে আছে কিনা দেখতে হবে। মোরাম রাস্তায় মোরাম মসৃণভাবে আছে কিনা, ইঁট বিছানো রাস্তায় কোনো ভাঙ্গা অংশ নেই ও চলাচলের অসুবিধে নেই এসব দেখতে হবে। তথ্য থাকলে তবেই গ্রাম পঞ্চায়েত নির্ধারিত নিয়মে ০ থেকে ৫ পেতে পারেন। তথ্য না থাকলে রাস্তার অবস্থা যাই হোক না কেন গ্রাম পঞ্চায়েত -১ পাবেন।

(ঙ) গ্রাম পঞ্চায়েত এলাকায় কত শতাংশ নলকূপ খারাপ হয়ে পড়ে আছে বলতে গ্রাম পঞ্চায়েতের সবকটি গ্রাম সংসদ মিলিয়ে মোট যতগুলি সাধারণের ব্যবহার্য নলকূপ আছে তার কত শতাংশ খারাপ (জল ওঠে না বা জল দূষিত বলে ব্যবহার করা যায় না) হয়ে আছে তা জানতে চাওয়া হয়েছে। ব্যক্তিগত মালিকানার নলকূপ এই হিসাবের মধ্যে ধরা হবে না। MPLADS/BEUP প্রকল্পে তৈরী নলকূপগুলি যদি অন্য কোনো পঞ্চায়েত বা কোনো সংস্থার তত্ত্বাবধানে দেওয়া হয়েছে এমন কোনো সংবাদ না থাকে, তাহলে সেগুলির রক্ষণাবেক্ষণের দায়িত্ব গ্রাম পঞ্চায়েতের হবে এবং সেগুলিকেও হিসাবের মধ্যে ধরতে হবে। যে সব বিষয়ে গ্রাম পঞ্চায়েতে তথ্য থাকতে হবে তা হলো – (১) গ্রাম পঞ্চায়েতে মোট কতগুলি নলকূপ (ব্যবহারযোগ্য এবং প্রয়োজনীয় মেরামত করলে ব্যবহারযোগ্য) আছে এবং (২) কতগুলি নলকূপে মেরামতের প্রয়োজন আছে। তথ্য থাকলে তবেই গ্রাম পঞ্চায়েত নির্ধারিত নিয়মে ০ থেকে ৫ পেতে পারেন। তথ্য না থাকলে নলকূপের অবস্থা যাই হোক না কেন গ্রাম পঞ্চায়েত -১ পাবেন।

(চ) এখানে সাধারণের ব্যবহার্য পানীয় জলের উৎস ধরতে হবে। দুই ধরণের উৎসের কথা উল্লেখ করে সেই অনুযায়ী নম্বর নির্ধারণ করা হয়েছে। যে সমস্ত গ্রাম পঞ্চায়েত এলাকায় শুধুমাত্র নলকূপের জল পানীয় জল হিসাবে ব্যবহৃত হয় তাঁরা 'নির্ধারিত নম্বরের ধরণ'-এর অন্তর্গত প্রথম কলম অনুযায়ী

নম্বর দেবেন। যে সমস্ত গ্রাম পঞ্চায়েত এলাকায় শুধুমাত্র কুঁয়ার জল পানীয় জল হিসাবে ব্যবহৃত হয় তাঁরা 'নির্ধারিত নম্বরের ধরণ'-এর অন্তর্গত দ্বিতীয় কলম অনুযায়ী নম্বর দেবেন। যে সমস্ত গ্রাম পঞ্চায়েত এলাকায় দুই ধরণের উৎসই ব্যবহৃত হয় তাঁরা দুই ধরণের উৎস একত্রে মিলিয়ে নম্বর দেবেন। ধরা যাক, কোনো গ্রাম পঞ্চায়েতে ৫০টি নলকূপ ও ১০টি কুঁয়া পানীয় জলের উৎস হিসাবে ব্যবহৃত হয়। সেক্ষেত্রে এই ৬০টির মধ্যে কতগুলির জল পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে বা পরিষ্কার ও সংক্রমণমুক্ত করা হয়েছে তা হিসাব করে শতাংশের ভিত্তিতে নম্বর দিতে হবে। নলকূপ থেকে দূষিত জল পাওয়া গেলে নলকূপের জলকে শোধন করতে হবে, প্রয়োজন হলে পাইপ তুলে নতুন ফিল্টার সহ বসাতে হবে। তারপর নিরাপদ জল পাওয়া যাচ্ছে কিনা তা দেখতে হবে। কত শতাংশ নলকূপের জল পরীক্ষা করে এই ধরণের ব্যবস্থা নেওয়া হয়েছে তার উপর ভিত্তি করে নম্বর দিতে হবে। পানীয় জলের উৎস হিসাবে ব্যবহৃত কুঁয়াগুলির কত শতাংশ পরিষ্কার ও সংক্রমণমুক্ত করা হয় বলতে গ্রাম পঞ্চায়েতের সবকটি গ্রাম সংসদ মিলিয়ে মোট যতগুলি কুঁয়ার জল মানুষ পান করেন তার কত শতাংশ পরিষ্কার ও সংক্রমণমুক্ত করা হয় তা জানতে চাওয়া হয়েছে। একটি উৎসের পানীয় জল নিরাপদ এবং পান করলে কোনো অসুখের সম্ভাবনা নেই - এইটি দেখতে হবে। এর জন্য প্রয়োজনমতো নিকটবর্তী বিজ্ঞান মঞ্চ, ব্লক স্বাস্থ্য আধিকারিক বা কাছাকাছি যে কোনো প্যাথোলজিক্যাল সেন্টারের সাহায্য নেওয়া যেতে পারে। এই বিষয়গুলিতে তারিখ দেখিয়ে পরিষ্কার চিত্র রাখতে হবে। সংক্রমণমুক্ত কে করেছেন এবং কাজটি হওয়ার পর পরীক্ষা কে করেছেন তার তথ্য রাখতে হবে। তথ্য থাকলে তবেই গ্রাম পঞ্চায়েত নির্ধারিত নিয়মে ০ থেকে ৫ পেতে পারেন। তথ্য না থাকলে পরিষ্কার ও সংক্রমণমুক্ত করার অবস্থা যা হোক না কেন গ্রাম পঞ্চায়েত -১ পাবেন।

(ছ) কত শতাংশ গ্রাম সংসদে পঞ্চায়েতের তৈরী নিকাশী ব্যবস্থা আছে বলতে গ্রাম পঞ্চায়েতের সবকটি গ্রাম সংসদের মধ্যে কত শতাংশ গ্রাম সংসদে কোনো ড্রেন বা নিকাশী নালা (যা গিয়ে কোনো ড্রেন, বড় নিকাশী নালা বা ব্যবহৃত জল জমা হওয়ার গর্তে পড়ে) আছে তা জানতে চাওয়া হয়েছে। অবশ্য একটি গ্রাম সংসদের নিকাশী ব্যবস্থা পাড়াভিত্তিক হতে পারে। যদি পাড়াভিত্তিক হয় তাহলে একটি গ্রাম সংসদের সবগুলি পাড়ার মধ্যে অন্তত ৫০% পাড়ায় নিকাশী ব্যবস্থা থাকলে সেই গ্রাম সংসদে নিকাশী ব্যবস্থা আছে বলে ধরা যাবে। নিকাশী নালাগুলি কার্যকর অবস্থায় থাকতে হবে এবং প্রয়োজন হলে বাঁধাতে হবে। এক্ষেত্রে সংসদের সংখ্যা ধরে হিসাব হবে। অনেক জায়গায় কোনো নিকাশী ব্যবস্থা তৈরী না করলেও প্রাকৃতিক কারণে নোংরা জল বা বৃষ্টির জল খুব সহজে বেরিয়ে চলে যায়। সেসব ক্ষেত্রেও নিকাশী ব্যবস্থা আছে বলে ধরা যাবে। তথ্য থাকলে তবেই গ্রাম পঞ্চায়েত নির্ধারিত নিয়মে ০ থেকে ৫ পেতে পারেন। তথ্য না থাকলে নিকাশী ব্যবস্থা যে রকমই থাকুক না কেন গ্রাম পঞ্চায়েত -১ পাবেন।

(জ) গ্রাম পঞ্চায়েতের মধ্যের বিভিন্ন গ্রামকে বা বিভিন্ন পাড়াকে সংযোগ করে যে রাস্তাগুলি আছে এবং গ্রাম পঞ্চায়েত এলাকার বিভিন্ন গ্রামের মধ্য দিয়ে যে মূল রাস্তাটি এলাকার বাইরে যাওয়ার জন্য বড় রাস্তার সঙ্গে সংযোগ করেছে – এই রাস্তাগুলিতেই আলো থাকার প্রয়োজন আছে বলে মনে করা যেতে পারে। এই রাস্তাগুলির মোট দৈর্ঘ্য কিলোমিটারে হিসাব করে প্রশ্নটির উত্তর তৈরী করতে হবে। উল্লেখ করা যায় যে, গ্রামের মধ্যে বা পাড়ার মধ্যে যে সব ছোটো রাস্তা, শুঁড়িপথ বা গলি আছে সেগুলিকে এই হিসাবের থেকে বাদ দেওয়া যেতে পারে। তথ্য না থাকলে আলোর ব্যবস্থা যে রকমই থাকুক না কেন গ্রাম পঞ্চায়েত -১ পাবেন।

(ঝ) জন্ম-মৃত্যুর সার্টিফিকেট দেওয়ায় গ্রাম পঞ্চায়েতের উদ্যোগ থাকবে ধরে নেওয়া হয়েছে। এ বিষয়ে সদস্যদের, গ্রাম পঞ্চায়েত কর্মীদের ও গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে সচেতন করতে হবে। মোট কথা, এই সংক্রান্ত রেজিস্টার সম্পূর্ণ রাখতে হবে। এখানে অবশ্য আবেদন করার কতদিনের মধ্যে সার্টিফিকেট দেওয়া হয় তার ভিত্তিতে নম্বর পাওয়া যাবে। সার্টিফিকেট দেওয়ার কোনো উদ্যোগ না থাকলে গ্রাম পঞ্চায়েত -২ পাবেন।

(ঞ) এখানেও গ্রাম পঞ্চায়েতের উদ্যোগকে ধরে নেওয়া হয়েছে। যত ট্রেড রেজিস্ট্রেশন সার্টিফিকেট দেওয়া সম্ভব বা উচিৎ তার সামান্য অংশ দেওয়া হলে গ্রাম পঞ্চায়েত ০ পাবেন। অবশ্য দু-একটি ভুলক্রমে বাদ গেলে সেই গ্রাম পঞ্চায়েতের নম্বর পেতে অসুবিধা নেই।

(ট) আবেদন করার কতদিনের মধ্যে ট্রেড রেজিস্ট্রেশন সার্টিফিকেট দেওয়া হয় তার ভিত্তিতে নম্বর পাওয়া যাবে। সার্টিফিকেট দেওয়ার কোনো উদ্যোগ না থাকলে গ্রাম পঞ্চায়েত -১ পাবেন।

(ঠ) এখানে গ্রাম পঞ্চায়েতের অনুমোদন ছাড়া বাড়ী ইত্যাদি তৈরী হচ্ছে কি না তার হিসাব রাখার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। ধরে নেওয়া হয়েছে গ্রাম পঞ্চায়েত এর হিসাব রাখবে এবং নিয়মমতো ব্যবস্থা নেবে। বলা যেতে পারে, গ্রাম পঞ্চায়েত যদি সময়মতো অনুমোদন দেয় বা তার পদ্ধতিগত ত্রুটির জন্য সাধারণ মানুষ অসুবিধা বোধ না করেন বা বিরক্ত বা হতাশ না হন, তাহলে বিনা অনুমোদনে নির্মাণ হওয়ার সম্ভাবনা থাকে না। আবার প্ল্যান অনুমোদন হওয়ার পর সেই অনুযায়ী কাজ হচ্ছে কি না (নির্মাণকারীকে অযথা বিব্রত না করে) দেখাও গ্রাম পঞ্চায়েতের কর্তব্য। না হলে পরে প্ল্যান অনুমোদন সম্পর্কে সাধারণ মানুষের অবজ্ঞার ভাব আসবে।

(ড) ব্যাপক হারে ডায়ারিয়া, ম্যালেরিয়া, টি.বি. ইত্যাদি সংক্রামক ব্যাধি হলে তা রোধ করার উপর গ্রাম পঞ্চায়েতের সম্পূর্ণ নিয়ন্ত্রণ নেই। তবে গ্রাম পঞ্চায়েত যদি পরিবেশকে স্বাস্থ্যসম্মত অবস্থায় রাখে, সকলের জন্য নিরাপদ পানীয় জলের ব্যবস্থা রাখে এবং সাধারণ মানুষকে স্বাস্থ্যসচেতন করে (এগুলি গ্রাম পঞ্চায়েতের আবশ্যিক কর্তব্য) তাহলে এগুলি বহুল পরিমাণে রোধ করা সম্ভব। সেই জন্যই এগুলি না হলে গ্রাম পঞ্চায়েতের কৃতিত্ব ধরা হয়েছে ও ৪ নম্বর দেওয়া হয়েছে। যথাসম্ভব ব্যবস্থা নিলে ৩ নম্বর পাওয়া যাবে। ব্লক স্বাস্থ্য আধিকারিককে (বা সময়বিশেষে অন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষ) জানানোর পর কোনো ওষুধ বা অন্য প্রতিষেধকের চেষ্টা সত্ত্বেও সরবরাহ না পেলেও ৩ নম্বর পাওয়া যাবে। ব্লক স্বাস্থ্য আধিকারিককে জানানো হয়েছে কিন্তু গ্রাম পঞ্চায়েত নিজে কোনো ব্যবস্থা নেয়নি এমন হলে ২ পাওয়া যাবে। আর এইসব সংক্রামক ব্যাধি হওয়ার পর কোনো ব্যবস্থা না নিলে গ্রাম পঞ্চায়েত অবশ্যই ০ পাবেন।

(ঢ) গ্রাম পঞ্চায়েত এলাকার মধ্যে সাধারণের ব্যবহার্য রাস্তা বা স্থান বে-আইনি দখলে আছে বলতে এইসব এলাকায় কোনো জবরদখল আছে এরূপ অবস্থাকে বোঝানো হয়েছে। বাস্তুহীন পরিবার রাস্তা বা খালপাড় বা অন্য সর্বসাধারণের ব্যবহার্য স্থানে ঘর করে থাকলে তাঁরা যতই দুঃস্থ হোন না কেন তাকে জবরদখল বলেই ভাবতে হবে। সেই পরিবারকে ঘর করে দেওয়ার দায়িত্ব অবশ্য গ্রাম পঞ্চায়েতের।

(ণ) গ্রাম পঞ্চায়েতের উপর ন্যস্ত পুকুর, সাধারণ পশুচারণক্ষেত্র, শ্মশান, কবরস্থান, সমাধিক্ষেত্র বা অন্যান্য সম্পত্তি থাকলে তার ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ করা হয় বলতে এই সম্পত্তিগুলি ব্যবহারযোগ্য অবস্থায় আছে, ব্যবহার হচ্ছে এবং এখন মেরামতের প্রয়োজন নেই এমন বোঝাবে। যে সম্পদ যে প্রয়োজনে ব্যবহার হওয়ার কথা সেই সম্পদ সুষ্ঠুভাবে বিনা অসুবিধায় জনসাধারণ (যেখানে অনুমোদন প্রয়োজন সেই অনুমোদন নিয়ে) ব্যবহার করতে পারলে সেই সম্পদকে ব্যবহারযোগ্য বলে ভাবা যাবে।

(ত) এখানে বাসস্ট্যান্ড বলতে বিশেষ করে যেখান থেকে বাসগুলি যাত্রা শুরু করে বা যাত্রাশেষে থামে তার কথা ভাবা হয়েছে। তবে মধ্যবর্তী যে সব স্থানে যাত্রীরা ওঠা-নামা করেন সেসব জায়গায়ও (বিশেষ করে যেখানে কিছুটা দূর থেকে যাত্রীরা হাঁটাপথে বা অন্যভাবে এসে বাসের জন্য অপেক্ষা করেন এবং সাধারণত যাত্রী সমাগম বেশী হয়) শৌচাগার ও জলের প্রয়োজন আছে এবং সেই অনুযায়ী ব্যবস্থা করা উচিৎ। এই সব জায়গায় গ্রাম পঞ্চায়েত তার নিজস্ব প্রচেস্টায় ও সম্পদে শৌচাগার এবং জলের ব্যবস্থা করবে এমন ভাবা হয়নি। যেমন বাসস্ট্যান্ডে বাস মালিকরা একক বা যৌথভাবে এসব ব্যবস্থা করতে পারেন। বাজার বা হাটে মালিক বা ইজারাদার ব্যবস্থা করতে পারেন। কোথাও এদের কারো অর্থে ও ব্যবস্থায় শৌচাগার তৈরী হলো এবং গ্রাম পঞ্চায়েত জলের ব্যবস্থা করলেন এমন হতে পারে। যাই হোক গ্রাম পঞ্চায়েতকে এই বিষয়ে উদ্যোগী হয়ে এবং সবার সঙ্গে আলোচনা করে ব্যবস্থাটি সম্পূর্ণ করতে হবে। শৌচাগারের ভিতরে জলের ব্যবস্থা করা সাধারণত সম্ভব হবে না (নলবাহিত জলের ব্যবস্থা এলাকায় না থাকলে কখনোই সম্ভব নয়)। কিন্তু জলের ব্যবস্থা (নলকূপ/কুঁয়া) খুব কাছে রাখতে হবে যাতে শৌচাগারে জল নেওয়া সম্ভব হয়। শৌচাগার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থাও প্রয়োজন। যার প্রচেষ্টাতেই তৈরী হোক না কেন, শৌচাগার ও জলের ব্যবস্থা থাকলে গ্রাম পঞ্চায়েত সেই অনুযায়ী নম্বর পাবে। উল্লেখ করা যায় যে পুরুষ ও মহিলার জন্য আলাদা ব্যবস্থা র‍্যখতে হবে। এখানে প্রয়োজনমতো আব্রুর ব্যবস্থা রাখার কথাও মনে রাখতে হবে। কোনো কোনো গ্রাম

পঞ্চায়েত এলাকার মধ্যে বাজার বা বাসস্ট্যান্ড নাও থাকতে পারে। কিন্তু সেই এলাকার জনসাধারণ অবশ্যই কাছাকাছি কোনো বাজার ও বাসস্ট্যান্ড ব্যবহার করে থাকেন। সেই বাসস্ট্যান্ড ও বাজারগুলিকেই ঐ গ্রাম পঞ্চায়েতের হিসাবের ভিতরে ধরতে হবে। যদিও এগুলি এলাকার মধ্যে নয় তবুও যেহেতু তার এলাকার সাধারণ মানুষ নিয়মিত এগুলি ব্যবহার করে থাকেন গ্রাম পঞ্চায়েতকে এই ব্যাপারে যৌথভাবে হলেও দায়িত্ব নিতে হবে। তারা অন্য গ্রাম পঞ্চায়েতের সঙ্গে যৌথ উদ্যোগে কাজটি করতে পারেন অথবা বাসমালিক বা বাজারের ইজারাদারের সঙ্গে কথা বলে ব্যবস্থা নিতে পারেন। এই বিষয়ে বর্তমান অবস্থান অনুযায়ী গ্রাম পঞ্চায়েত নম্বর পাবেন।

(থ) সার্বিক স্বাস্থ্যবিধান প্রকল্প অনুসারে, বিদ্যালয়, শিশু শিক্ষা কেন্দ্র বা অঙ্গনওয়াড়ী কেন্দ্র পিছু ১টি করে শৌচালয় থাকবে, যাতে বালক ও বালিকাদের জন্য পৃথক মূত্রালয় মাত্র থাকবে। অবশ্য যে সব বিদ্যালয় বা কেন্দ্রে ১৫০ জনের বেশী পড়ুয়া আছে সেখানে ২টি শৌচালয় থাকবে এবং সেক্ষেত্রে বালক ও বালিকাদের জন্য পৃথক ব্যবস্থা হতে পারে। কাজেই এই নিয়মের ভিত্তিতে হিসাব করতে হবে। যেখানে ১৫০ জনের বেশী পড়ুয়া সেখানে ২টি পৃথক শৌচাগার আছে কি না এবং যেখানে ১৫০ বা তার কম পড়ুয়া সেখানে ১টি শৌচাগার আছে কি না তা গুণে সংখ্যা হিসাব করতে হবে। আগের (ত) প্রশ্নে যে যৌথ উদ্যোগের কথা বলা হয়েছে তার অনেকটাই এখানে খেটে যাবে। তবে এখানে গ্রাম পঞ্চায়েতকে বিশেষ উদ্যোগ নিতে হবে এবং অনেক জায়গাতেই প্রয়োজনীয় অর্থের যোগান দিতে হবে। স্বেচ্ছায় দেওয়া শ্রম বা অর্থ এই ব্যাপারে কাজে লাগানো যেতে পারে। গ্রাম উন্নয়ন সমিতির উদ্যোগ এখানে বিশেষ সাহায্য করবে। যাই হোক, বর্তমান (অর্থাৎ, ৩১-৩-২০০৯ তারিখের) পরিস্থিতিতে গ্রাম পঞ্চায়েত নম্বর পাবে।

(দ) এখানে বাসস্ট্যান্ড বলতে বাসের যাত্রাপথের শুরু বা শেষ সহ যাত্রী ওঠানামা করার সব জায়গাগুলিও ধরা হয়েছে। প্রতীক্ষালয়ে মাথার উপর ছাউনি ও বসার ব্যবস্থা থাকা দরকার। এক্ষেত্রেও গ্রাম পঞ্চায়েত সকলের সহায়তায় প্রতীক্ষালয় গড়ে তুলতে পারে। বর্তমান অবস্থার ভিত্তিতে নম্বর পাওয়া যাবে। বেশী লোক ওঠানামা করে যতগুলি বাসস্ট্যান্ডে, তার অন্তত ৫০% জায়গায় যে কোনো রকমের ছাউনি ও বসার ব্যবস্থা থাকলে নম্বর পাওয়া যাবে।

(ধ) গ্রাম পঞ্চায়েতের হাতে থাকা অকৃষি (খাস বা ন্যস্ত) জমিতে এরকম খেলার মাঠ ইত্যাদি গড়ে তোলা যায়। বাগান বা উদ্যান বলতে শিশুদের ছোটাছুটি বা খেলার জায়গা ভাবা হয়েছে। এরকম উদ্যানে ছায়া-দেওয়া এবং ফুলের গাছ থাকলে ভাল হয়। শিশুদের খেলার কিছু ব্যবস্থা (দোলনা/ঢেঁকি/স্লিপ ইত্যাদি) থাকা ভাল। এগুলি রক্ষণাবেক্ষণের দায়িত্ব গ্রাম উন্নয়ন সমিতির কার্যকরী কমিটি বা স্থানীয় সুবিধাভোগীদের কমিটির উপর দেওয়া যায়।
মোট হিসাবে সবকটি প্রাপ্ত নম্বরের যোগফল লিখতে হবে। এই যোগফলকে ৩ দিয়ে ভাগ করে ভাগফল তার নীচে প্রকৃত প্রাপ্ত নম্বরের ঘরে লিখতে হবে।

৪. (ক)ভাড়া বাড়ী বা অনুমতি দখলে পাওয়া বাড়ীকে নিজস্ব অফিসবাড়ী বলা যাবে না।

(খ) পর্যাপ্ত জায়গা অর্থে সবাই বসে সুষ্ঠুভাবে কাজ করতে পারেন এবং প্রয়োজনে সদস্যরা, বিভিন্ন আধিকারিক ও কর্মীরা এবং জনসাধারণ এসে স্বচ্ছন্দে বসে আলোচনা করতে পারেন এরকম জায়গা বোঝাবে।

(গ) বড় ঘর বলতে মোটামুটি ৬০ জন ব্যক্তি বসে আলাপ-আলোচনা করতে পারেন এরূপ ভাবতে হবে।

(ঘ) গ্রাম পঞ্চায়েতের নিজস্ব মালিকানায় গো-ডাউন থাকলে তবেই নম্বর পাওয়া যাবে।

(ঙ) উপ-সমিতির সঞ্চালকদের বসার নির্দিষ্ট জায়গা অধিকাংশ জায়গাতেই নেই। এদিকে নজর দিতে হবে। যাইহোক বর্তমান অবস্থা অনুযায়ী নম্বর পাওয়া যাবে।

(চ) যে সমস্ত মানুষ গ্রাম পঞ্চায়েতে আসছেন তাঁদের জন্য পানীয় জলের ব্যবস্থা থাকতে হবে। বর্তমান অবস্থা অনুযায়ী নম্বর দিতে হবে।

(ছ, জ) ভাল শৌচাগার অর্থে যে শৌচাগার ব্যবহারযোগ্য রাখা হয় ও জলের ব্যবস্থা আছে সেগুলিকে ধরতে হবে।

(ঝ) বর্তমান অবস্থা অনুযায়ী নম্বর দিতে হবে।

(ঞ)সরকারী আদেশনামা বিভিন্ন বিষয়ের আলাদা আলাদা গার্ড ফাইলে পরপর সাজিয়ে রাখলে পরে যে কোনো সময়ে খুব সহজেই পাওয়া যায়। বর্তমানে এরকম ব্যবস্থা না থাকলে অবিলম্বে এইভাবে রাখতে শুরু করতে হবে।

(ট) ডাক ফাইল রোজ খুলে দেখা এবং সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি প্রধানের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব। অবশ্য তিনি তাঁর অবর্তমানে অন্য কাউকে (উপ-প্রধান, নির্বাহী সহায়ক) দায়িত্ব দিতে পারেন। পরে তিনি এসে দেখবেন। বর্তমানে কোনো শিথিলতা থাকলে অবিলম্বে সেটা কাটিয়ে উঠতে হবে।

(ঠ) সরকারী আদেশনামা আসার পর অতি দ্রুত তার উপর ব্যবস্থা নেওয়া প্রয়োজন। ব্যবস্থা যিনি নেবেন তাঁকে অবশ্যই সাত দিনের মধ্যে জানাতে হবে। বর্তমানে এখানে দুর্বলতা থাকলে তা দ্রুত কাটিয়ে উঠতে হবে। জানানোর সাত দিনের মধ্যে কাজ শুরু না হলে যাঁকে জানানো হয়েছে তাঁকে আবার তাগাদা দিতে হবে।

(ড) পাঁচটি উপ-সমিতির সভায় নেওয়া সমস্ত সিদ্ধান্ত গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভায় সদস্যদের জানাতে হবে। এটি অবশ্যই করা দরকার। এরকম সিদ্ধান্তের সংখ্যা প্রচুর হলে প্রয়োজনে সাধারণ সভার একাধিক সভা ডাকতে হতে পারে।

(ঢ) কার্যবিবরণী সভার মধ্যেই লেখা হবে, তারপর সভাপতি তাতে সই করবেন ও সভার শেষে তা পড়ে শোনাতে হবে। বর্তমানে এইরকম ব্যবস্থা না থাকলে সেদিকে নজর দেওয়া প্রয়োজন। বর্তমান অবস্থা অনুযায়ী নম্বর দিতে হবে।
মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

৫. (ক) এখানে উল্লিখিত রেজিস্টারগুলি ঠিকমতো রাখা হয় কি না তা জানতে চাওয়া হয়েছে। রেজিস্টারগুলি গুরুত্বপূর্ণ। কিন্তু এছাড়াও কিছু গুরুত্বপূর্ণ রেজিস্টার গ্রাম পঞ্চায়েতকে রাখতে হয় যেগুলি না থাকলে গ্রাম পঞ্চায়েতের হিসাব-নিকাশ ঠিকমতো রাখা যায় না বা তার কাজ করায় অসুবিধা হয়। সুতরাং এই তালিকার বাইরের রেজিস্টারগুলি না রাখলেও চলবে বা সেগুলি কম গুরুত্বপূর্ণ এরকম ভাবার কোনো সুযোগ নেই। লক্ষণীয় যে রেজিস্টারগুলি শুধু খুললেই হবে না, সেগুলি সবসময় হালনাগাদ করে রাখতে হবে – তবেই প্রাপ্তব্য নম্বর পাওয়া যাবে।

(খ) সাধারণ মানুষের কাছে গ্রাম পঞ্চায়েতের দায়বদ্ধতা আছে। সেই কারণে ও স্বচ্ছতার কারণে উল্লিখিত তালিকাগুলি সাধারণ মানুষকে দেখার অবারিত সুযোগ দিতে হবে। তালিকাগুলি গ্রাম পঞ্চায়েতের নোটিশবোর্ডে টাঙিয়ে রাখতে হবে। যদি কোনো কারণে সব তালিকা গ্রাম পঞ্চায়েতের নোটিশবোর্ডে টাঙানো সম্ভব না হয় তবে নোটিশবোর্ডে তালিকাটি কার কাছে পাওয়া যাবে এই মর্মে একটি নোটিশ রাখতে হবে এবং সেই ব্যক্তি যে কেউ চাইলে তালিকাটি তখুনি দেখাবেন। মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

(গ) তথ্য পাওয়ার অধিকার আইনে স্বীকৃতি পেয়েছে। নীতির দিক থেকেও এই অধিকারকে অস্বীকার করা যায় না। কেউ তথ্য পেলে বোঝা যায় যে শুধু কাগজে নয় বাস্তবেও তথ্য জানানো হচ্ছে। সেই অনুযায়ী নম্বরের বিন্যাস করা হয়েছে।

৬. গ্রাম পঞ্চায়েতের সব কাজে স্বচ্ছতা আছে এবং সব কর্মসূচি ও কর্মধারা উৎসাহী সাধারণ মানুষের জানবার সুযোগ আছে – এই তথ্য জানার জন্য এই প্রশ্নগুলি রাখা হয়েছে। প্রশ্নগুলিতে প্রকৃত অবস্থা অনুযায়ী নম্বর দিতে হবে। মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

৭. (ক) গ্রাম পঞ্চায়েতের মোট মহিলা জনসংখ্যার কত শতাংশ সাক্ষর = গ্রাম পঞ্চায়েত এলাকার মোট সাক্ষর মহিলা জনসংখ্যা × ১০০ ÷ (গ্রাম পঞ্চায়েতের মোট মহিলা জনসংখ্যা - গ্রাম পঞ্চায়েতের ০ থেকে ৬ বছর বয়সী মোট কন্যাশিশুর সংখ্যা)।

(খ) পুরুষ সাক্ষরতার হার থেকে মহিলা সাক্ষরতার হার বিয়োগ করে বিয়োগফলের ভিত্তিতে নম্বর দিতে হবে।

(গ) ৫-১৪ বছর বয়সী শিশুদের কত শতাংশ বিদ্যালয়ে / বিকল্প বিদ্যালয়ে যায় = (গ্রাম পঞ্চায়েত এলাকায় ৫ থেকে ১৪ বছর বয়সী মোট কত শিশু বিদ্যালয়ে / বিকল্প বিদ্যালয়ে যায় × ১০০) ÷ গ্রাম পঞ্চায়েত এলাকায় ৫ থেকে ১৪ বছর বয়সী মোট শিশুসংখ্যা। তথ্য থাকলে তবেই গ্রাম পঞ্চায়েত নির্ধারিত নিয়মে ০ থেকে ৬ পেতে পারেন। তথ্য না থাকলে বিদ্যালয়ে যাওয়া শিশুর আনুমানিক হার যাই হোক না কেন গ্রাম পঞ্চায়েত -২ পাবেন।

(ঘ) প্রথম শ্রেণীতে ভর্তি হওয়া ছাত্রীদের কত শতাংশ যথা সময়ে চতুর্থ শ্রেণী উত্তীর্ণ হয় = (চতুর্থ শ্রেণী উত্তীর্ণ হওয়া মোট ছাত্রীসংখ্যা × ১০০) ÷ প্রথম শ্রেণীতে ভর্তি হওয়া মোট ছাত্রীসংখ্যা।

(ঙ) প্রথম শ্রেণীতে ভর্তি হওয়া ছাত্রীদের কত শতাংশ যথা সময়ে অষ্টম শ্রেণী উত্তীর্ণ হয় = (অষ্টম শ্রেণী উত্তীর্ণ হওয়া মোট ছাত্রীসংখ্যা × ১০০) ÷ প্রথম শ্রেণীতে ভর্তি হওয়া মোট ছাত্রীসংখ্যা।

(চ) (১) যে কটি সংসদে নতুনভাবে গ্রাম শিক্ষা কমিটি গঠিত হয়েছে সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে।
(২) যে কটি গ্রাম শিক্ষা কমিটি ৩১শে মার্চ ২০০৯ পর্যন্ত অন্তত ১টি সভা করেছে সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে।
(৩) সবকটি গ্রাম সংসদে বিদ্যালয় বহির্ভূত শিশুদের তালিকা তৈরী হলে তবেই নম্বর পাওয়া যাবে।
(৪) বিদ্যালয় বহির্ভূত শিশুদের তালিকা ধরে স্কুল চলো কর্মসূচি রূপায়িত হলে তবেই নম্বর পাওয়া যাবে।
(৫) সর্বশিক্ষা অভিযান প্রকল্পের আওতায় এই ধরণের কেন্দ্র খোলার উদ্যোগ নেওয়া হয়ে থাকলে নম্বর পাওয়া যাবে।

(ছ) কত শতাংশ গ্রাম সংসদে কোনো প্রাথমিক বিদ্যালয়, শিশু শিক্ষা কেন্দ্র বা বিকল্প শিক্ষা কেন্দ্র (এ.আই.ই./ব্রীজ কোর্স কেন্দ্র) নেই = (এই ধরণের প্রতিষ্ঠান নেই এমন সংসদের সংখ্যা × ১০০) ÷ গ্রাম পঞ্চায়েতের মোট গ্রাম সংসদের সংখ্যা।
মোট প্রাপ্ত নম্বরকে ৩ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

৮. (ক) (১) - (৪) : প্রশ্নগুলি তথ্যভিত্তিক এবং এই তথ্যগুলি গ্রাম পঞ্চায়েতের কাছে থাকা উচিৎ। প্রকৃত তথ্যের ভিত্তিতে প্রতি প্রশ্নে নির্দিষ্ট অবস্থান অনুযায়ী নম্বর দিতে হবে।

(৫) ২০০৮-০৯ আর্থিক বছরে জন্ম নেওয়া শিশুদের মধ্যে কত শতাংশের ২১ দিনের মধ্যে জন্ম রেজিস্ট্রেশন হয়েছে = (২০০৮-০৯ আর্থিক বছরে ২১ দিনের মধ্যে জন্ম রেজিস্ট্রেশন হওয়া শিশুর সংখ্যা × ১০০) ÷ ২০০৮-০৯ আর্থিক বছরে জন্ম নেওয়া মোট শিশুর সংখ্যা।

(৬) ২০০৮-০৯ আর্থিক বছরে মারা যাওয়া ব্যক্তিদের মধ্যে কত শতাংশের ২১ দিনের মধ্যে মৃত্যু রেজিস্ট্রেশন হয়েছে = (২০০৮-০৯ আর্থিক বছরে ২১ দিনের মধ্যে মৃত্যু রেজিস্ট্রেশন হয়েছে এমন ব্যক্তির সংখ্যা × ১০০) ÷ ২০০৮-০৯ আর্থিক বছরে মারা যাওয়া ব্যক্তির সংখ্যা।
জন্ম ও মৃত্যুর ঘটনাগুলিকে বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্র থেকে এবং স্থানীয় তথ্যসংগ্রহের মাধ্যমে সংগ্রহ করতে হবে। এই বিষয়ে গ্রাম পঞ্চায়েত সদস্য, গ্রাম উন্নয়ন সমিতি এবং বিভিন্ন স্তরের পঞ্চায়েত কর্মীদেরও সজাগ থাকতে হবে।

(৭) কতজন দাই আছেন সে সম্পর্কে গ্রাম পঞ্চায়েতে তথ্য থাকলে তাদের মধ্যে কতজন প্রশিক্ষণপ্রাপ্ত এই তথ্যও অবশ্যই থাকতে হবে।

(৮) গ্রাম পঞ্চায়েত এলাকায় মোট যতজন দাই আছেন তাঁদের মধ্যে কত শতাংশ প্রশিক্ষণপ্রাপ্ত = (প্রশিক্ষণপ্রাপ্ত দাইয়ের সংখ্যা × ১০০) ÷ মোট দাইয়ের সংখ্যা। তথ্য না থাকলে গ্রাম পঞ্চায়েত -১ পাবেন।

(৯) ২০০৮-০৯ আর্থিক বছরে (১-৪-২০০৮ থেকে ৩১-৩-২০০৯) হাসপাতাল বা প্রশিক্ষণপ্রাপ্ত দাইয়ের সাহায্য ছাড়া জন্ম নেওয়া শিশুর সংখ্যাকে ১০০ দিয়ে গুণ করে যে সংখ্যা পাওয়া যাবে তাকে ঐ সময়ে জন্মানো মোট শিশুর সংখ্যা দিয়ে ভাগ করলে শতাংশটি পাওয়া যাবে।

(১০) ২০০৮-০৯ আর্থিক বছরে কত শতাংশ শিশু ৬টি রোগের টীকার আওতায় এসেছে = (৩১শে মার্চ ২০০৯ তারিখ পর্যন্ত ১ বছরের বেশী ও ২ বছরের কম বয়সের যতগুলি শিশু ৬টি রোগের টীকা (বি.সি.জি., ডি.পি.টি., পোলিও, হাম) নিয়েছে × ১০০) ÷ ৩১শে মার্চ ২০০৯ তারিখে ১ বছরের বেশী ও ২ বছরের কম বয়সের মোট শিশুসংখ্যা।

(১১) ২০০৮-০৯ আর্থিক বছরে কত শতাংশ গর্ভবতী মা দুটি টিটেনাস টীকা নিয়েছেন = (২০০৮-০৯ আর্থিক বছরে কত জন গর্ভবতী মা দুটি টিটেনাস টীকা নিয়েছেন × ১০০) ÷ ২০০৮-০৯ আর্থিক বছরে মোট গর্ভবতী মায়ের সংখ্যা।

(১২) ২০০৮-০৯ আর্থিক বছরে কত শতাংশ মহিলা গর্ভাবস্থায় অন্তত ৩ বার ও সন্তান প্রসব হওয়ার পরে অন্তত ১ বার স্বাস্থ্য পরীক্ষা করিয়েছেন = (২০০৮-০৯ আর্থিক বছরে কত জন গর্ভবতী মহিলা এ ধরণের মোট ৪টি স্বাস্থ্যপরীক্ষা করিয়েছেন × ১০০) ÷ ২০০৮-০৯ আর্থিক বছরে মোট গর্ভবতী মহিলার সংখ্যা।

মোট প্রাপ্ত নম্বরকে ৩ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

মাসের শেষ শনিবারের স্বাস্থ্যসভাগুলি নিয়মিত হলে এবং জনস্বাস্থ্য সংক্রান্ত তথ্যগুলি ঐ সভায় নিয়মিতভাবে সংকলিত হলে এই প্রশ্নগুলির উত্তর সহজেই দেওয়া সম্ভব। এছাড়াও প্রয়োজনে অনেক তথ্যই ব্লক স্বাস্থ্যকেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, উপস্বাস্থ্যকেন্দ্র এবং অঙ্গনওয়াড়ী কেন্দ্রে রাখা তথ্য থেকে জোগাড় করা যাবে। কিছু তথ্য গ্রাম উন্নয়ন সমিতির সাহায্যে স্থানীয়ভাবে জোগাড় করা যেতে পারে। আশা করা হয়েছে গ্রাম পঞ্চায়েত সযত্নে সংগ্রহ করে তথ্যভিত্তিক উত্তর দেবেন।

(খ) প্রশ্নগুলি তথ্যভিত্তিক এবং এই তথ্যগুলি গ্রাম পঞ্চায়েতের কাছে থাকা উচিৎ। প্রকৃত তথ্যের ভিত্তিতে প্রতি প্রশ্নে নির্দিষ্ট অবস্থান অনুযায়ী নম্বর দিতে হবে। (৫) ও (৬) প্রশ্নে সাধারণের ব্যবহার্য নলকূপ বা কুঁয়ার হিসাবে ধরতে হবে, ব্যক্তিগত মালিকানার নলকূপ বা কুঁয়া নয়। মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

(গ) (১) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েত এলাকায় কত শতাংশ মেয়ের ১৮ বছরের নীচে বিয়ে হয়েছে = (১ এপ্রিল ২০০৮ থেকে ৩১ মার্চ ২০০৯ এই সময়ের মধ্যে ১৮ বছরের নীচে বিয়ে হওয়া মেয়ের সংখ্যা × ১০০) ÷ ১ এপ্রিল ২০০৮ থেকে ৩১শে মার্চ ২০০৯ এই সময়ের মধ্যে বিয়ে হওয়া মোট মেয়ের সংখ্যা।

(২) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েত এলাকায় কত শতাংশ মহিলা ২০ বছরের নীচে মা হয়েছেন = (১ এপ্রিল ২০০৮ থেকে ৩১ মার্চ ২০০৯ এই সময়ের মধ্যে ২০ বছরের নীচে মা হয়েছেন এমন মহিলার সংখ্যা × ১০০) ÷ ১ এপ্রিল ২০০৮ থেকে ৩১শে মার্চ ২০০৯ এই সময়ের মধ্যে মা হওয়া মোট মহিলার সংখ্যা।

(৩) কত শতাংশ মহিলার ৩টি বা তার বেশী সন্তান আছে = [৪০ বছর বা তার কম বয়সের যত মহিলার (সধবা + বিধবা) ৩টি বা তার বেশী সন্তান আছে × ১০০] ÷ ৪০ বছর বা তার কম বয়সের মোট বিবাহিত (সধবা + বিধবা) মহিলার সংখ্যা।

(৪) সমস্ত শিশুর জন্মের সময় ওজন নেওয়ার ব্যবস্থা থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কোনো দুর্বলতা থাকলে অবিলম্বে কাটিয়ে উঠতে হবে।

(৫) ২০০৮-০৯ আর্থিক বছরে যত শিশু জন্মেছে তার কত শতাংশের জন্মের সময় ওজন নেওয়া হয়েছে = (২০০৮-০৯ আর্থিক বছরে জন্মের সময় ওজন নেওয়া হয়েছে এমন শিশুর সংখ্যা × ১০০) ÷ ২০০৮-০৯ আর্থিক বছরে যত শিশু জন্মেছে।

(৬) ২০০৮-০৯ আর্থিক বছরে যে সমস্ত শিশু জন্মেছে তাদের কত শতাংশ চরম অপুষ্টিতে ভুগছে = ২০০৮-০৯ আর্থিক বছরে যে সমস্ত শিশু জন্মেছে তাদের মধ্যে লাল (Grade IV) ও কমলা (Grade III) শ্রেণীভুক্ত শিশুর সংখ্যা × ১০০ ÷ ২০০৮-০৯ আর্থিক বছরে জন্ম নেওয়া মোট শিশুর সংখ্যা।

(৭) ৩ বছরের কম বয়সের শিশুদের মধ্যে যারা অপুষ্টিতে ভুগছে (ওজনের ভিত্তিতে) তাদের জন্য কোনো পুষ্টির ব্যবস্থা গ্রাম পঞ্চায়েত ২০০৮-০৯ আর্থিক বছরে করেছে কি প্রশ্নটির মাধ্যমে অপুষ্টিতে ভোগা শিশুদের অপুষ্টি কাটানোর ক্ষেত্রে গ্রাম পঞ্চায়েত কোনো উদ্যোগ নেয় কি না তা ধরতে চাওয়া হয়েছে। গ্রাম পঞ্চায়েত ঐসব শিশুদের পুষ্টির জন্য নিজস্ব কোনো কর্মসূচি নিতে পারে বা অঙ্গনওয়াড়ী কেন্দ্রের প্রচলিত ব্যবস্থায় অতিরিক্ত সহায়তা দিতে পারে।

অনেক তথ্যই ব্লক স্বাস্থ্যকেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, উপস্বাস্থ্যকেন্দ্র এবং অঙ্গনওয়াড়ী কেন্দ্রে রাখা তথ্য থেকে জোগাড় করা যাবে। কিছু তথ্য গ্রাম উন্নয়ন সমিতির সাহায্যে স্থানীয়ভাবে জোগাড় করতে হবে। আশা করা হয়েছে গ্রাম পঞ্চায়েত সযত্নে সংগ্রহ করে তথ্যভিত্তিক উত্তর দেবেন।

মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

৯. (ক) কত শতাংশ পরিবার দারিদ্র্যসীমার নীচে আছে = (বি.পি.এল. পরিবার × ১০০) ÷ মোট পরিবার।

(খ) ২০০৮-০৯ আর্থিক বছরে NREGS প্রকল্পে কাজ চাওয়া পরিবারগুলিকে গড়ে কতদিন কাজ দেওয়া গেছে = ২০০৮-০৯ আর্থিক বছরে এই প্রকল্পে মোট যত শ্রমদিবস সৃষ্টি হয়েছে ÷ কাজের দাবী জানিয়েছে এমন মোট পরিবারের সংখ্যা।

(গ) ২০০৮-০৯ আর্থিক বছরের শেষে কত শতাংশ দরিদ্র মহিলা স্বনির্ভর দলের আওতাভুক্ত = (গ্রাম পঞ্চায়েত এলাকায় যতগুলি স্বনির্ভর দল আছে তার সবকটির দরিদ্র মহিলা সদস্যাসংখ্যার যোগফল × ১০০) ÷ গ্রাম পঞ্চায়েতের মোট দরিদ্র মহিলা।

(ঘ) তথ্যভিত্তিক উত্তর দিতে হবে।

(ঙ) ২৫/০৮/২০০৫ তারিখের ৫২২৩/এন/ও/এক/ ১এ- ১/০৩ (অংশ-৩) আদেশনামা অনুযায়ী যে সকল গ্রাম পঞ্চায়েতে স্বনির্ভর দলগুলিকে একত্রিত করে সংঘ গঠিত হয়েছে সেই সকল গ্রাম পঞ্চায়েতের সকল উপসমিতির বৈঠকে ঐ সংঘ বা ক্লাস্টার থেকে এক বা দুইজন প্রতিনিধি আমন্ত্রিত সদস্য রূপে অংশগ্রহণ করবেন ও সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতগুলি ঐ প্রতিনিধিদের ঐ বৈঠকে আহ্বান করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বর্তমানে স্থানীয় অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের নানা কাজে যেহেতু স্বনির্ভর দল অঙ্গাঙ্গীভাবে জড়িত তাই এই ব্যবস্থাটির যথাযথ রূপায়ণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের উপ-সমিতিগুলির সভায় সংঘের প্রতিনিধিদের কতগুলি সভায় ডাকা হয়েছিল তা এখানে ধরতে চাওয়া হয়েছে। আগের (ঘ) প্রশ্নের উত্তর না হলে এই প্রশ্নে কোনো নম্বর পাওয়া যাবে না।

(চ) মহিলাদের অর্থনৈতিক উন্নয়নের জন্য নিঃশর্ত তহবিল (Twelfth Finance Commission & State Finance Commission Untied fund) থেকে মোট কত শতাংশ টাকা ২০০৮-০৯ আর্থিক বছরে খরচ করা হয়েছে = (এইজন্য খরচ হওয়া টাকার পরিমাণ × ১০০) ÷ গ্রাম পঞ্চায়েতের মোট নিঃশর্ত তহবিল।

(ছ) কত শতাংশ বি.পি.এল. তালিকাভুক্ত পরিবারকে ২০০৯-১০ আর্থিক বছরের পরিকল্পনায় রোজগার বাড়ানোর জন্য কোনও সুযোগ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে = (২০০৯-১০ আর্থিক বছরের পরিকল্পনায় কাজের সুযোগ দেওয়া হয়েছে এমন বি.পি.এল. পরিবারের সংখ্যা × ১০০) ÷ মোট বি.পি.এল. পরিবার।

(জ) বি.পি.এল. তালিকাভুক্ত তপশিলী জাতি ও উপজাতিদের কত শতাংশ পরিবারের জন্য ২০০৯-১০ আর্থিক বছরে রোজগার বাড়ানোর সুযোগ গ্রহণ করা হয়েছে = (২০০৯-১০ আর্থিক বছরের পরিকল্পনায় এই ধরণের যতগুলি পরিবারের জন্য রোজগার বাড়ানোর সুযোগ গ্রহণ করা হয়েছে × ১০০) ÷ এই ধরণের মোট পরিবার।

(ঝ) প্রকল্পে কাজ করে পরিবার যে আয় করতে পারে ও প্রকল্প ছাড়া পরিবার আর কী আয় করবে বলে আশা করা যায় এইসব আয়কে যুক্ত করে মোট আয়ের ভিত্তিতে হিসাব করতে হবে। এই হিসাব কিছুটা আনুমানিক হবে তবে অনুমানগুলি বাস্তবভিত্তিক হতে হবে। মোট বি.পি.এল. পরিবারসংখ্যার ভিত্তিতে শতাংশ হিসাব হবে।

মোট প্রাপ্ত নম্বরকে ৪ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

১০.(ক) মোট চাষযোগ্য জমির আয়তনের ভিত্তিতে হিসাব হবে। সেচযুক্ত অর্থে সব ধরণের সেচই ধরা যাবে। প্রয়োজনমতো জল বৃহৎ সেচ প্রকল্প, নদী বা বড় খাল থেকে পাম্প দিয়ে তোলা, গভীর নলকূপ, অগভীর নলকূপ (গুচ্ছ বা একক) পাম্প দিয়ে বা শ্রমশক্তিতে তোলা, কোন পুকুর, কূঁয়া বা খাল থেকে পাম্প দিয়ে বা শ্রমশক্তিতে (ডোঙা বা এই ধরণের কিছুর সাহায্যে) তোলা হলে সেই জমি সেচযুক্ত ধরা হবে। অন্যভাবে, কোন জমি যে কোনভাবে জল পেয়ে খরিফ এবং রবি মরশুমে অন্তত একটি করে (একাধিক হতেও বাধা নেই) ফসল তুললে সেই জমি সেচযুক্ত ভাবা যাবে।

(খ) মোট মৌজা ধরে হিসাব করতে হবে। মৌজার যে কোনো অংশে বিদ্যুৎ পৌঁছুলে সেই মৌজায় বিদ্যুৎ আছে বলে ধরা যাবে।

(গ) গ্রাম পঞ্চায়েতের মোট বাড়ীর সংখ্যার ভিত্তিতে হিসাব করতে হবে।

(ঘ) প্রাথমিক বিদ্যালয়ের মোট সংখ্যার ভিত্তিতে হিসাব করতে হবে।

(ঙ) শিশু শিক্ষা কেন্দ্রের মোট সংখ্যার ভিত্তিতে হিসাব করতে হবে।

(চ) উপ-স্বাস্থ্যকেন্দ্রের মোট সংখ্যার ভিত্তিতে হিসাব করতে হবে।

(ছ) অঙ্গনওয়াড়ী কেন্দ্রের মোট সংখ্যার ভিত্তিতে হিসাব করতে হবে।

(ঘ-ছ) পাকা বাড়ী, পানীয় জলের ব্যবস্থা ও শৌচাগার তিনটি ব্যবস্থাই কত শতাংশ কেন্দ্রে আছে তার ভিত্তিতে হিসাব করতে হবে। যে সব কেন্দ্রগুলিতে এক বা দুধরণের ব্যবস্থা আছে সেগুলিকে হিসাবের মধ্যে আনা যাবে না।

মোট প্রাপ্ত নম্বরকে ৩ দিয়ে ভাগ করে প্রকৃত নম্বর লিখতে হবে।

১১.(ক) রাস্তার পাশে বা নয়ানজুলিতে বা খাল বা নদীর পাড়ে (যেগুলি রাস্তা, খাল বা নদীর জমির অংশ) কেউ ঝুপড়িঘর করে থাকলে সেই পরিবারকে গৃহহীন বলেই ধরতে হবে। নিজের বা অনুমতি দখলের জমিতে একটি পরিবার যে কোনো ধরণের ঘর/বাড়ী করে থাকুক না কেন, তাদের গৃহ আছে বলে ধরতে হবে। বাড়ীর অবস্থা অনুযায়ী সেই বাড়ীকে (খ) প্রশ্নের আওতায় আনা যেতে পারে।

(খ) কোন বাড়ী মেরামতযোগ্য বা বিপজ্জনক তা নির্দিষ্টভাবে বলে দেওয়া যায় না। তবে বাড়ীর অবস্থা বুঝে যে বাড়ী সাধারণ ঝড় জলে ভেঙ্গে পড়তে পারে বা বাসের অযোগ্য হয়ে যায় বা যে বাড়ীতে আলো-হাওয়া ঢুকবার কোনো উপায় নেই, সেই বাড়ীকে এই হিসাবে আনা যাবে।

(গ) বাড়ীর সামনের বারান্দা ঘিরে রান্নাঘর বা অন্যভাবে ব্যবহার করা ঘর থাকলে তাকে আর একটি ঘর ভাবা যাবে না। শোবার ঘর বা সেইরকম ঘর তা সে যে কাজেই ব্যবহার করা হোক না কেন, সেগুলিকেই হিসাবে আনতে হবে।

মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত নম্বর লিখতে হবে।

১২. বিপর্যয় অর্থে প্রাকৃতিক বিপর্যয়ের কথা – বন্যা, খরা, ঝড় বা ভূমিকম্প (সুনামি সহ) – ভাবা হয়েছে। 'গ্রাম পঞ্চায়েত সহায়িকা' পুস্তিকাতে কী ধরণের আগাম ব্যবস্থা নেওয়া যায় তা বলা হয়েছে (পৃষ্ঠা ৬৫-৬৬)। সব জায়গায় সবগুলি ব্যবস্থার প্রয়োজন নাও হতে পারে। আবার গ্রাম পঞ্চায়েত এর বাইরেও কিছু ভাবতে পারেন। এখানে পরিকল্পনা করা হয়েছে কি না তার ভিত্তিতে নম্বর পাওয়া যাবে। তবে পরিকল্পনা করার পর সময় ও সুযোগ পেয়েও পরিকল্পনা অনুযায়ী কোন কাজই করা না হয়ে থাকলে সেগুলি শুধুই কাগজের পরিকল্পনা। সেখানে কোনো নম্বর পাওয়া যাবে না।

১৩.(ক) কী কী ব্যবস্থা নেওয়া যেতে পারে তা নির্ধারিত নম্বরের ধরণে বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে। তার মধ্যে যেটি প্রযোজ্য হবে সেই অনুযায়ী নম্বর দিতে হবে। বিষয়টি অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখতে হবে কারণ সকলের খাদ্য নিরাপত্তা সুনিশ্চিত করা আমাদের প্রধানতম কর্তব্য।

(খ-ঘ) প্রশ্নগুলি তথ্যভিত্তিক এবং তথ্য ও নথির ভিত্তিতে উত্তর ঠিক করে নম্বর দিতে হবে।

১৩.(ঙ) প্রশ্নে মোট প্রতিবন্ধীর তুলনায় কতজন সুযোগ সুবিধা পেয়েছেন সেই শতাংশ বের করে নম্বর দিতে হবে।

১৩.(চ) মোট ভূমিহীন কৃষি শ্রমিকদের মধ্যে কত শতাংশ এই স্কীমের আওতায় এসেছে তার ভিত্তিতে হিসাব করতে হবে।
মোট প্রাপ্ত নম্বরকে ৩ দিয়ে ভাগ করে প্রকৃত নম্বর লিখতে হবে।

(খ) সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার

১৪.(ক) উপবিধি অনুযায়ী নতুনভাবে অভিকর, ফি ইত্যাদি নির্ধারিত হলে সেই অনুযায়ী এগুলির আদায় কত শতাংশ বৃদ্ধি পেল তার উপর ভিত্তি করে নির্দিষ্ট নিয়মে নম্বর পাওয়া যাবে। উপবিধি তৈরী হওয়ার আগে অনেক জায়গায় যোগাযোগের মাধ্যমে বা অনুরোধ করে কিছু অভিকর, ফি ইত্যাদি আদায় করা হয়েছে। আগের সেই মোট আদায়কে ভিত্তি ধরতে হবে। যেখানে উপবিধি তৈরী হওয়ার আগে কোনো অভিকর, ফি ইত্যাদি আদায় হয়নি, সেখানে উপবিধির পর আদায় হলে ১০০ শতাংশ বৃদ্ধি বলে ধরতে হবে ও সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে। উপবিধি অনুসারে নতুনভাবে নির্ধারণ তালিকা না হলে গ্রাম পঞ্চায়েত -২ পাবেন।

(খ) 'কোনো কোনো ধারা' শব্দগুচ্ছটি বলতে সংগ্রহযোগ্য মোট ধারার অন্ততঃ ৩০% ব্যবহার হলেই ১ নম্বর পাওয়ার যোগ্য বিবেচিত হবেন।

১৫. (ক)-(ঝ) সব প্রশ্নগুলিই বাস্তব অবস্থার ভিত্তিতে ঠিক করতে হবে। প্রাপ্তব্য অর্থের হিসাব সঠিক ছিল কি না বা পরিকল্পনাটি নিখুঁত ছিল কি না ইত্যাদি এখানে বিবেচ্য নয়। তবে হিসাব বা পরিকল্পনা যতখানি সম্ভব বাস্তবসম্মত হবে বলে এখানে ধরে নেওয়া হয়েছে। এখানে পদ্ধতিগুলি বা বিভিন্ন ধাপ ঠিক মতো মানা হচ্ছে কি না সেটাই দেখতে হবে। নির্দিষ্ট সময় অর্থে সংশ্লিষ্ট নিয়মাবলীতে যে সময় নির্দিষ্ট করা আছে সেই সময়কে ভাবতে হবে। মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত নম্বর লিখতে হবে।

১৬. (ক)কর অর্থে পঞ্চায়েত আইনের ৪৬ ধারায় সম্পত্তির উপরে যে কর ধরা হয় তাকে বুঝতে হবে।

(১) ব্যাখ্যা প্রশ্নেই দেওয়া আছে।

(২) ২০০৮-০৯ আর্থিক বছরের কর সংগ্রহ ২০০৭-০৮ আর্থিক বছরের কর সংগ্রহের তুলনায় কত শতাংশ বেশি = [(২০০৮-০৯ আর্থিক বছরে সংগৃহীত কর – ২০০৭-০৮ আর্থিক বছরে সংগৃহীত কর) × ১০০] ÷ ২০০৭-০৮ আর্থিক বছরে সংগৃহীত কর।

(৩) ২০০৮-০৯ আর্থিক বছরে নির্ধারিত করের কত শতাংশ সংগৃহীত হয়েছিল = (সংগৃহীত কর × ১০০) ÷ নির্ধারিত কর। কর আদায়ের জন্য কমিশন বা অন্য খরচ এখানে বাদ দিতে হবে না।

(খ) কর বহির্ভূত রাজস্ব বলতে পঞ্চায়েত আইনের ৪৭ ধারা অনুযায়ী বিভিন্ন অভিকর, ফি বা মাশুলের সঙ্গে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব সম্পদ থেকে (যেমন গাছ বিক্রী, পুকুরের মাছ বিক্রী ইত্যাদি) যে আয় হয় সবগুলি একত্র করে ধরতে হবে।

(১) ব্যাখ্যা প্রশ্নেই দেওয়া আছে।

(২) ২০০৮-০৯ আর্থিক বছরের অ-কর সংগ্রহ ২০০৭-০৮ আর্থিক বছরের অ-কর সংগ্রহের তুলনায় কত শতাংশ বেশি = [(২০০৮-০৯ আর্থিক বছরে সংগৃহীত অ-কর – ২০০৭-০৮ আর্থিক বছরে সংগৃহীত অ-কর) × ১০০] ÷ ২০০৭-০৮ আর্থিক বছরে সংগৃহীত অ-কর।

(৩) ২০০৮-০৯ আর্থিক বছরে নির্ধারিত অ-করের কত শতাংশ সংগৃহীত হয়েছিল = (সংগৃহীত অ-কর × ১০০) ÷ নির্ধারিত অ-কর। অ-কর আদায়ের জন্য কমিশন বা অন্য খরচ এখানে বাদ দিতে হবে না। উল্লেক করা যায় যে গ্রাম পঞ্চায়েত প্রশাসন নিয়মাবলীর ২০০৬ সালের সংশোধনী অনুসারে বিভিন্ন ধরণের অ-করের জন্যও নির্ধার তালিকা তৈরি করতে হবে।

মোট প্রাপ্ত নম্বরকে ৩ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

১৭. সাবসিডিয়ারী ক্যাশবই একাধিক হবে এবং সামগ্রিক অবস্থানের ভিত্তিতেই নম্বর দিতে হবে। যদি একটি সাবসিডিয়ারী ক্যাশবই ৩ দিনের মধ্যে লেখা হয় এবং আর একটি ১০ দিনের মধ্যে, তাহলে ১০ দিন ধরে ১ নম্বর পাওয়া যাবে। অবশ্য এমন হতে পারে যে ক্যাশবইয়ে বা সাবসিডিয়ারী ক্যাশবইয়ে বিগত কয়েকদিন কোনো আয়-ব্যয় হয়নি। তাহলে সংশ্লিষ্ট ক্যাশবই-এর পরের পাতার ধারে সেই অনুযায়ী একটি মন্তব্য রাখতে হয়। এই মন্তব্য যে তারিখে হবে, সেইদিন শেষ লেখা হয়েছে বলে ভাবতে হবে। ক্যাশবইয়ে স্বাক্ষরও সেই অনুযায়ী ধরা যাবে। প্রশ্নগুলিতে নির্দিষ্ট অবস্থান অনুযায়ী বিভিন্ন ধাপে নম্বর দেখানো আছে। প্রকৃত অবস্থা অনুযায়ী নম্বর দিতে হবে। মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

১৮.(ক) কোনো সাধারণ সভায় নির্দিষ্টভাবে আলোচনা হলে তবেই নম্বর পাওয়া যাবে।

১৮.(খ) ৩১শে মার্চ ২০০৯ তারিখ পর্যন্ত উত্তর দেওয়া হয়নি এমন যতগুলি অডিট প্যারা আছে সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে।

১৮.(গ) যে সব প্রশ্ন তোলা হয়েছে বা প্রতিবেদনে যে সব প্রস্তাব বা সুপারিশ রাখা হয়েছে, তার কটিতে ব্যবস্থা কোন সময়ের মধ্যে নেওয়া হয়েছে সেই অনুযায়ী নম্বর পাওয়া যাবে। অবশ্য, ব্যবস্থা নেওয়া মানে এই নয় যে সব অভিমত বা সুপারিশ সম্বন্ধে গ্রাম পঞ্চায়েতকে একমত হয়ে ব্যবস্থা নিতে হবে। তারা পর্যালোচনা করে কোনো বিষয়ে তাদের কর্মপদ্ধতি যথাযথ ও আইনসম্মত বলে ভাবতে পারেন। সেক্ষেত্রে সংক্ষেপে যুক্তি দিয়ে লিখে রাখতে হবে ও নিয়মমতো জানাতে হবে।

১৮.(ঘ) কোনো সাধারণ সভায় নির্দিষ্টভাবে আলোচনা হলে তবেই নম্বর পাওয়া যাবে।

১৮.(ঙ) (গ) প্রশ্নে যে ব্যাখ্যা দেওয়া হয়েছে সেই একই ব্যাখ্যা।

মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

১৯.(ক-চ) প্রত্যেকটি প্রশ্নে মোট প্রাপ্ত অর্থ, মোট ব্যয় এবং মোট প্রাপ্ত অর্থের কত শতাংশ ব্যয় এই তথ্যগুলি উত্তরের ঘরে লিখতে হবে। তারপর সেই শতাংশ অনুযায়ী নম্বর দিতে হবে।।

১৯.(ছ) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ ব্যয় হয়েছে = (নিজস্ব তহবিল থেকে ২০০৮-০৯ আর্থিক বছরে যা ব্যয় হয়েছে × ১০০) ÷ (২০০৮-০৯ আর্থিক বছরে নিজস্ব তহবিলের প্রারম্ভিক স্থিতি + ২০০৮-০৯ আর্থিক বছরে নিজস্ব তহবিলের আদায়)।

১৯.(জ) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ অফিস পরিচালনার জন্য ব্যয় হয়েছে = (নিজস্ব তহবিল থেকে ২০০৮-০৯ আর্থিক বছরে অফিস পরিচালনার জন্য আপ্যায়ণ ও অন্যান্য খাতে [Stationery, Contingency ইত্যাদিতে] যা ব্যয় হয়েছে × ১০০) ÷ (২০০৮-০৯ আর্থিক বছরে নিজস্ব তহবিলের প্রারম্ভিক স্থিতি + ২০০৮-০৯ আর্থিক বছরে নিজস্ব তহবিলের আদায়)।

১৯.(ঝ) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের জন্য ব্যয় হয়েছে = (নিজস্ব তহবিল থেকে ২০০৮-০৯ আর্থিক বছরে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের জন্য যা ব্যয় হয়েছে × ১০০) ÷ (২০০৮-০৯ আর্থিক বছরে নিজস্ব তহবিলের প্রারম্ভিক স্থিতি + ২০০৮-০৯ আর্থিক বছরে নিজস্ব তহবিলের আদায়)।

১৯.(ঞ) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ শিক্ষাখাতে ব্যয় হয়েছে = (শিক্ষাখাতে ব্যয় × ১০০) ÷ মোট নিজস্ব তহবিল।

১৯.(ট) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ স্বাস্থ্যখাতে ব্যয় হয়েছে = (স্বাস্থ্যখাতে ব্যয় × ১০০) ÷ মোট নিজস্ব তহবিল।

১৯.(ঠ) ২০০৮-০৯ আর্থিক বছরে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিলের (প্রারম্ভিক স্থিতি সহ) কত শতাংশ নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয় হয়েছে = (নারী ও শিশু উন্নয়ন খাতে ব্যয় × ১০০) ÷ মোট নিজস্ব তহবিল।

১৯.(ড) পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (গ্রাম পঞ্চায়েত হিসাবরক্ষণ, নিরীক্ষা ও বাজেট) নিয়মাবলী, ২০০৭ -এর ৪ নং নিয়মের (৫) ও (৬) নং উপনিয়ম অনুযায়ী গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিল থেকে গ্রাম উন্নয়ন সমিতিগুলিকে নির্দিষ্ট হারে অর্থ দিতে হবে। এই দুটি উপনিয়ম মিলিয়ে প্রশ্নের নির্ধারিত নম্বরের ধরণ ঠিক করা হয়েছে। একটিও গ্রাম উন্নয়ন সমিতি গঠিত না হয়ে থাকলে গ্রাম পঞ্চায়েত -২ পাবেন।

১৯.(ঢ) উল্লিখিত কাজগুলির গুরুত্ব অপরিসীম এবং এই কাজগুলি করলে সাধারণ মানুষের মনে পঞ্চায়েত সম্পর্কে ভাল ধারণা তৈরী হয়। নিজস্ব তহবিল থেকে এইসব কাজগুলি করে গ্রাম সংসদ, গ্রাম সভা বা দেওয়াল লিখনের মাধ্যমে সেগুলি যদি আমরা নাগরিকদেরকে জানাই তাহলে আগামী দিনে নিজস্ব তহবিল বাড়ানো অনেক সুবিধাজনক হয়। ২০০৮-০৯ আর্থিক বছরে যে করকম কাজ করা হয়েছে সেগুলির ক্রমিক সংখ্যাকে চিহ্নিত করতে হবে এবং যতগুলিকে চিহ্নিত করা হল সেই অনুযায়ী নম্বর দিতে হবে। এখনও যদি কোনো কাজ শুরু না হয়ে থাকে তাহলে অবশ্যই সেদিকে নজর দিতে হবে। যে সব গ্রাম পঞ্চায়েত নিজস্ব তহবিল থেকে উন্নয়নের কাজ করেননি তাঁরা এখানে কোনো নম্বর পাবেন না।
মোট প্রাপ্ত নম্বরকে ৮ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

২০.(ক) (১) ব্যাখ্যা প্রশ্নেই দেওয়া আছে।

(২) প্রশাসনিক ব্যয়ের ক্ষেত্রে: প্রশাসনিক ব্যয় সংক্রান্ত বরাদ্দ দু ধরণের হতে পারে – (১) কর্মচারীদের বেতন ও (২) পদাধিকারীদের সাম্মানিক, দৈনিক ভাতা সহ ভ্রমণ ভাতা ও অন্যান্য নৈমিত্তিক খরচ। এই বরাদ্দগুলি ২০০৮-০৯ আর্থিক বছরে প্রথম যে কয়েক মাসের জন্য টাকা পাঠানো হয়েছিল সেই সময়ের ভিতরে যদি সদ্ব্যবহার শংসাপত্র দেওয়া হয়ে থাকে তবে ৩ পাওয়া যাবে এবং সেই সময়কাল শেষ হওয়ার পরে ১৫ দিনের মধ্যে বা ১ মাসের মধ্যে পাঠানো হলে সেই অনুযায়ী পর্যায়ভিত্তিক নম্বর রাখা হয়েছে।

(খ) বাস্তব অবস্থা অনুযায়ী নম্বর দিতে হবে।

২১.(ক) পতিত জমি, বিদালয়ের মধ্যের জমি বা এই ধরণের অন্য যে সমস্ত জমিতে বনসৃজন করা সম্ভব তার হিসাব একরে এবং রাস্তার ধারে বা নদীর পাড়ে যে সমস্ত জমিতে বনসৃজন করা সম্ভব তার হিসাব দৈর্ঘ্যের ভিত্তিতে কিলোমিটারে করা যেতে পারে। তথ্য থাকলে তবেই গ্রাম পঞ্চায়েত নির্ধারিত নিয়মে ০ থেকে ১০ পেতে পারেন। তথ্য না থাকলে বনসৃজন করা হয়েছে এমন জায়গার পরিমাণ যাই হোক না কেন গ্রাম পঞ্চায়েত -২ পাবেন।

(খ) মোট কত জলের উৎস আর তার মধ্যে কতগুলিতে গ্রীষ্মকালে জল পাওয়া যায় না বা কাদাজল পাওয়া যায় এই সংখ্যাদুটির ভিত্তিতে শতাংশ বের করতে হবে।

(গ) গত ২০০০ সাল থেকে যত একর জমিতে বিভিন্ন প্রকল্পে বা উদ্যোগে (সরকারী/বেসরকারী) ভূমিক্ষয় রোধ করা সম্ভব হয়েছে এবং যত একর জমি এখন ভূমিক্ষয়প্রবণ এই দুটি যোগ করে ২০০০ সালের ভূমিক্ষয়প্রবণ জমির পরিমাণ পাওয়া যাবে। কত শতাংশ জমিতে ভূমিক্ষয় রোধ করা যায়নি = (যত একর জমি এখন ভূমিক্ষয়প্রবণ × ১০০) ÷ যত একর জমি ২০০০ সালে ভূমিক্ষয়প্রবণ ছিল। ভূমিক্ষয় রোধ করার ব্যবস্থা গ্রাম পঞ্চায়েতের তরফ থেকে হতে হবে এমন কোন কথা নেই। ভূমিক্ষয় রোধের কাজটি কোন উপরের স্তরের পঞ্চায়েত বা কোন সরকারী বিভাগ (যেমন কৃষি বিভাগ) বা জমির মালিকের নিজের ব্যবস্থায় হলেও তাকে হিসাবে আনা যাবে। প্রয়োজনীয় তথ্যগুলি স্থানীয় খোঁজখবরের ভিত্তিতে জোগাড় করা যেতে পারে। এ বিষয়ে কৃষি উন্নয়ন আধিকারিকের দপ্তর কিছু সাহায্য করতে পারে।

(ঘ) এলাকার মোট পতিত জমির কত শতাংশ শস্য/সব্জী চাষ, ফল/ফুলের চাষ বা বনখামার তৈরীর কাজে লাগানো গেছে = যে পরিমাণ পতিত জমিতে শস্য/সব্জী চাষ, ফল/ফুলের চাষ বা বনখামার তৈরী হয়েছে × ১০০ ÷ মোট পতিত জমির পরিমাণ।
মোট প্রাপ্ত নম্বরকে ২ দিয়ে গুণ করে গুণফলকে ৫ দিয়ে ভাগ করে প্রকৃত প্রাপ্ত নম্বর লিখতে হবে।

সামগ্রিক: সব কটি প্রশ্নে প্রাপ্ত নম্বর এখানে লিখতে হবে। ১ থেকে ১৩ নম্বর প্রশ্নে প্রাপ্ত নম্বর যোগ করে নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থায় মোট প্রাপ্ত নম্বর লিখতে হবে। ১৪ থেকে ২১ নম্বর প্রশ্নে প্রাপ্ত নম্বর যোগ করে সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহারের ক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর লিখতে হবে। এই দুই মোট প্রাপ্ত নম্বরকে যোগ করে সর্বমোট প্রাপ্ত নম্বর লিখতে হবে। সর্বমোট প্রাপ্ত নম্বরকে ৩ দিয়ে ভাগ করে প্রকৃত সর্বমোট প্রাপ্ত নম্বর পাওয়া যাবে।

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২০০৭-০৮ আর্থিক বছরের কাজের ভিত্তিতে যে সমস্ত গ্রাম পঞ্চায়েত উৎসাহবর্ধক তহবিল পেয়েছে তাদের নামের তালিকা

জেলা	ব্লক	নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা প্রশ্ন নং (১-১৩)		সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার প্রশ্ন নং (১৪-২১)	
		গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর	গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর
বীরভূম	বোলপুর-শ্রীনিকেতন	সর্পলেহনা-আলবাঁধা	১৮৩.৮০	সিয়ান মুলুক	৯০.৫৩
বীরভূম	দুবরাজপুর	যশপুর	১৮৭.১২	যশপুর	৮৫.৭৩
বীরভূম	ইলামবাজার	ঘুরিষা	১৪৮.৪০	ইলামবাজার	৮০.২০
বীরভূম	খয়রাশোল	লোকপুর	১৩৬.৩০	লোকপুর	৬৬.৬৩
বীরভূম	লাভপুর	দাঁড়কা	১৫৫.০০	লাভপুর-২	৭৬.১৩
বীরভূম	মহম্মদ বাজার	গনপুর	১৪০.৫৯	গনপুর	৭৮.৫০
বীরভূম	ময়ূরেশ্বর-১	ঝিকড্ডা	১৭২.৭৪	ঝিকড্ডা	৯০.০৩
বীরভূম	ময়ূরেশ্বর-২	ষাটপলসা	১৬৬.৪৭	ঢেকা	৮৯.১০
বীরভূম	মুরারই-১	রাজগ্রাম	১৬৫.১২	রাজগ্রাম	৮০.১০
বীরভূম	মুরারই-২	পাইকর-২	১৭৪.৪৭	পাইকর-২	৮৮.১৬
বীরভূম	নলহাটি-১	কয়থা-১	১৬১.০৭	কয়থা-১	৭৩.৭০
বীরভূম	নলহাটি-২	ভদ্রপুর-১	১৫৪.৮৭	ভদ্রপুর-২	৭৫.৬৭
বীরভূম	নানুর	কীর্ণাহার-১	১৮৯.৪০	কীর্ণাহার-১	৯৮.১০
বীরভূম	রাজনগর	তাঁতিপাড়া	১৮৮.০২	তাঁতিপাড়া	৯২.০১
বীরভূম	রামপুরহাট-১	দখলবাটি	১৬০.৩৫	দখলবাটি	৯০.১৩
বীরভূম	রামপুরহাট-২	বিষ্ণুপুর	১৫৪.৯৭	বুধিগ্রাম	৮০.৭৩
বীরভূম	সাঁইথিয়া	হাতোড়া	১৭৫.২২	সঠিক নাম জমা পড়েনি	৯২.১৭
বীরভূম	সিউড়ী-১	তিলপাড়া	১৭০.৮৩	ভূরকুনা	৯৩.১৭
বীরভূম	সিউড়ী-২	দমদমা	১৫৮.৪৮	দমদমা	৭৯.৪৭
বীরভূম জেলার মধ্যে সর্বোচ্চ নম্বর		**কীর্ণাহার-১ (নানুর ব্লক)**	**১৮৯.৪০**	**কীর্ণাহার-১ (নানুর ব্লক)**	**৯৮.১০**
বর্ধমান	অন্ডাল	উখড়া	১৪৪.৮০	কাজোরা	৮৫.৪৬
বর্ধমান	আউসগ্রাম-১	দিগনগর-১	১৯৬.০০	দিগনগর-১	১০০.০০
বর্ধমান	আউসগ্রাম-২	অমরপুর	১৭৯.৪৩	কোটা	৯৩.১৭
বর্ধমান	বারাবনী	পাঁচরা	১৫৪.২৪	পাঁচরা	৭৪.৮৩
বর্ধমান	ভাতাড়	আমারুন-২	১৯২.৩০	আমারুন-২	৯৭.৩০
বর্ধমান	বর্ধমান-১	বাঘাড়-১	১৬৯.০৩	রায়ান-১	৭৭.৪২

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২০০৭-০৮ আর্থিক বছরের কাজের ভিত্তিতে যে সমস্ত গ্রাম পঞ্চায়েত উৎসাহবর্ধক তহবিল পেয়েছে তাদের নামের তালিকা

জেলা	ব্লক	নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা প্রশ্ন নং (১-১৩)		সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার প্রশ্ন নং (১৪-২১)	
		গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর	গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর
বর্ধমান	বর্ধমান-২	বৈকুণ্ঠপুর-২	১৮০.৫৬	নবস্থা-১	৯৬.০০
বর্ধমান	দুর্গাপুর-ফরিদপুর	গৌরবাজার	১৫৮.০৮	গোগলা	৭৮.৮০
বর্ধমান	গলসী-১	শিররাই	১৬৪.৯৬	শিররাই	৮৫.০৪
বর্ধমান	গলসী-২	গলসী	১৯৬.০০	গলসী	৯৮.০০
বর্ধমান	জামালপুর	চকদিঘি	১৭৪.২২	জ্যোৎশ্রীরাম	৯৮.৬৮
বর্ধমান	জামুরিয়া	মদনতোড়	১৭১.৬৯	বাহাদুরপুর	৮২.৪৬
বর্ধমান	কালনা-১	আটঘোড়িয়া-সিমলন	১৮২.০০	আটঘোড়িয়া-সিমলন	৯২.০০
বর্ধমান	কালনা-২	আনুখাল	১৭৩.০০	অকালপৌষ	৯৯.১৬
বর্ধমান	কাঁকসা	মলানদিঘি	৯২.১০	মলানদিঘি	৪৬.০০
বর্ধমান	কাটোয়া-১	সরগ্রাম	১৪০.৪৭	সরগ্রাম	৭৭.১৬
বর্ধমান	কাটোয়া-২	জগদানন্দপুর	১৩৫.৮৯	জগদানন্দপুর	৭০.৬৬
বর্ধমান	কেতুগ্রাম-১	রাজুর	১৭৩.০০	রাজুর	৯৮.০০
বর্ধমান	কেতুগ্রাম-২	নবগ্রাম	১৬১.২৬	গঙ্গাটিকুরী	৮৭.৭৯
বর্ধমান	খণ্ডঘোষ	বেড়ুগ্রাম	১৬৩.৭০	সগড়াই	৯০.৮০
বর্ধমান	মেমারী-১	দলুইবাজার-১	১৬৯.৪৩	নিমো-১	৮১.১০
বর্ধমান	মেমারী-২	কুচুট	১৬১.৫০	বোহার-২	৮৯.৭৩
বর্ধমান	মঙ্গলকোট	শিমুলিয়া-২	১৬৫.১৬	শিমুলিয়া-২	৭২.৩৭
বর্ধমান	মন্তেশ্বর	কুসুমগ্রাম	১৭৩.৯৮	ভাগড়া-মূলগ্রাম	৮৭.৪১
বর্ধমান	পাণ্ডবেশ্বর	বৈদ্যনাথপুর	১৬৪.৯০	বৈদ্যনাথপুর	৮০.৯৬
বর্ধমান	পূর্বস্থলী-১	জাহাননগর	১১৯.৫৬	জাহাননগর	৫৯.০১
বর্ধমান	পূর্বস্থলী-২	মুকসিমপাড়া	১৮৭.০২	মুকসিমপাড়া	৯৫.০৩
বর্ধমান	রায়না-১	সেহারা	১৯২.১৬	সেহারা	৯২.০৭
বর্ধমান	রায়না-২	উচালন	১৭৪.৮০	কাইতি	৯৩.১৬
বর্ধমান	রাণীগঞ্জ	আমরাসোতা	১৮৩.৯৯	রতিবাটি	৯২.৪০
বর্ধমান	সালানপুর	জিৎপুর-উত্তররামপুর	১৮৬.০০	আল্লাদী	৯৩.০০
বর্ধমান জেলার মধ্যে সর্বোচ্চ নম্বর		**গলসী (গলসী-২ ব্লক), দিগনগর-১ (আউসগ্রাম-১ ব্লক)**	**১৯৬.০০**	**দিগনগর-১ (আউসগ্রাম-১ ব্লক)**	**১০০.০০**

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২০০৭-০৮ আর্থিক বছরের কাজের ভিত্তিতে যে সমস্ত গ্রাম পঞ্চায়েত উৎসাহবর্ধক তহবিল পেয়েছে তাদের নামের তালিকা

জেলা	ব্লক	নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা প্রশ্ন নং (১-১৩)		সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার প্রশ্ন নং (১৪-২১)	
		গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর	গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর
দক্ষিণ দিনাজপুর	বালুরঘাট	পতিরাম	১৮১.০৮	পতিরাম	৮৯.৩৩
দক্ষিণ দিনাজপুর	বংশীহারী	মহাবাড়ী	১৮৩.৫১	মহাবাড়ী	৯০.৮৪
দক্ষিণ দিনাজপুর	গঙ্গারামপুর	দমদমা	১৫২.৪১	গঙ্গারামপুর	৭৩.১৮
দক্ষিণ দিনাজপুর	হরিরামপুর	পুন্ডরী	১৭২.৩৫	পুন্ডরী	৮৩.৮৯
দক্ষিণ দিনাজপুর	হিলি	ধলপাড়া	১৪২.০৮	ধলপাড়া	৭০.৪১
দক্ষিণ দিনাজপুর	কুমারগঞ্জ	দিওড়	১৮৮.৭০	দিওড়	৯৫.৩৩
দক্ষিণ দিনাজপুর	কুশমন্ডী	আকচা	১৫৮.২১	আকচা	৮৪.৩০
দক্ষিণ দিনাজপুর	তপন	দ্বীপখন্ডা	১৯৩.১৬	দ্বীপখন্ডা	৯৫.৩৩
দক্ষিণ দিনাজপুর জেলার মধ্যে সর্বোচ্চ নম্বর		**দ্বীপখন্ডা (তপন ব্লক)**	**১৯৩.১৬**	**দিওড় (কুমারগঞ্জ ব্লক), দ্বীপখন্ডা (তপন ব্লক)**	**৯৫.৩৩**
মালদা	বামনগোলা	চাঁদপুর	১৫৫.০০	চাঁদপুর	৭৬.০০
মালদা	চাঁচোল-১	ভগবানপুর	১৭০.২৭	ভগবানপুর	৭৯.৬৩
মালদা	চাঁচোল-২	জালালপুর	১৬৭.২৩	ভাকরী	৮৭.৬৩
মালদা	ইংলিশবাজার	কোতোয়ালি	১৫৮.০০	কোতোয়ালি	৭৮.০০
মালদা	গাজোল	চকনগর	১৪৫.৯১	পান্ডুয়া	৭৭.১৩
মালদা	হবিবপুর	ঋষিপুর	১৩০.২০	কাঁটুরকা	৫৬.১০
মালদা	হরিশচন্দ্রপুর-১	কুশিদা	১৪৩.৫২	বরুই	৭৮.০২
মালদা	হরিশচন্দ্রপুর-২	মালিওর-২	১৪৬.৫৭	ইসলামপুর	৮০.৫১
মালদা	কালিয়াচক-১	সিলামপুর-১	১৫২.৪৬	সিলামপুর-১	৮০.১৬
মালদা	কালিয়াচক-২	রাজনগর	১৪২.৯৫	উত্তর লক্ষ্মীপুর	৭৪.৭০
মালদা	কালিয়াচক-৩	আকন্দবেড়িয়া	১৪০.০৮	কুম্ভীরা	৭৪.৮৯
মালদা	মানিকচক	নুরপুর	৫০.৫৬	নুরপুর	৫২.৭৬
মালদা	ওল্ড মালদা	ভাবুক	১২৯.০০	ভাবুক	৭৮.৫০
মালদা	রতুয়া-১	সামসি	১৩৯.৮৬	সামসি	৭৮.৮০
মালদা	রতুয়া-২	পরাণপুর	১৪৯.০২	শ্রীপুর-১	৭০.৫৩
মালদা জেলার মধ্যে সর্বোচ্চ নম্বর		**ভগবানপুর (চাঁচোল-১ ব্লক)**	**১৭০.২৭**	**ভাকরী (চাঁচোল-২ ব্লক)**	**৮৭.৬৩**

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২০০৭-০৮ আর্থিক বছরের কাজের ভিত্তিতে যে সমস্ত গ্রাম পঞ্চায়েত উৎসাহবর্ধক তহবিল পেয়েছে তাদের নামের তালিকা

জেলা	ব্লক	নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা প্রশ্ন নং (১-১৩)		সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার প্রশ্ন নং (১৪-২১)	
		গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর	গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর
মুর্শিদাবাদ	বেলডাঙ্গা-১	কাপাসডাঙ্গা	১৫৩.৮২	মির্জাপুর-১	৭৭.২৬
মুর্শিদাবাদ	বেলডাঙ্গা-২	কামনগর	১৩২.২৬	কামনগর	৬৭.৯০
মুর্শিদাবাদ	বহরমপুর	রাধারঘাট-১	১৪২.৫০	রাধারঘাট-১	৮২.৮৪
মুর্শিদাবাদ	ভগবানগোলা-১	হনুমন্তনগর	১৬২.৪৯	হনুমন্তনগর	৮৮.১৭
মুর্শিদাবাদ	ভগবানগোলা-২	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
মুর্শিদাবাদ	ভরতপুর-১	আমলাই	১৬৫.০০	ভরতপুর	৯৭.১৩
মুর্শিদাবাদ	ভরতপুর-২	তালিবপুর	১১৩.৪৫	সালু	৬৭.৬০
মুর্শিদাবাদ	বড়েঞা	সাহোরা	১৪৩.৯৯	বিপ্রশেখর	৭২.৮৩
মুর্শিদাবাদ	ডোমকল	আজিমগঞ্জগোলা	১৬৬.২৪	আজিমগঞ্জগোলা	৮৭.১০
মুর্শিদাবাদ	ফারাক্কা	বেনিয়াগ্রাম	১১৬.০০	বেনিয়াগ্রাম	৫৬.৫০
মুর্শিদাবাদ	হরিহরপাড়া	রায়পুর	১০৬.০০	ধরমপুর	৫৩.০০
মুর্শিদাবাদ	জলঙ্গী	সাগরপাড়া	১৮০.২৩	সাগরপাড়া	৯৫.৯৯
মুর্শিদাবাদ	কান্দী	যশোহরী আনুখা-২	১৮৫.০০	যশোহরী আনুখা-২	৮৭.০০
মুর্শিদাবাদ	খড়গ্রাম	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
মুর্শিদাবাদ	লালগোলা	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
মুর্শিদাবাদ	মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ	ডাহাপাড়া	১৫৮.০০	মুকুন্দবাগ	৮১.৪৩
মুর্শিদাবাদ	নবগ্রাম	নারায়ণপুর	১৬৪.৭০	নারায়ণপুর	৮৮.৯০
মুর্শিদাবাদ	নওদা	কেদারচাঁদপুর-২	১৪৮.০০	কেদারচাঁদপুর-২	৭৯.০০
মুর্শিদাবাদ	রঘুনাথগঞ্জ-১	রানীনগর	১২৪.৯৫	রানীনগর	৫৭.৬৬
মুর্শিদাবাদ	রঘুনাথগঞ্জ-২	সম্মতিনগর	১৯০.২৯	সম্মতিনগর	৯৮.৪৯
মুর্শিদাবাদ	রানিনগর-১	লোচনপুর	১৫৮.০৫	লোচনপুর	৮১.৭৬
মুর্শিদাবাদ	রানিনগর-২	কাতলামারী-১	১২৩.৭৯	মালিবাড়ী-১	৬০.২৭
মুর্শিদাবাদ	সাগরদীঘি	পাটকেলডাঙ্গা	১১৫.৫৫	পাটকেলডাঙ্গা	৭০.০০
মুর্শিদাবাদ	সামসেরগঞ্জ	চাচন্ডা	১০৪.২১	চাচন্ডা	৬৪.৯৯
মুর্শিদাবাদ	সুতী-১	বংশবাটি	৯৪.৭০	বংশবাটি	৬৯.৬৭
মুর্শিদাবাদ	সুতী-২	বাজিতপুর	১৫২.১২	ঔরঙ্গাবাদ-২	৭১.৬৯
মুর্শিদাবাদ জেলার মধ্যে সর্বোচ্চ নম্বর		**সম্মতিনগর (রঘুনাথগঞ্জ-২ ব্লক)**	**১৯০.২৯**	**সম্মতিনগর (রঘুনাথগঞ্জ-২ ব্লক)**	**৯৮.৪৯**

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২০০৭-০৮ আর্থিক বছরের কাজের ভিত্তিতে যে সমস্ত গ্রাম পঞ্চায়েত উৎসাহবর্ধক তহবিল পেয়েছে তাদের নামের তালিকা

জেলা	ব্লক	নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা প্রশ্ন নং (১-১৩)		সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার প্রশ্ন নং (১৪-২১)	
		গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর	গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর
নদীয়া	চাকদহ	তাতলা-২	১৭৬.০০	তাতলা-২	৮৯.০০
নদীয়া	চাপড়া	হৃদয়পুর	৮১.১৪	হাতিশালা-১	৬৬.৮০
নদীয়া	হাঁসখালি	বেতনা গোবিন্দপুর	১৭১.৭০	দক্ষিণপাড়া-১	৯০.০০
নদীয়া	হরিণঘাটা	কাষ্টডাঙ্গা-২	১৫৪.৩০	হরিণঘাটা-২	৮১.৮৩
নদীয়া	কালিগঞ্জ	পাণিঘাটা	১৭৩.৩৩	পালিতবেগিয়া	৮৭.৩০
নদীয়া	করিমপুর-১	করিমপুর-১	১৭১.৯৫	শিকারপুর	৯৩.৬০
নদীয়া	করিমপুর-২	নন্দনপুর	১৩৪.৬৮	নন্দনপুর	৭৯.১৩
নদীয়া	কৃষ্ণগঞ্জ	গোবিন্দপুর	১৫৬.২০	গোবিন্দপুর	৭৯.০৬
নদীয়া	কৃষ্ণনগর-১	আসাননগর	১৬৫.০০	দোগাছি	৮৫.১৬
নদীয়া	কৃষ্ণনগর-২	ধুবুলিয়া-১	১৬৫.৬৬	ধুবুলিয়া-১	৮০.৮২
নদীয়া	নবদ্বীপ	স্বরূপগঞ্জ	১৮১.৩৩	স্বরূপগঞ্জ	৮৯.১২
নদীয়া	নাকাশিপাড়া	বেথুয়াডহরি-১	১৭৩.৪৮	পাটিকাবাড়ী	৮২.৫৩
নদীয়া	রানাঘাট-১	হবিবপুর	১৮০.৯২	হবিবপুর	৯২.৩৩
নদীয়া	রানাঘাট-২	বাহিরগাছি	১৭৫.৩০	মাঝেরগ্রাম	৯৩.৫০
নদীয়া	শান্তিপুর	আড়বান্দি-২	১৬৭.৪০	আড়বান্দি-২	৯০.৩৩
নদীয়া	তেহট্ট-১	পাথরঘাটা-২	১৬১.১৫	নাটনা	৮৮.৩৩
নদীয়া	তেহট্ট-২	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
নদীয়া জেলার মধ্যে সর্বোচ্চ নম্বর		**স্বরূপগঞ্জ (নবদ্বীপ ব্লক)**	**১৮১.৩৩**	**শিকারপুর (করিমপুর-১ ব্লক)**	**৯৩.৬০**
পশ্চিম মেদিনীপুর	বিনপুর-১	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	বিনপুর-২	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	চন্দ্রকোনা-১	লক্ষ্মীপুর	১৬৫.৫৮	লক্ষ্মীপুর	৮৮.৩৩
পশ্চিম মেদিনীপুর	চন্দ্রকোনা-২	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	দাঁতন-১	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	দাঁতন-২	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	দাসপুর-১	নিজ-নাড়াজোল	১৭৯.৩৫	নিজ-নাড়াজোল	৮৮.০০
পশ্চিম মেদিনীপুর	দাসপুর-২	গৌরা	১৭০.৪২	গৌরা	৯০.৫৩

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২০০৭-০৮ আর্থিক বছরের কাজের ভিত্তিতে যে সমস্ত গ্রাম পঞ্চায়েত উৎসাহবর্ধক তহবিল পেয়েছে তাদের নামের তালিকা

জেলা	ব্লক	নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা প্রশ্ন নং (১-১৩)		সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার প্রশ্ন নং (১৪-২১)	
		গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর	গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর
পশ্চিম মেদিনীপুর	ডেবরা	রাধামোহনপুর-১	১৬৭.৯৭	দুঁয়া-১	৮৮.৩৭
পশ্চিম মেদিনীপুর	গড়বেতা-১	গরঙ্গা	১৮০.৪৩	গরঙ্গা	৯৫.৮০
পশ্চিম মেদিনীপুর	গড়বেতা-২	মাকলি	১৬৬.৫০	গোয়ালতোড়	৯০.৫০
পশ্চিম মেদিনীপুর	গড়বেতা-৩	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	ঘাটাল	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	গোপীবল্লভপুর-১	সরিয়া	১৫১.০৩	সরিয়া	৬৯.৮৩
পশ্চিম মেদিনীপুর	গোপীবল্লভপুর-২	তপসিয়া	১৭৩.০০	তপসিয়া	৮৭.০০
পশ্চিম মেদিনীপুর	জামবনী	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	ঝাড়গ্রাম	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	কেশিয়াড়ী	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	কেশপুর	শীর্ষা	১৭৩.০০	শীর্ষা	৯৫.০০
পশ্চিম মেদিনীপুর	খড়গপুর-১	ভেটিয়া	১২৯.৮১	ভেটিয়া	৬৯.৯৪
পশ্চিম মেদিনীপুর	খড়গপুর-২	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	মেদিনীপুর সদর	পাথরা	১৪৯.৪৭	চাঁদড়া	৯১.৩০
পশ্চিম মেদিনীপুর	মোহনপুর	তানুয়া	১৫৯.৯৪	নীলদা	৮২.২০
পশ্চিম মেদিনীপুর	নারায়ণগড়	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	নয়াগ্রাম	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	পিংলা	মলিগ্রাম	১৬২.২৫	করকাই	৮৬.৮০
পশ্চিম মেদিনীপুর	সবং	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
পশ্চিম মেদিনীপুর	শালবনি	কর্ণগড়	১৫৭.৪৩	শালবনি	৮৫.০৬
পশ্চিম মেদিনীপুর	সাঁকরাইল	কুলটিকরি	১৭৬.৩৮	কুলটিকরি	৮১.১৩
পশ্চিম মেদিনীপুর জেলার মধ্যে সর্বোচ্চ নম্বর		**গরঙ্গা (গড়বেতা-১ ব্লক)**	**১৮০.৪৩**	**গরঙ্গা (গড়বেতা-১ ব্লক)**	**৯৫.৮০**
পূর্ব মেদিনীপুর	ভগবানপুর-১	গুড়গ্রাম	১৪২.৮৩	সিমুলিয়া	৬৬.৭৭
পূর্ব মেদিনীপুর	ভগবানপুর-২	রাধাপুর	১৬৯.২৯	রাধাপুর	৯২.০৩
পূর্ব মেদিনীপুর	চন্ডীপুর	নন্দনপুর বারাঘুনি	১৫০.৮২	ব্রজলালচক	৭৪.০৭
পূর্ব মেদিনীপুর	কন্টাই-১	হৈপুর	১২৬.০০	হৈপুর	৫৬.২৬

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২০০৭-০৮ আর্থিক বছরের কাজের ভিত্তিতে যে সমস্ত গ্রাম পঞ্চায়েত উৎসাহবর্ধক তহবিল পেয়েছে তাদের নামের তালিকা

জেলা	ব্লক	নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা প্রশ্ন নং (১-১৩)		সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার প্রশ্ন নং (১৪-২১)	
		গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর	গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর
পূর্ব মেদিনীপুর	কন্টাই-৩	দুরমুঠ	১৭০.৪৬	মারিশদা	৮৫.২২
পূর্ব মেদিনীপুর	দেশপ্রাণ	সারদা	১৫১.৬০	বামুনিয়া	৮৯.৩৭
পূর্ব মেদিনীপুর	এগরা-১	ছত্রী	১৬৫.৪৭	ছত্রী	৭৮.৪৭
পূর্ব মেদিনীপুর	এগরা-২	বিবেকানন্দ	১৬৩.২৭	বিবেকানন্দ	৮৪.১৭
পূর্ব মেদিনীপুর	হলদিয়া	দেভোগ	১৭২.৮৩	দেভোগ	৮৪.৩৯
পূর্ব মেদিনীপুর	খেজুরী-১	টিকাশী	১৭৯.১৫	হেড়িয়া	৯০.৭৩
পূর্ব মেদিনীপুর	খেজুরী-২	জনকা	১৬০.৪৬	জনকা	৮০.৭০
পূর্ব মেদিনীপুর	কোলাঘাট	বৈষ্ণবচক	১৬৭.০৮	বৈষ্ণবচক	৮৯.৭৮
পূর্ব মেদিনীপুর	মহিষাদল	অমৃতবেড়িয়া	১৬৬.৭২	সতীশ সামন্ত	৮৫.৫৩
পূর্ব মেদিনীপুর	ময়না	রামচক	১৭২.৭৪	রামচক	৮৮.২১
পূর্ব মেদিনীপুর	নন্দকুমার	কুমরআড়া	১৫২.৬৩	দক্ষিণ নারিকেলদা	৮২.৭৫
পূর্ব মেদিনীপুর	নন্দীগ্রাম-১	কেন্দামারী জলপাই	১৫২.২৫	মহম্মদপুর	৮৯.০৭
পূর্ব মেদিনীপুর	নন্দীগ্রাম-২	আমদাবাদ-২	১৮২.৮৩	আমদাবাদ-২	৯২.৫০
পূর্ব মেদিনীপুর	পাঁশকুড়া-১	মাইশোরা	১৫২.২৮	রঘুনাথবাড়ী	৮৭.৭৩
পূর্ব মেদিনীপুর	পটাশপুর-১	নৈপুর	১৬০.৫৪	নৈপুর	৯২.৯৭
পূর্ব মেদিনীপুর	পটাশপুর-২	পটাশপুর	১৭৩.৬৭	মথুরা	৯২.২৬
পূর্ব মেদিনীপুর	রামনগর-১	পদিমা-১	১৮২.৩৮	বসন্তপুর	৯০.১৬
পূর্ব মেদিনীপুর	রামনগর-২	দেপাল	১৪৯.৬৯	দেপাল	৭৫.০০
পূর্ব মেদিনীপুর	শহীদ মাতঙ্গিনী	রঘুনাথপুর-২	১৭০.৫৭	খারুই-২	৮২.৫৩
পূর্ব মেদিনীপুর	সুতাহাটা	আশদতলিয়া	১৫১.০১	আশদতলিয়া	৮৪.১০
পূর্ব মেদিনীপুর	তমলুক	পিপুলবেড়িয়া-১	১৬৬.৩৩	উত্তর সোনামুই	৯৪.০৩
পূর্ব মেদিনীপুর জেলার মধ্যে সর্বোচ্চ নম্বর		**আমদাবাদ-২ (নন্দীগ্রাম-২ ব্লক)**	**১৮২.৮৩**	**উত্তর সোনামুই (তমলুক ব্লক)**	**৯৪.০৩**
দক্ষিণ ২৪ পরগণা	বারুইপুর	রামনগর-১	১৭৫.৩৩	মল্লিকপুর	৮৮.৯০
দক্ষিণ ২৪ পরগণা	বাসন্তী	ঝড়খালি	১৭২.৭৭	ফুলমালঞ্চ	৯০.৬৩
দক্ষিণ ২৪ পরগণা	ভাঙ্গড়-১	প্রাণগঞ্জ	১৬৮.২৩	তাড়দা	৮৩.৮৩
দক্ষিণ ২৪ পরগণা	ভাঙ্গড়-২	চালতাবেড়িয়া	১৫৯.৮৭	বেঁওতা-২	৮৬.২৭

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২০০৭-০৮ আর্থিক বছরের কাজের ভিত্তিতে যে সমস্ত গ্রাম পঞ্চায়েত উৎসাহবর্ধক তহবিল পেয়েছে তাদের নামের তালিকা

জেলা	ব্লক	নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা প্রশ্ন নং (১-১৩)		সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার প্রশ্ন নং (১৪-২১)	
		গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর	গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর
দক্ষিণ ২৪ পরগণা	বিষ্ণুপুর-১	জুলপিয়া	১৪৫.০৫	জুলপিয়া	৭৯.৯০
দক্ষিণ ২৪ পরগণা	বিষ্ণুপুর-২	মৌখালি	১৫৪.৮৩	চক এনায়েতনগর	৮২.৫০
দক্ষিণ ২৪ পরগণা	বজবজ-১	নিশ্চিন্তপুর	১৬৩.০৭	রাজীবপুর	৭০.০০
দক্ষিণ ২৪ পরগণা	বজবজ-২	গাজাপোয়ালী	১৬৫.৭৫	গাজাপোয়ালী	৯১.১০
দক্ষিণ ২৪ পরগণা	ক্যানিং-১	দিঘিরপাড়	১৫১.৫৮	দিঘিরপাড়	৮৪.৩৭
দক্ষিণ ২৪ পরগণা	ক্যানিং-২	তাম্বুলদহ-২	১২৬.৯৫	তাম্বুলদহ-২	৭৯.৫০
দক্ষিণ ২৪ পরগণা	ডায়মন্ড হারবার-১	মশাট	১৫৩.৫০	দেয়ারক	৮৮.০০
দক্ষিণ ২৪ পরগণা	ডায়মন্ড হারবার-২	খোরদহ	১৩৯.৫০	খোরদহ	৮৪.৫০
দক্ষিণ ২৪ পরগণা	ফলতা	মল্লিকপুর	১৭৬.৪৫	দেবীপুর	৮৮.৮৭
দক্ষিণ ২৪ পরগণা	গোসাবা	পাঠানখালি	১৫৪.০৫	শম্ভুনগর	৭৭.৯০
দক্ষিণ ২৪ পরগণা	জয়নগর-১	দক্ষিণ বারাসাত	১৩৭.৮৭	দক্ষিণ বারাসাত	৬২.১৯
দক্ষিণ ২৪ পরগণা	জয়নগর-২	নলগোড়া	১৫০.২৭	নলগোড়া	৮১.৩৭
দক্ষিণ ২৪ পরগণা	কাকদ্বীপ	বাপুজী	১৫১.০০	স্বামী বিবেকানন্দ	৮৯.০৭
দক্ষিণ ২৪ পরগণা	কুলপী	কুলপী	১৮৯.২০	কুলপী	৯০.১৭
দক্ষিণ ২৪ পরগণা	কুলতলী	গুড়গুড়িয়া ভূবনেশ্বরী	১৩৯.৩৩	মৈপীঠ বৈকুণ্ঠপুর	৬৭.৩৭
দক্ষিণ ২৪ পরগণা	মগরাহাট-১	রঙ্গিলাবাদ	১৭৩.৪২	রঙ্গিলাবাদ	৯১.৯০
দক্ষিণ ২৪ পরগণা	মগরাহাট-২	মগরাহাট পশ্চিম	১৭০.২৭	মগরাহাট পশ্চিম	৯৫.৩৭
দক্ষিণ ২৪ পরগণা	মন্দিরবাজার	গাববেড়িয়া	১৬১.৯৭	গাববেড়িয়া	৮৩.২৩
দক্ষিণ ২৪ পরগণা	মথুরাপুর-১	আবাদ ভগবানপুর	১৬৪.৪৮	শঙ্করপুর	৮৯.০০
দক্ষিণ ২৪ পরগণা	মথুরাপুর-২	গিলেরছাট	১৬৯.৯৩	দিঘিরপাড় বকুলতলা	৮৫.৯০
দক্ষিণ ২৪ পরগণা	নামখানা	বুধাখালি	১৭২.৬৭	বুধাখালি	৮৯.১৩
দক্ষিণ ২৪ পরগণা	পাথরপ্রতিমা	পাথরপ্রতিমা	১৬৩.৩৭	পাথরপ্রতিমা	৮৭.৮৭
দক্ষিণ ২৪ পরগণা	সাগর	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
দক্ষিণ ২৪ পরগণা	সোনারপুর	বনহুগলী-১	১৪০.৮৫	প্রতাপনগর	৭২.৭৭
দক্ষিণ ২৪ পরগণা	ঠাকুরপুকুর মহেশতলা	আশুতি-১	১৬৬.৬০	রসপুঞ্জ	৮৪.৬৭
দক্ষিণ ২৪ পরগণা জেলার মধ্যে সর্বোচ্চ নম্বর		**কুলপী (কুলপী ব্লক)**	**১৮৯.২০**	**মগরাহাট পশ্চিম (মগরাহাট-২ ব্লক)**	**৯৫.৩৭**

গ্রাম পঞ্চায়েতের অবস্থানের স্বমূল্যায়ন প্রতিবেদন (২০০৮-০৯)

২০০৭-০৮ আর্থিক বছরের কাজের ভিত্তিতে যে সমস্ত গ্রাম পঞ্চায়েত উৎসাহবর্ধক তহবিল পেয়েছে তাদের নামের তালিকা

জেলা	ব্লক	নির্ভরযোগ্য ও সক্রিয় পরিচালন ব্যবস্থা প্রশ্ন নং (১-১৩)		সম্পদ সৃষ্টি ও তার সদ্ব্যবহার প্রশ্ন নং (১৪-২১)	
		গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর	গ্রাম পঞ্চায়েতের নাম	প্রাপ্ত নম্বর
উত্তর দিনাজপুর	চোপরা	চোপরা	১৫৩.৬৪	চোপরা	৮০.৪৭
উত্তর দিনাজপুর	গোয়ালপোখর-১	গোয়াগাঁও-২	১২২.৩৪	গোয়াগাঁও-২ ও সাহাপুর-১	৭৪.৯৬
উত্তর দিনাজপুর	গোয়ালপোখর-২	জমা পড়েনি	***	জমা পড়েনি	***
উত্তর দিনাজপুর	হেমতাবাদ	বাঙ্গালবাড়ি	১৪৪.৭২	বাঙ্গালবাড়ি	৭৯.৫৩
উত্তর দিনাজপুর	ইসলামপুর	মাটিকুন্ডা-১	১২৯.৪০	মাটিকুন্ডা-১	৬৯.৪৩
উত্তর দিনাজপুর	ইটাহার	মারনাই	১০১.৪৮	দুর্গাপুর	৫৩.১৪
উত্তর দিনাজপুর	কালিয়াগঞ্জ	অনন্তপুর	১৩২.১০	ধনকৈল	৭০.১০
উত্তর দিনাজপুর	করণদীঘি	ডালখোলা-১	১৪৪.৭৫	ডালখোলা-১	৭৪.০০
উত্তর দিনাজপুর	রায়গঞ্জ	মারাইকুড়া	১৬৪.৩৩	মহীপুর	৮২.৭০
উত্তর দিনাজপুর জেলার মধ্যে সর্বোচ্চ নম্বর		**মারাইকুড়া (রায়গঞ্জ ব্লক)**	**১৬৪.৩৩**	**মহীপুর (রায়গঞ্জ ব্লক)**	**৮২.৭০**
রাজ্যের মধ্যে সর্বোচ্চ নম্বর		**গলসী (গলসী-২ ব্লক, বর্ধমান জেলা), দিগনগর-১ (আউসগ্রাম-১ ব্লক, বর্ধমান জেলা)**	**১৯৬.০০**	**দিগনগর-১ (আউসগ্রাম-১ ব্লক, বর্ধমান জেলা)**	**১০০.০০**

উৎসাহবর্ধক তহবিল পাওয়া গ্রাম পঞ্চায়েতের নামের তালিকা বাঁকুড়া, কুচবিহার, হুগলী, হাওড়া, জলপাইগুড়ি, উত্তর ২৪ পরগণা ও পুরুলিয়া জেলা পরিষদ এবং শিলিগুড়ি মহকুমা পরিষদ থেকে পাওয়া যায়নি।